ইতি দ্রোণপর্ব্ব সমাপ্ত লিখিতং শ্রীশ্রীকান্ত মোহন দাষ বিশ্বাষ। পঠনার্থে শ্রীগোপালচন্দ্র দে সহর বিষ্ণুপুর মহনবেড়া সন ১১৪০ সাল তারিখ তিতারিখ ৩০ বৈসাখ। রোজ সনিবার। বেলা আড়াই প্রহর ওক্তে একাসি পত্রে সমাপ্ত। সকাব্দা ১৭৫৬ সতের সত ছাপান্ন।

1742. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KĀŚIRAM DASA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 3-40, 43-58, 63-65. Lines, 10 on a page. Incomplete. Place of find, Bankura.

Fol. 3 obv.

রাজপুত্রি রাজরানি অন্তঃখিতা জন্ম।
কিছুই না জানে কৃষ্ণা ত্রিলোকের কর্ণ ॥
পুষ্পমালা অলঙ্কার তব নাহি সহে।
পরাধিন কেমতে বঞ্চিবে পরগৃহে ॥

Fol. 27 rev.

কুরুসভা মধ্যে গেলে হইবে সাক্ষাত।
না জানি কী কহিবে পাণ্ডুকুল নাথ ॥
দ্রোপদী কহেন গাবি কুত্তগন নিলে।
অধর্ম্ম হইবে তুমি বসীয়া দেখিলে ॥
বিরাট নৃপতি মোর বড় উপকারী।
উপকা.....॥

Fol. 65 rev.

জেন কামরতি জেন চন্দ্রের রোহিনি।
তেন শোভা অভিমন্যে বিরাট নন্দিনি ॥
আনন্দে বিরাট রাজা কন্যা কৈলা দান।
অনেক যৌতুক দিল না হয় প্রমান ॥

1743. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½" × 5". Folia, 1-228. Lines, 10 on a page. Date, 1099 B. S. (1692 A. D.). Complete. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ ॥

বন্দোবিঘ্ন বিনাসন গৌরির নন্দন
গজানন দেবগন রাজে।
সভার প্রথমে ধাতা
তারে আগে পুজে ॥
বর্ত্তুল অঙ্গ বদন মাতঙ্গ
সুন্দর লম্ব উদর।

Fol. 7 obv.

এর নামে ভাব যদি হইবে তোমার।
তবে সে করিব বিভা কৈল অঙ্গিকার ॥
বাসুকি বলেন নাম ধরে জরৎকারি।
তোমার লাগিয়া জন্ম হইছে সুন্দরি ॥

Fol. 227 obv.

তস্যানুজ কমলাকান্ত কৃষ্ণদাস পিতা।
কৃষ্ণদাসানুজ গদাধর জ্যেষ্ঠ ভ্রাতা ॥
কাসিদাস কহে সাধুজনের চরণে।
হইবে নির্ম্মল জ্ঞান শুন একমনে ॥

End:

পুণ্য কথা ভারথের শুনে পুণ্যবান।
সংসারে নাহিক সুখ ইহার সমান ॥
মহাভারথ ২ আদেশ করিল।
কাসিদাস বলে পুস্তক সংপুর্ণ হইল ॥

Colophon:

ইতি আদিপর্ব্ব সমাপ্ত—যথাদৃষ্টমিত্যাদি। লিখিতং শ্রীবাসবিহারি.....। সাং বিরসিংহা শ্রীবৃন্দাবন পাল দাঃ পাত্রসাএর গ্রাম ॥

1745. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½" × 5½". Folia, 1-300, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1108 B.S. (?) (1701 A.D.). Complete. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীকৃষ্ণ। অথ আদিপর্ব্ব লিখ্যতে।

নদনদিগনে জেন সাশীত সাগর।
সকল পুরানতত্ত্ব ভারত ভিতর ॥
অনেক কটোর তপে ব্যাস মহামুনি।
রচিল বিচিত্র গ্রন্থ ভারথ কাহিনি ॥

Fol. 41 rev.

.....তিনসুত।
বৃহস্পতি বিরিঞ্চি আর উতথ অদ্ভুত ॥
পৌলস্ত মুনির বংশ বিক্ষাত সংসারে।
বিশ্বশ্রবা পুত্র তার সব গুন ধরে ॥
দানব প্রধান বিপ্র তেজে মহাতেজা।
জরাসিন্ধু নাম তৈল মগধের রাজা ॥

Fol. 298 obv.

সকজনে বলে তবে চাহি পুত্রগনে।
এই গর্ত্তে প্রবেস করহ সর্জ্জনে॥
প্রচণ্ড আনল আইসে পর্ব্বত আকার।
আর কোন উপাএত নাহিক নিস্তার॥

Colophon : (Fol. 300 obv.)

লিখিতং শ্রীরামমোহন দাস ১০৭৮ সাল তারিখ ১২ মাঘ।

1746. মহাভারত—বনপর্ব্ব।

MAHĀBHĀRATA—BANAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½" × 4½". Folia, 4-163. Lines, 9 on a page. Incomplete. Place of find, Bankura.

Fol. 4 obv.

দ্বিজগন চলিলা জদি আমার সংহতি।
কেমতে ভরন হবে কহ মহামতি॥
কেনেকে চিন্তিয়া কহে ধোমা তপোধন।
ভয় তেজি কর রাজা সূর্য্যের সেবন॥

Fol. 46 obv.

শুনিআ তাহার বাকা আইস শীঘ্রগতি।
করহ উপায় জেই মনে লয় সতি॥
এত শুনি দময়ন্তি অশ্রুপূর্ণমুখী।
কহিল সকল কথা জননিরে ডাকি॥

Fol. 163 obv.

শুন পুত্র ধর্ম্মেতে ধার্ম্মিক বলবন্ত।
অতি অল্পদিনে তব দুঃখ হবে অন্ত॥
ধয়াসিল বধবন্ত ক্ষেমালঙ্কাধির।
জানি রাজপুত্র সব গুণেতে গভির॥

1748. মহাভারত—সভাপর্ব্ব।

MAHĀBHĀRATA—SABHĀPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14" × 5". Folia, 1-98. Lines, 9 on a page. Date, 1098 B. S. (1691 A. D.). Complete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥

সভাপর্ব্ব লীখতে। পিতা পরাসর ইত্যাদি।

কৃষ্ণ পার্থ অগ্রেতে জুড়ীআ দুই কর।
সবিনয় বাক্য বলে দানব ইশ্বর॥
সুদর্শন চক্র অনিবার তীনলোকে।
যেন চক্র হৈতে তুমি উদ্ধারিলে মোকে॥

Fol. 40 rev.

কোথায় দেখই সব গন্ধর্ব্ব কিন্নর।
কোথায় দেখিএ তনি সিরে মনিবর॥
কোথায় দেখএ অমরগণ নানা ক্রড়া করে।
রাক্ষশ দানব দত্য অনেক বিহরে॥

End.

প্রশান্ত স্থবির বনে পক্ষ সহদর।
মুহূর্ত্তেকে জিনিবারে পারে চরাচর॥
ধর্ম্মপাশে বন্দি আর মোরে বড় মানে।
তে কারনে না মারিল এই দুষ্টগনে॥

1749. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KASIRĀM DĀSA.

Substance, country-made yellow paper; size, $13\frac{1}{2}'' \times 4\frac{1}{2}''$. Folia, 88, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, fair. Date, 1208 B. S. (1801 A. D.). Complete. Place of find, Bankura.

Beg.

৭৬শ্রীশ্রীরাধাকৃষ্ণ।
অথ বিরাটপর্ব্ব লিখ্যতে।

জন্মেজয় বলে কহ শুনি তপোধন।
দুর্য্যোধন ভএ পুত্রে পিতামহগন॥
বিরাট নগর মধ্যে রহিলা অজ্ঞাতে।
কোন বেসে রহিলা বঞ্চিলা কোনমতে॥

Fol. 60 obv.

পার্থ বলিল তবে বিরাট-নন্দনে।
জথাএ আছএ সৈন্য বেড়িয়া গোধনে॥
এইস্থানে উত্তর ক্ষেনেক রাখ রথ।
ভাঙ্গি সন্ত পাটোআর করি দিব পথ॥

End:

বিরাটপর্ব্বের কথা কহি সভা আগে।
বিস্তার করিয়া কর উদজোগে॥
মহাভারথের কথা অমৃত লহরি।
কাহার সকতি ইহা বর্নিবারে পারি॥

Colophon:

ইতি বিরাটপর্ব্ব সমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীজনার্দ্দন সরকার সাঃ পাড়ুয়া পুস্তকমিদং পাঠক শ্রীশিব নাথ তন্তুবাএর সাঃ গোপীনাথপুর ইতি সন ১২০৮ সাল তাং ১২ আগন রোজ শুক্রবারে বেলা দস দণ্ডে সমাপ্ত মোঃ মিঠেরতলার চৌপাড়ি ইতি—

1750. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KASIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{2}'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-97. Lines, 9 on a page. Date, 1258 B. S. (1851 A. D.). Handwriting, fair. Complete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীকৃষ্ণ।

অথো বিরাটপর্ব্ব লিখ্যতে। নারায়ণং নমস্কৃত্য ইত্যাদি।

জন্মেজয় বৈল কহ শুনি তপোধন।
দুর্য্যোধন ভয়ে পুত্রে পিতামোহগন॥
বিরাট নগর মোর্দ্ধে রহিল অজ্ঞাতে।
কোন বেসে বৎসরেক দ্রৌপদি সহিতে॥

Fol. 60 obv.

অনুক্ষন কহয়ে পাণ্ডব গুনাগুন।
অনুক্ষন নিকটেতে দেখয়ে অর্জ্জুন॥
ত্রিয়োদস বৎসর করিয়া গেল পন।
ইথি মোর্দ্ধে দেখা তারা দিবে কি কারন॥

End :

মহাভারথের কথা অমৃত লহরি।
কাহার সকতি তাহা বর্ণিবারে পারি॥
পাণ্ডবের উদয় শুনএ জেই জন।
সর্ব্ব দুখে তরে সেই ব্যাসের বচন॥
সেই কথা কহি আমি পাচালির মত।
এত দূরে বিরাটপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon :

যথাদৃষ্টমিত্যাদি। লিখিতং শ্রীকৃষ্ণমোহন সরকার। সাং পড়বাই পুস্তক শ্রীআনন্দ—ষ্ট সাং পাত্রগাতি। সন ১২৫৮ সাল তা° ২৯ আশ্বিন।

1751. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KAŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 1-155. Lines, 10 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীকৃষ্ণ। নম গনেসায়।

বিঘ্নবিনাসন গৌরির নন্দন
বন্দো দেবগনরাজে।
ব্রত জজ্ঞ হোম সভার প্রথম
ধাতা আগে জারে পুজে॥

Fol. 100 rev.

দুর্গন্ধে তাহার নিকট কেহো নাঞী যায়।
দেখিয়া ধিবর রাজ। চিন্তিল উপায়॥

১৫৮

জমুনার জলে পথ গহন কানন।
সেই পথে নিত্য পার হয়ে মুনিগন॥
কন্যারে বলিল তুমি থাক এই স্থানে
ধর্ম্ম অর্থে পার করহ মুনিগনে॥

Fol. 155 rev.

পুর্ব্বেতে হইল রাজা পাণ্ডু মহাসয়।
বিধিমতে আছে রাজপুত্র রাজা হয়॥
বিশেষে রাজার যোগ্য হয় জুধিষ্টির।
সত্যবাদি জিতেন্দ্রিয় সুবুদ্ধি গভির।
চল সভে জাই প্রজা আছিয়ে জতেক।
জুধিষ্টির .....॥

1752. মহাভারত—বৃহৎ ভীষ্মপর্ব্ব।

MAHĀBHĀRATA—BṚHAT-BHĪṢMAPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13¼″×5″. Folia, 1-125, 127-176. Lines, 8 on a page. Date, 1267 B. S. (1850 A. D.) Handwriting, good. Incomplete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীকৃষ্ণ। অথ বৃহদ্ভিষ্মপর্ব্ব লিক্ষতে।
জন্মেজয় জিজ্ঞাসিল মুনির বদনে।
কহ মহামুনি শুনী পুর্ব্বের কথনে॥
জুদ্ধের উদ্যোগ কৈল পিতামহগন।
দুই পক্ষে সন্নাটী দিলা নারায়ণ॥

Fol. 125 obv.

অতএব ভয় চিত্তে হএছে মুরারি॥

এত যুনি কহিলেন দেব নারায়ন।
জানিয়া না জান তুমি ইহার বিধান॥
অগ্নিকে দেখিয়া জেন পতঙ্গের মন।
হর্ষ চিত্তে পড়ে গিয়া করিতে ভক্ষণ॥

End:

ভারথশ্রবণে হয় জ্ঞানের উদয়।
হরিভক্তী হয় লোক অন্তে শর্গ পায়॥
ইহার শ্রবণে কেহ না করিহ হেলা।
কলিভব তরিবারে এই মাত্র ভেলা॥
কাসিরাম দাশ কহে ব্যাশের কৃপায়।
হরি ২ বল সভে পর্ব্ব হইল সায়॥

Colophon:

যথাদৃষ্টমিত্যাদি। লিখক শ্রীমহেশ চন্দ্র মুখোপাধ্যায় আর মাধব চন্দ্র মুখোপাধ্যায় আর রামচন্দ্র মুখোপাধ্যায় সন ১২৬৭ সাল তারিখ ২১ আশ্বিন বেলা ৩। সাড়ে তিন প্রহর সময় সমাপ্ত হইল। পাটক শ্রীমাধব চন্দ্র সঁ তাঁতি॥

1753. মহাভারত—ভীষ্মপর্ব্ব।

MAHĀBHĀRATA—BHĪṢMAPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13¾″ × 4¾″. Folia, 1, 1-141. Lines, 9 on a page. Date, 1258 B. S. (1851 A.D.). Hand-writing, good. Complete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীরাধাকৃষ্ণ। অথ ভিষ্মপর্ব্ব॥ নারায়নং ইত্যাদি
জন্মেজয় জিজ্ঞাসিল মুনির সদনে।
কহ মুনিবর শুনি পুর্ব্বের কথনে॥

জুদ্ধের উজোগ করি পিতামহগণ।
দুই পক্ষে সন্ন বাটী দিলা নারায়ণ॥

Fol. 100 rev.

.....কার বোলে॥
জয়দ্রতে পাঠাইলে দ্রোপদি হরনে।
কার বোলে পঞ্চ ভাই পাঠাইলে বনে।
কে তোমা কহিল কৃষ্ণা সভায় আনিতে।
কে দিলেক জুক্তি তোরে বিবস্ত্র করিতে।
কেবা পাঠাইল বনে সসিস্তে দুর্ব্বাসা।
কি বুঝিয়া আপ্ত ইচ্ছা কহিস দুর্ভ্যাগা॥

Fol. 140 rev.

ইহার শ্রবণে কেহ না করিহ হেলা।
কলি ভব তরিবারে এই মাত্র ভেলা॥
কাসিরাম দাস কহে ব্যাসের কৃপায়।
হরি হরি বল ভিষ্মপর্ব্ব হৈল সায়॥

ইতি শ্রীমহাভারথে পয়ারছন্দে কাসিদাসবিরচিতং শঞ্চম ভিষ্মপর্ব্ব সমাপ্তশ্চায়ং।

Fol. 141 obv.

যথাদৃষ্টমিত্যাদি পাঠক জেলা বাকুড়া চৌকি শোনামুখি শামিলশয় পাত্রশাএর নিবাসি শ্রীযুক্ত শম্ভুনাথ হাল্দার সন ১২৫৮ বার সত আটান্ন সাল তারিখ ২৭ অঘ্যাহয়ন সমাপ্ত।

1754. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 2-3, 48-55. Lines, 11 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 obv.

.....ধ কৈল অসেস প্রকারে ॥
আপদ্ কালেতে রাজা অধৈর্য্য না হই।
ধর্য্য হৈলে রিপুগনে হইবে বিজই ॥
বড় ২ রাজা সব বিপদে পড়িয়া।
পুনরপি কার্য্য সাধে মন্ত্রনা করিয়া ॥

Fol. 49 rev.

আজি হইতে পিতা মোর সত্য অঙ্গিকার।
স্থবির তেজিব আমি করি অনাহার ॥
এত বলি দেবজানি করেন ক্রন্দন।
প্রবোধিআ শুক্র বলে মধুর বচন ॥
কন্যা প্রবোধিআ শুক্র ভাবিল অন্তরে।
ধ্যানে দেখিল কচ আছে আপন স্থবিরে ॥
শুক্র বলে কহ যত নিজ বিবরন।
মোর উদরে আইলা..... ॥

Fol. 55 rev.

.....শুন জজাতি নৃপমনি।
সেই দেবজানি হয় আমার নন্দিনি ॥
ইৎসাবরি হইল কন্যা বিভাকর তুমি।
হস্তে ধরি দিব তবে কন্যার তাত আমি ॥
রাজা বলে ধর্ম্মাধর্ম্ম জানহ আপনে।
ক্ষেত্রি হইআ বিপ্রকন্যা বরিব কেমনে ॥

1755. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 16″ × 5½″. Folia, 1-41, marked by two sets of figures. Lines, 12 on a page. Handwriting, good. Complete. Place of find, Bankura.

Beg.

বেদশাস্ত্র ইত্যাদি
জন্মেজয় বৈল কহ মুনি তপোধন।
দুর্য্যোধন ভএ পুর্ব্বে পিতামহগন ॥
বিরাট নগরমধ্যে রহিল অজ্ঞাতে।
.....বৎসরেক বঞ্চিলা কেমতে ॥

Fol. 17 rev.

মহাবল ভিমসেন ভিম পরাক্রম।
রনস্থল মধ্যে জেন জুগান্তের জম ॥
ধরিয়া কুঞ্জরসুণ্ডে মুণ্ডে বুলাইয়া।
মারিল কুঞ্জর বৃন্দ প্রহার করিয়া ॥
রথধ্বজ ধরিয়া প্রহারে রথিপরে।
সহস্র ২ রথ ভাঙ্গে একবারে ॥
অশ্বপুছে ধরি প্রহারে অশ্বগনে।
পদাতি ২ মারে ধরিয়া চরনে ॥
তাহারে ধরিয়া মারে যে পড়ে সমুখে।
রথ অস্ব কুঞ্জর পড়িল লাখে ২ ॥

End:

পাণ্ডবের উদয় শুনএ জেইজন।
সর্ব্ব দুখে তরে সেই ব্যাসের বচন ॥
সবাঞ্ছিত ফল লভে কহিলেন ব্যাস।
হরিপদে ভক্তি হয় জ্ঞানের প্রকাস ॥
সেই কথা কহি আমি পাঁচালির মত।
এতদুরে বিরাটপর্ব্ব হইল সমাপ্ত ॥

Colophon :

ইতি বিরাটপর্ব্ব সমাপ্ত এবং লাচাড়ি সাঞ্চিতিস পুস্তক লিখিল প্রতি ছন্দ অনুসারে॥ লিখনের নাঞি দোস এইত বিচারি। কদাচিত তায় জদি হয় ভুল ভ্রান্তি। ভিমের সমরে ভঙ্গ মুনি ভ্রমে মতি॥ সসির সন্তান তাহে অমর মিলন। এতদুরে এই পুথি হইল লিখন॥

1756. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 17″ × 5¾″. Folia, 1-185, 187-194, marked by two sets of figures. Lines, 12 on a page. Date, 1108 B. S. (1701 A.D.). Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥
আদিপর্ব্ব লিক্ষতে॥ পিতা পরাসর ইত্যাদি।
বিঘ্নবিনাসন গৌরির নন্দন
বন্দ দেব গনরাজে।
ব্রত যজ্ঞ হোমে সভার প্রথমে
যাতা জারে অগ্রে পুজে॥

Fol. 10 obv.

কোটী কাম সম স্যাম বদনপঙ্কজ।
মনোহর ওষ্ঠাধর গরুড় অগ্রজ॥
নাসাতুল তিলফুল শুকচঞ্চু জিনি।
পদ্মচক্ষু যুগ্যপক্ষ নটর নাচনি॥
পুষ্পচাপ হরে দাপ ভ্রুভঙ্গভঙ্গিমা।
ভালে প্রতি দিননাথ জবা সুরঙ্গমা॥

End :

কাসিরাম দাস সর্জ্জনের চরনে।
হইব নির্ম্মল জ্ঞান করহ শ্রবনে॥
সুবুদ্ধি রসিক শুনে সুধা সিন্ধুমত।
এতদুরে আদিপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon :

যথাদৃষ্টমিত্যাদি। ইতি সন ১১০৮ সাল পুস্তক লিখিতং শ্রীজনার্দ্দন দাস সাকীম চক্রদহ পাঠক শ্রীহরিপ্রসাদ..... সাকীম পাত্রসাএর। ইতি তারিখ ৯ কার্ত্তিক রবিবারে বেলা ডেড় প্রহরে সমাপ্ত। মোকাম গোপীনাথপুরে মিঠির তলার কীর্ত্তন মেলাতে। এ পুস্তক জে হরিবেক তাহাকে গোব্রাহ্মনবধ লাগিবেক।

1758. মহাভারত—সভাপর্ব্ব।

MAHĀBHĀRATA—SABHĀPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 2-4, 6-8, 11, 13-15, 18, 19, 21-28, 30-32, 36-55, 57-83, 86-97. Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Fol. 2 obv.

এ বিধি অনেক দ্বিজ না জায় লিখন।
সহাবাদি জিতিন্দ্রিয় ব্রতি তপোধন॥
যুধিষ্ঠির সভাতে থাকেন অহর্নিসি।
পুরান প্রস্তাব ধর্ম্ম নানা কথা ভাসি॥

Fol. 32 rev.

কিছুমাত্র কহি রাজা শুন সাবধান॥

কপিধ্বজ রথে পার্থ করি আরোহন।
দয় নামে সারথি চালায় অশ্বগন ॥
জতেক পর্ব্বতপৃষ্ঠে রাজাগন বৈসে।
তথা নিমন্ত্রিতে গেলা পর্ব্বত কৈলাসে ॥

Fol. 97 rev.

জতেক করিলে সব আমার কারন।
নিকট দেখিএ হবে আমার মরন ॥
জতেক জজ্ঞে দুষ্টত্বয় হইআছে উতপত্তি।
আমার মরনহেতু সুবিদিত খিতি ॥
সেদিন হইতে ভয় হৈয়াছে আমার।
দন্দ হৈতে কৌরবের হইবে সংহার ॥

1759. মহাভারত—অশ্বমেধপর্ব্ব।

MAHĀBHĀRATA—AŚVAMEDHA-PARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 4½″. Folia, 9-16, 18-110. Lines, 10 on a page. Incomplete. Place of find, Bankura.

Fol. 9 obv.

সংগ্রাম জিনিতে নারিবে বির বৃকদর।
ভিম হইতে কার্জ্জ সিদ্ধ নহে বিরোত্তম ॥
মহাপাপ করে ভিম সর্ব্বলোকে জানে।
কামে মত্ত হঞা সঙ্গ রাক্ষসীর সনে ॥

Fol. 82 rev.

.....র ক্রন্দন।
প্রতিকার ইহাতে করিব নারায়ন ॥

এ কর্ম্ম অন্যের সাধ্য নাহি কদাচিত।
ভকতবৎসল প্রভু আনিব ত্বরিত ॥
এত বলি প্রবোধিল বির বভ্রুবানে।
চৌদিগে বেড়িআ শত্তে রহিল অর্জ্জুনে ॥

Fol. 110 rev.

ব্যাসের বচনে রাজা ভিমকে পাঠাল।
আজ্ঞা পাঞা ভিমসেন স্নান আচরিল ॥
খড়্গহস্ত হয়া ভিম বসিল সেখানে।
অশ্ব আনিলেন পার্থ পরম জতনে ॥

1760. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 4½″. Folia, 2-97, marked by two sets of figures. Lines, 9 on a page. Incomplete. Handwriting, good. Place of find, Bankura. Worm-eaten and much injured.

Fol. 2 rev.

এত বলি সান্ত করি দুঁসল রাজনে।
আসিস করিয়া গেল জত দ্বিজগনে ॥
তবে ধর্ম্মরাজ সহ ভাত্রিগন লয়া।
ক্রোস এক পথ গেলা অন্তর হইয়া ॥
জিজ্ঞাসিল যুধিষ্ঠীর ভাতৃগন প্রতি।
কোথায় অজ্ঞাত হয়া করিবে বসতি ॥

Fol. 25 rev.

বর্জ্জের সমান তব চরন প্রহার।
বড় ভাগ্যে প্রানরক্ষা পাইল আমার ॥

কমল অধিক মোর কোমল শরির।
বেদনায় প্রান মোর হইছে বাহির॥
মনদুখে কেমনে পাইবে রতি সুখ।
এত শুনি পুন্থ কহে কিচক মুরখ॥
ক্ষেমহ সে সব দুখ না করিহ মনে।
প্রসন্ন হইয়া মোরে কহ বরাননে॥

Fol. 97 rev.

.....ভয়ে জেন হরিনি পালায়।
এই মুখে পাবি নিতে এস্থাছ এথায়॥
অর্জ্জুনের এতেক কর্কস বাক্য শুনি।
ক্রোধে নেউটিল দুর্জ্যোধন নৃপমুনি॥
পুচ্ছে বাড়ি মারিলে জেন নেয়োটে ভূজঙ্গ।
অঙ্কুসের ঘায়ে জেন নেউটে মাতঙ্গ॥

1763. মহাভারত—অশ্বমেধপর্ব্ব।

MAHĀBHĀRATA—AŚVAMEDHA-PARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½"×4½". Folia, 1-14, 16-36, 39-43, etc. Handwriting, good. Incomplete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীরাধারুষ্ণ পিতা পরাসরো ইত্যাদি—

জন্মেজয় বলে কহ মুনি তপোধন।
কোন কোন কর্ম্ম কৈল পিতামহগন॥
পঞ্চ ভাই যুধিষ্ঠির হস্তিনা নগরে।
কি কর্ম্ম করিল তবে কহ মুনিবরে॥

Fol. 21 rev.

দারুক সাজায়া রথ আনিলা সত্বর।
সুভক্ষনে চড়ি কৃষ্ণ রথের উপর॥
কৃষ্ণের চরিত্র কর্ম্ম কে বুঝিতে পারে।
তেলিনি মালিনী জার লইয়া পসারে॥
গোপীগন সঙ্গে চলে পসার লইয়া।
হস্তিনা চলিলা হরি হরসিত হয়া॥

End:

ভারথ শ্রবনে জত সুখ লভে নর।
এতাদৃসি সুখ নাহি স্বর্গের উপর॥
মহাভারথের কথা অমৃত সমান।
এক চিত্ত হয়া ইহা শুনে ভাগ্যবান॥
এতদুরে সাঙ্গ হৈল অশ্বমেধ পর্ব্বে।
আশ্রমিক পর্ব্ব অতপ্পর শুন সর্ব্বে॥
আশ্রমিক পর্ব্বের কথা অমৃত বচন।
কাসিরাম দাস কহে শুনে সাধুজন॥

Colophon:

অশ্বমেধ পর্ব্ব সংপূর্ন॥ লিখিতং শ্রীবৈদ্যনাথ সরকার পুস্তক মিদং শ্রীআনন্দ ভাতি॥

1765. মহাভারত—বৃহৎ ভীষ্মপর্ব্ব।

MAHĀBHĀRATA—BṚHAT-BHĪṢMAPARVA.

BY

KĀSIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 12½" × 4½". Folia, 1, 7-22, 24, 26-35, etc. Lines, 9 on a page. Handwriting, very good. Incomplete. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীরামকৃষ্ণ জয়তি॥ নমো বেদব্যাস, ইত্যাদি—

প্রনমোহ গনপতি বিঘ্ন বিনাসন।
সব দেব প্রথমেতে জাহার পুজন॥
জার কৃপালেস হৈতে বক্তা মুনীগণ।
অপার মহিমা জার কে করে বর্ন্নি॥

Fol. 27 rev.

.....শোভা নাহি পায়।
তে কারনে সীগ্রগতি দেহ কুরুরায়॥
শুনী রাজা দুর্য্যোধন বহুত হাসীয়া।
পীর হৈতে মোকুট লইলা উঠাইয়া॥
মোকুট লইয়া লীলা অর্জুনের হাথে।
বিদায় মাগীয়া পার্থ চলিলা ত্বরিতে॥
জাইতে গোবিন্দ বলি ডাকে পার্থবির।
শুনীয়া আনন্দ চিত্তে বলে জদুবির॥

End:

শুনীআ ত অন্ধরাজ বিসাদ ভাবিল।
জেইতাত বলি রাজা বোহুত কান্দিল॥
আর দিন প্রাতে উঠি কুরু পাণ্ডুগণ।
সত্বরে বেড়িলা আসী ভিষ্মের সদন॥
দেবরাজে বেড়ি জেমন দেবগণ।
তেনমতে ভিষ্মকে বেড়িলা সর্ব্বজন॥
অস্ত্রাঘাতে বিকলিত ভিষ্ম মহাশয়।
দুশায় আকুল হয়া চিন্তিলা বিস্তর॥

1766. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper, yellow; size, 13½" × 4½". Folia, 1-81, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1151 B. S. (1744 A. D.). Handwriting, good. Complete. Place of find, Bankura.

Beg.

হথো বিরাটপর্ব্ব লিক্ষতে।

জন্মেজয় বলে কহ মুনি তপোধন।
দুর্য্যোধন আদ্য পুর্ব্ব পিতামহোগন॥
বিরাট নগর মধ্যে রহিল জজ্ঞাতে।
কোন বেসে বৎসরেক রহিল জজ্ঞাতে॥

Fol. 38 rev.

এতেক বিচার করে জত কুরুগন।
নির্ণয় করিতে না পারিল কোনজন॥
পাসায় উত্তর ধনঞ্জয় তার পাছে।
রহ২ বলিআ জর্জুন বির ডাকে॥
আতুর হইআ উত্তর বলে গদগদে।
নামাক্ষির বিহ্বলা পড়ি তব পদে॥

End:

মহাভারথের কথা জমৃত সমান।
বিরাটপর্ব্বের কথা হইল সমাধান॥
দেবাদ্বিজ গুরুপদে করিয়া ভাবনা।
কাসিরাম দাস কহে জমৃত বচনা॥

Colophon :

ইতি মহাভারথ বিরাটপর্ব্ব সমাপ্ত। এক দুই অক্ষর যদি থাকে পুস্তকে। যুড়িঞা পড়িবে দোস না দিবে রামারে॥ লিখিতং শ্রীকৃষ্ণচরণ দত্ত সোদার, সাকিম রাণুয়াড়া ইতি সমাপ্ত। সন ১১৫১, এগার সত একায় সাল তারিখ, ১৩ আশ্বিন, বেলা দুতিয় পহরে সমাপ্ত হইল। হাল সাকিম মোজে কন্যাপুর থাকীঞা পাঠক শ্রী.....

1772. মহাভারত—দ্রোণপর্ব্ব।

MAHĀBHĀRATA—DROṆAPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 1-58. Lines, 10 on a page. Date, 1213 B. S. (1806 A. D.). Handwriting, good. Complete. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীকৃষ্ণ॥ অথো দ্রোনপর্ব্ব লিক্ষতে॥

মুনি বলে সুন পরিক্ষিতের তনয়।
সমরে পড়িলা জদি দ্বিজ মহাশয়॥
দস দিন জুদ্ধ করি মারি সেনাগনে।
আপন ইচ্ছায় ভিন্ন হইলা পতনে॥

Fol. 12 rev.

এই হেতু সভারে করিল পরাভব।
ভিম আদি পরাজিল যোদ্ধাগণ সব॥
হাথে ধনু ধরি বির করে মহা রন।
একা জয়দ্রথ সভা করিল বারন॥

End :

অনুক্ষণ ধ্যান করি একমনে ভাব হরি
রচিল ভারথ উপাক্ষান।
দ্রোণপর্ব্ব সুধারস বিরচিত কাসীদাস
এতদুরে হৈল সমাধান॥

Colophon :

ইতি দ্রোনপর্ব্ব পুস্তক সমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি। লিখিতং শ্রীগদাধর দাস, সাকিম কোটা, পাঠক শ্রীহরিপ্রসাদ দত্ত কবিরাজ, সাকিম কোটা। ইতি সন ১২১৩ সাল, তারিখ ২৭ ফাল্গুন, তিথি অমাবস্যা বার সোমবার।

1773. মহাভারত—স্বর্গারোহণ পর্ব্ব।

MAHĀBHĀRATA—SVARGĀROHAṆA PARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 2-13, 15-38 marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 obv.

বিসেসে বিদুর সোকে চিত্ত নহে স্থির।
বড়ই উন্মানা হৈলা রাজা যুধিষ্টির॥
কলিযুগ আগত দ্বাপর যুগ জায়।
মনে ২ যুগতি করিলা জদুরায়॥
চিন্তিয়া যাকুল হরি আপনার মনে।
মর্ত্তপুরি তেজিয়া জাইব নিজ স্থানে॥

Fol. 20 rev.

হাহা পার্থ বিরবর বুদ্ধিবল পাণ্ডবের
পর্ব্বতে পড়িলা কি কারনে।
সর্গপথ আরোহন না হইল বিলক্ষন
প্রান দিব তোমার বিহনে॥
মহাবির ধনঞ্জয় ত্রিভুবনে কৈল জয়
নররূপে বিষ্ণু অবতার।
একাদস রক্ষহিনি কৌরবের দল জিনি
মোরে দিল রাজ্য অধিকার॥

Fol. 38 rev.

....কৃষ্ণ ২ বলিতে পসিবে কৃষ্ণ দেহ।
কৃষ্ণের মুখের বাক্য না হয় সন্দেহ॥
পাচালি বলিয়া মনে না করিহ হেলা।
অনায়াসে পাপ নাসে গোবিন্দের ভেলা॥
পাণ্ডব বিজয় কথা সুধারস ভাণ্ড।
এতদুরে সাঙ্গ পাণ্ডবের সর্গকাণ্ড॥

1774. মহাভারত—দ্রোণপর্ব্ব।

MAHĀBHĀRATA—DRONAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″ × 5½″. Folia, 38-55, marked by two sets of figures. Lines, 8 on a page. Handwriting, bad. Incomplete. Place of find, Bankura.

Fol. 38 obv.

.....বলে জদি হল্যে কৃপাবান।
এক নিবেদন আমি করি তব স্থান॥

সভামধ্যে সিনি মোরে কৈল অপমান।
জতেক নৃপতিগন দেখে বিদ্যমান॥
অদ্যাবধি দহে অঙ্গ সেই অপমানে।
এই নিবেদন আমি করি তব স্থানে॥

Fol. 54 obv.

দিব্য রথে অলঙ্কৃত করে আরোহন।
ভিমের নন্দন করে বান বরিসন॥
তবে ঘটৎকচ বির গদা লয়্যা ধায়।
অস্বহয় রথ চুর্ন করিলেক দায়॥
লাফ দিয়া পলাইল.....।
পুনরুপী গদা হাথে ধাইল সত্বর॥
গদাযুদ্ধ করে দুহে ধরনি উপর।
গদার প্রহারে দুহে হইল জর্জ্জর॥

Fol. 55 rev.

.....বির নাহি সমান তাহার॥
ভিমের সমান বির ভিম পরাক্রম।
গদা হাথে ধায় জেন কালান্তক জম॥
হেনকালে রথে চড়ি পাণ্ডি রাজা আল্যা।
দুর্য্যোধন প্রতি তবে ডাক দিয়া বলিল॥
কী কারনে মহারাজা চিন্তা কর তুমি।
দেখ ঘটৎকচ আজি বিনাসিব আমি॥

1776. মহাভারত—উদ্যোগপর্ব্ব।

MAHĀBHĀRATA—UDYOGAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 1-44, marked by two sets of figures. Lines, 12 on a page. Handwriting, fair. Complete. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীদুর্গা। শ্রীউদ্যুগ পর্ব্ব॥

জন্মেজয় বলে মুনি সুন তপোধন।
সত্য হৈতে মুক্ত হৈল তাই পঞ্চজন॥
তদন্তরে কি করিল পিতামহোগন।
আপন বিভাগ রাজ্য পাবার কারন॥
কোন দূত পাঠাইলা হস্তিনা নগরে।
ধৃতরাষ্ট্র আদি দুর্য্যোধন বুঝাবারে॥

Fol. 11 obv.

বলি আগমন ইন্দ্র সুনিল শ্রবনে।
ডাকিয়া ত আজ্ঞা দিল সত দেবগনে॥
তবে ক্রোধে দেবরাজ সাজি সন্নচয়।
বলির সহিত রন করিল নিশ্চয়॥
অস্ত্র ২ দুইজনে সংগ্রামে প্রচণ্ড।
নানা অস্ত্র বৃষ্টি করে জেন জমদণ্ড॥
সেল শুল শক্তি আঠি মুষল মুদ্গর।
সত ২ মারে দোঁহে প্রলয় তোমর॥

End:

..... বিধাতা বিমুখ হৈল কৌরব সকলে।
আমিহ মিলিল গিয়া সেই দৈববলে॥
না ভাবহ দুখ মাতা জাহ নিজ স্থানে।
এত বলি দণ্ডবৎ করিল চরনে॥

Colophon:

ইতি মহাভারথের পঞ্চম পর্ব্ব উদ্যুগ পর্ব্ব সমাপ্ত। সুমাপ্তমস্তু॥ লিখিতং শ্রীবিশ্বনাথ মন্ডক সাকিম জিউই নাট জিউই পরগনে সাবিক.....জিলা বিরভোম সন ১২৪৬ পাল তারিখ ৩২ জেষ্টী রোজ বুধবার তিথি সপ্তমী ১৪।৩৪ পরে অষ্টমী বেলা আন্দাজি এক প্রহরের সময়ে সমাপ্ত হইল॥ হস্তি বিচলিত পাদেস্থ ভাবি চালিত সরস্বতি। ভীমস্থাপি রনে ভঙ্গ মুনিনাঞ্চ মতিভ্রম॥

1786. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 2-231, 233-239, marked by two sets of figures. Lines, 10 on a page. Handwriting, bad. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 obv.

.....দিপ্ত যুগল মিহির।
পদযুগে নত মুনি-সুর-ইন্দ্রসির॥
ভাগবথ ভারথ আদি জতেক পুরাণ।
জাহার কমলমুখে সভার বাখান॥
নিলায় বিবিধ বেদ কৈল চারি খান।
শুক জযু সাম আর অথর্ব্ব বিধান॥

Fol. 12 obv.

মুনিগন বলে সুন সুতের নন্দন।
সুনিল মথন লিলা অদ্ভুত কথন॥
অমর অসুর মেলি সমুদ্র মথিল।
দেবগন নিল জত রত্ন উপজিল॥

Fol. 239 obv.

আকুল হইয়া চারিজনা করে স্তুতি।
তুমি অগ্নিলোক পাল.....জন গতি॥
বালক অজাত পক্ষ আমী চারি শিশু।
তোমা বৈতে ত্রান না দেখি আর কীছু॥

1787. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KAŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 15″ × 5″. Folia, 1-81, 83-233, marked by two sets of figures. Lines, 10 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীকৃষ্ণ। শ্রীশ্রীবেদব্যাসায় নম॥
নারায়ণং নমস্কৃতং ইত্যাদি
কামোদ রাগ।
বিঘ্ন বিনাসন গৌরির নন্দন
গৌরিসুত গনরাজে।
অন্ন দান জত হোম আদী কত
ধাতা আগে জাবে পুজে॥
খর্ব্ব স্থুল অঙ্গ বদন মাতঙ্গ
সুন্দর লম্ব উদর।
চন্দনে চর্চ্চিল সৌরভে ব্যাবোল
গণ্ডে গুঞ্জরে ভ্রমর॥

Fol. 41 rev.

সৌতি বলে তবে পরিক্ষিতের নন্দন।
ডাকিয়া আনিল জত পাত্র মন্ত্রিগন॥
সভারে বলয়ে রাজা করিয়া বিলাপ।
নাঞী হৈল দুর মোর হিয়ার তাপ॥

Fol. 233 rev.

পৃথিবিতে জন্মে সেই বহু পুন্য কৈলে।
পীতৃরিনে চ্যুত হয় বংস না জন্মিলে॥
পৃথিবিতে পুত্রাপত্য যে জন না করে।
অন্তে তার পুত্রামক নরক ভিতরে॥

1811. মহাভারত—দ্রোণপর্ব্ব।

MAHĀBHĀRATA—DROṆAPARVA.

BY

KAŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 4½″. Folia, 1-80, marked by two sets of figures. Lines, 8 on a page. Date, 1139 B.S. (1732 A. D.). Handwriting, very bad. Complete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীহরি॥
তত্রাব গঙ্গা জমুনা চ ইত্যাদি
মুনি কহে শুন পরিক্ষিতের নন্দন।
সমরে পড়িল জবি তিন মহাসয়॥
দশ দিন যুদ্ধ করি মারি সেনাগন।
আপন ইৎসাঅ তিন হইলা পতন॥

Fol. 39 rev.

তবে ক্রোধে সাত্যকি [হ]ইল কম্পমান।
ভুবিস্রবার চর্ম্ম কাটি কৈল খান ২॥
সুদৃঢ় খড়্গ লআ দুহে করএ সমর।
খড়্গের প্রহারে দুহে হইল জর্জ্জর॥

End.

অষ্টক্ষন ধ্যান করি একমনে ভাবি হরি
রচিল ভারথ উপাক্ষান।
দ্রোনপর্ব্ব সুধারস শ্রবনে করুস নাস
এতদুরে হইল সমাধান।

Colophon :

ইতি শ্রীশ্রীমহাভারথের ব্যাসদেব রচিতং শ্রীশ্রী৺বিজয় দ্রোন। দ্রোনপর্ব্ব সমাপ্ত। ইতি সন ১১০৯ সাল বিতারিখ ২ পৌউস।

1823. মহাভারত—সভাপর্ব্ব।

MAHĀBHĀRATA—SABHĀPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made yellow paper; size, 14½" × 5". Folia, 1-91. Lines, 10 on a page. Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরামকৃষ্ণ।
নম গনেসায়। অথ সভাপর্ব্ব।
পিতা পরাসরো ইত্যাদি
বন্দো মহামুনি ব্যাস মুনির তিলক।
সুত সুক পরাসর যাহার জনক॥
বেদসাস্ত্র পরিনিষ্ট সুবুদ্ধি সুধির।
নীলপদ্ম আভা জিনি কোমল সরীর॥
কনক পিঙ্গল জটা দিব্য কেস সির।
প্রকাণ্ড সরির পরিধান ব্যাঘ্র চির॥

Fol. 50 rev.

এত শুনি রাজা সহদেবে আজ্ঞা কৈল।
অর্ঘ্যপাত্র লইয়া সম্মুখে দাণ্ডাইল॥
তবে জুধিষ্টীর জিজ্ঞাসিল পিতামহে।
কাহারে পুজিব আগে শ্রেষ্ট কারে কহে॥
ভিন্ন বৈল বিষ্ণি বংসে বিষ্ণু অবতার।
সর্ব্বে ইন্দ্র আদি দেবপুজা করে জার॥
সর্ব্ব আগে অর্ঘ্য দেহ চরণে তাহার।
রাজা তাহাগনে জেন সুর্য্যের আকার॥

Fol. 91 rev.

জজ্ঞসেনী দেবী জায় করিয়া রোদন।
আমার সকল প্রভূ জাইতেছে বন॥
সঘনে কম্পিত ভূমি দেখ নৃপমনি।
বিনা মেঘে গগনে শুনি যে ঘোর ধ্বনি॥
অপূর্ব্ব আসিল রাহু দেব দিবাকর।
উল্কাপাত নির্ঘাত শুনি নিরন্তর॥

1834. মহাভারত—বনপর্ব্ব।

MAHĀBHĀRATA—VANAPARVA.

BY

KAŚIRĀM DĀSA.

Substance, country-made yellow paper; size, 14½" × 5". Folia, 1-193, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, excellent. Date, 1256 B. S. (1849 A. D.). Complete. Place of find, Bankura.

Beg.

৭৺শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য॥ বনপর্ব্ব লিখ্যতে॥
জন্মেজয় মুনি বলে কহ মুনিবর।
পুরুপীঠামহ কথা অতি মনোহর॥

কপটেতে রাজ্য জিনি নিল দুর্য্যোধন।
বহু ক্লেশ করাইল বলি কুবচন।

Fol. 2 rev.

আমি যাহা কহি তাহা যদি না করিবে।
আমারে জন্তপি সত্য প্রেম কর সঙ্গে॥
পিতামহ ভীষ্ম মোর অন্ধ জেষ্ঠ পীতা।
মোর শোকে শোকাকুল কুন্তি মোর মাতা॥

End:

আদি সভা বনের জে করিয়া পাচালী।
যাহা শুনি সর্ব্বলোক ধন্য ২ বলি॥
পুর্ব্বে তেহো আরম্ভিয়াছিলা এই পুথি।
তারপর তাহার হইল সর্ব্বগতি॥
তাহার আসন্ন এই করিয়া রচন।
অতঃপর নপর্ব্ব হইল সমাধান॥

Colophon:

ইতি বনপর্ব্ব সংপূর্ণ। সন ১২৫৬ সাল। তারিখ ২৩ মাঘ।

1837. মহাভারত—গদাপর্ব্ব।

MAHĀBHĀRATA—GADĀPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 1-9. Lines, 12 on a page. Handwriting, fair. Date, 1170 B. S. (1763 A. D.). Complete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীহরি।

বেদশাস্ত্র পরিনিষ্টিত ইত্যাদি।

জন্মেজয় বলে কহ মুনি তপোধন।
তদন্তরে কী করিল পিতামহগন॥

রনে পরাভব হঞা কৌরবের পতি।
কিরূপে কোথায় স্থিতো করিলা বসতি॥
বৈসম্পায়ন কহে শুন রাজা জন্মেজয়।
রনে পরাভব হঞা কৌরব তনয়॥
দ্বৈপায়ন হ্রদে প্রবেসিলা দুর্য্যোধন।
অস্ত্রাঘাতে কাতর ব্যথিত হঞা মন॥

Fol. 3 obv.

মুনি বলে শুন পরিক্ষিতের নন্দন।
জেরূপে নিধন হইল রাজা দুর্য্যোধন॥
ভীমের বচন শুনি রাজা যুধিষ্ঠির।
ভাত্রি মিত্রী বন্ধু সহ আনন্দ সরির॥
জোথা আছে জল মন্ডে রাজা দুর্য্যোধন।
তথাকারে সব সঙ্গ করিল গমন॥
রাজাকে না পাঞা জত অসন্তোষ ছিলা।
সন্ধান পাইঞা সব সন্তোষ হইলা॥

End:

অমৃত সমান শুধা নিগুড় রতন।
শুনিলে শ্রবন সুখ বৈকুণ্ঠে গমন॥
শ্লোকছন্দে রচিল মহামুনি ব্যাস।
পাচালি প্রবন্ধে ইহা রচে কাসিদাস॥

Colophon:

ইতি গদাপর্ব্ব সমাপ্ত॥ যথাদৃষ্টমিত্যাদি স্বাক্ষর শ্রীগোবর্দ্ধন ঘোষ, সাঃ খড়দহা মোকুলচোড়া শ্রীযুত কৃষ্ণচরণ সাধুর বাড়িতে পুরুষারি ঘরের পিড়াতে বসা লিখিল রোজ রবিবার তারিখ ১৪ পৌষ অগ্রায়নে কৃষ্ণপক্ষে সন ১১৭০ সাল।

1843. মহাভারত—অশ্বমেধপর্ব্ব।

MAHĀBHĀRATA—AŚVAMEDHA-PARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″×4¾″. Folia, 1-12, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, bad. Incomplete. Place of find, Bankura.

Beg.

৭৮শ্রীশ্রীহরি।

অশ্বমেধপর্ব্ব লিক্ষতে। নারায়ণং নমস্কৃত্যং ইত্যাদি—

জন্মেজয় বলে তবে কহ তপোধন।
কোন কোন কর্ম্ম কৈলা পিতামহগন॥
পঞ্চ ভাই যুধিষ্টির সহ পরিবারে।
কি কর্ম্ম করিল তিহোঁ হস্তিনা নগরে॥

Fol. 5 rev.

কত ২ রাজা এই পৃথিবিতে ছিল।
তার অনন্তর কহ কত রাজা হইল॥
বাহুবলে পৃথি সব করিল শাসন।
দান যজ্ঞ করিলেন পায়্যা বহু ধন॥
সেই ধনে তল অগ্নি হ্রাস না হইব।
ইথে কেন ভয় কর ধর্ম্মের তনয়॥
পূর্ব্বে দেবাসুর জে আছিল দুই ভাই।
এ ধন ধরনি জত অসুরেতে পাই॥

Fol. 12 rev.

ভাগর শুদর মোর দেখ নারায়ন।
তোমার উদরে কৃষ্ণ সকল ভুবন॥
আমা সম কামাতুর না দেখিলে তুমি।
শোল শত অষ্ট হয় তোমার রমনি॥
তাহা লয়্যা কেলি তুমি কর দিবারাতি।
দৈবে হামি কামাতুর যুন জদুপতি॥

1846. মহাভারত—ঐষীকপর্ব্ব।

MAHĀBHĀRATA—AIṢĪKAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 11½″×4¾″. Folia, 1-4. Lines, 12 on a page. Date, 1197 B. S. (1790 A. D.). Handwriting, bad. Complete. Place of find, Bankura.

Beg.

৭৮ শ্রীশ্রীহরি।

ঐষিক পর্ব্ব লিক্ষতে।

মুনি বলে অবধানে শুন কুরুনাথ।
এই মত গৈল সব রজনি প্রভাত॥
গোবিন্দ সহিত পঞ্চ পাণ্ডুর কুমার।
একত্র বসিয়া সভে করেন বিচার॥

Fol. 2 rev.

জে কহিল ভিমসেন কর • পতি।
দেহএ উচিত ফল দ্রোনপুত্র প্রতি॥
ভিমের প্রতিজ্ঞা রাজা কর যে পালন।
পালাইয়া জায় পাছে দ্রোনের নন্দন॥

End:

ভারতের পুন্য কথা ব্যাসের বচন।
শ্রবনে অসেষ পাপ হইবে মোচন॥
কাশিরাম দাস কহে শুনে পুন্যবান।
ঐসিকপর্ব্ব কথা গৈল সমাধান॥

Colophon :

অথাদৃষ্টমিত্যাদি। ইতি সন ১১৯৭ সাল তারিখ ১৫ শ্রাবন।

1853. মহাভারত।

MAHĀBHĀRATA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 2-24, 27, 29-34, 47, 51, 53-86, 91-93, and 112-117, marked by two sets of figures. Lines, 10 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 9 obv.

.....গদ ২ ভাসে।
স্তুতি করে নারায়নে অসেষ বিসেষে॥
তুমি সুন্ন তুমি স্থল তুমী সর্ব্বরূপী।
ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর তুমি জগতব্যাপী॥
সাগর জঙ্গম আদি সিন্ধুনদিবর।
আকাস পাতাল ভূপ দেব নাগ নর॥

Fol. 47 obv.

অর্জুনের সখা কৃষ্ণ কমললোচন।
তাহারে মারিবে হেন আছে কোন জন॥
আমারে মারিবে পার্থ না জায় খণ্ডন।
কুরুক্ষেত্রে জখন হইবে ঘোর রন॥
এত বলি কর্ণ বির হাথে খড়্গ লয়্যা।
অঙ্গ কাটী কবজ দিলেক সুখী হয়া॥
কর্ণের সাহস দেখি কহে পুরন্দর।
তুষ্ট হয়্যা বৈল কর্ণ মাগি লহ বর॥

Fol. 117 rev.

দুইজন মিলি গেলা তোমা খুজিবারে।
এথা আইসে ধরিব বলিয়া গেল মোরে॥
এত সুনি মুষিকের উড়িল পরান।
অতি সিঘ্র পালাইয়া গেলা নিজ স্থান॥
হেনকালে নকুল আসিয়া উপনিত।
নোকুলে সৃগাল দেখি মহাক্রোধ চিত॥

1754. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 1-289 marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, good. Incomplete. Place of find, Bankura.

Beg.

রোথ আদিপর্ব্ব লিক্ষতে। নারায়ণং ইত্যাদি

বিঘ্ন বিনাসন গৌরিব নন্দন
বন্দ দেব গনরাজে।
ব্রত জজ্ঞ হোমে সভার প্রথমে
ধাতা যগ্রে আরে পুজে॥
খর্ব্ব স্থুল ঘ্রঙ্গ বদন মাতঙ্গ
সুন্দর, সে রসুদর।
চন্দনে চর্চ্চিত সৌরভে উন্মত্ত
ব্যালোল গণ্ডে ভ্রমর॥

Fol. 275 obv.

কুবের বন্ধন জম সিবের সদন।
জোথাএ বলিবে রথ লব এইক্ষন॥
কেবল না পারি আমি রথ ফিরাইতে।
কেমনে করাব যুদ্ধ.....সহীতে॥

Fol. 289 obv.

জলে হৈতে নাগকন্যা ধরিল অর্জুনে।
বলে ধরি লঞা গেলা আপন মন্দিরে॥
উত্তম আলয় তথা দেখে পার্থবির।
অগ্নিহোত্র জলে তথা.....॥

1871. মহাভারত—কর্ণপর্ব্ব।

MAHĀBHĀRATA—KARṆAPARVA.

BY

KASĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″ × 4¼″. Folia, 1-27 marked by two sets of figures. Lines, 10 on a page. Handwriting, fair. Date, 1120 B.S. (1713 A.D.). Complete. Place of find, Bankura.

Beg.

৭৮ শ্রীশ্রীরামকৃষ্ণ

ওং বেদসার ইত্যাদি অথ কর্ণপর্ব্ব লিখ্যতে।

প্রবিন পুরুস সব পড়িল সমরে।
দৈবের বিপাক হৈলে বিধাতা সংহারে॥
সব গুণে কর্ণবির আছে মহামতি।
সেনাপতি অভিসেক কৈল্য সিঘ্রগতি॥

Fol. 20 rev.

এত শুনি ক্রোধ হৈলা পার্থ ধনুর্দ্ধরে।
সহস্র ২ বান মারে একবারে॥
অর্জ্জুনের অন্তর জানিলা নারায়ন।
* * * *
দর্প চুর্ণ হেতু চিন্তিলা জগন্নাথে।
বিশ্বম্ভর মূর্ত্তি সার্থ হইলেন রথে॥

End:

প্রতিজ্ঞা করিল আমি সসাগরা পাইলো তুমি
সিদ্ধ হৈল মন অভিলাস।
ধর্ম্ম বলে তব জয় অধর্ম্মে হইল ক্ষয়
সবংসেতে রাজা দুর্য্যোধন।

Colophon:

লিখীতং শ্রীযুকলাল দত্ত সাকিম রাধানগর। মোকাম .....সন ১১২০ সন, তারিখ ২৬ জেষ্ঠ।

1873. মহাভারত—স্বর্গারোহণ পর্ব্ব।

MAHĀBHĀRATA—SVARGĀROHAṆA PARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 15″ × 5¼″. Folia, 1-45. Lines, 6 on a page. Handwriting, very bad. Incomplete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীকৃষ্ণজী

অথ সর্গ আরোহন পর্ব্ব লিক্ষতে।

বৈসম্পায়ন বলেন যুনহ জন্মেজয়।
গ্রীহের বাহির হৈল পাণ্ডুর তনয়॥
নিরবধি হরি বিনে অন্য নাহি জানে।
কোনরূপে পাইব পুন কৃষ্ণের মিলনে॥
অবস্য জাইব স্বর্গ দেখিব মুরারি।
এই যুক্তি মনে কৈল ধর্ম্ম অধিকারি॥

Fol. 10 rev.

তবে মেঘনাদ বলে শুন যুধিষ্টির।
পঞ্চ ভাই যুদ্ধ কর না হও অস্থির॥

যুদ্ধ না দিয়া কেন করহ গমন।
জাইতে না রিবে স্বর্গে যুদ্ধ রাজন॥
মোর সহ যুদ্ধ করি জদি পাও প্রান।
তবে পঞ্চ ভাই স্বর্গে করহ পয়ান॥
মো সমার হস্তে তব না দেখি নিস্তার।
বিনা যুদ্ধে ভাইবেক না জাবিহ আর॥

Fol. 45 rev.

ভগদত্ত বির দেখ রাজা জয়দ্রথে।
অভিমুন্যু ঘটৎকচ দেখহ সাক্ষাতে॥
সিসুপাল যুসর্ম্মা মগধ নরপতি।
একে ২ দেখহ সকল সেনাপতি॥
জেই ২ পড়িল আসিতে স্বর্গপথে।
চারি সহদর দেখ দ্রৌপদী সহিতে॥

1881. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″ × 4½″. Folia, 1-276, marked by two sets of figures. Lines, 8 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীরাধারুষ্ণ। শ্রীশ্রীবেদব্যাষায় নম॥

অথ আদীপর্ব্ব লিক্ষ্যতে। তত্রৈব গঙ্গাজমুনা চ ইত্যাদি

বেদ রামাএনে আর পুরান ভারথে।
আদ্য অন্ত মধ্যে সব হরিগুন গিতে॥
এ সকল বিচারিঞা কহি পুন পুন।
আদ্য অন্ত মধ্যে সব হরি গুনগান॥
সর্ব্ব সাস্ত্রবিজ হরিনাম দুঅক্ষর।
প্রনমহ পুস্তক ভারথ নাম ধর॥

Fol. 56 obv.

হেন সব জনে হিংসা কর কি কারন।
যুনিঞা কহীল রাজা যুদ্ধ নিবেদন॥
মানি অপরাধে পীতায় কৈল ভস্মরাশি।
পীত্র বৈরি মারিতে বাধক হইল আসি॥
এই হেতু অঙ্গে ক্রোধ সহীছে আমার।
নিজ দুখ নিবেদন সাক্ষাতে তোমার॥
ব্যাষ মুনি বলে ধন্য হয় নরপতী।
ক্রোধে কষ্ট নাষ হয় বিনাষে বিভূতি॥
ব্রাহ্মনেরে ক্রোধ রাজা কর অকারনে।
ভাবি কথা খণ্ডন না জায় কদাচনে॥
তোমার জনক জন্ম হইল জখন।
গনিঞা কহিল তত মাত্র বিজ্ঞজন॥

Fol. 276 rev.

খিরোদ মন্থনে পুষ্প হঞাছে উৎপত্তী।
একলা বিভাগ তুমী কর সচিপত্তী॥
দেহ পারিজাত পুষ্প মোর ভাগ আছে।
না দীলে যুদ্ধদে পুষ্প কৃষ্ণ পাবে পাছে॥
সংপ্রতী প্রথমে মাগিবে তপোধন।
না দীলে কহিবে তুমী আমার বচন॥

1892. মহাভারত।

MAHĀBHĀRATA

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″ × 5½″. Folia, 2-13, marked by two sets of figures. Lines, 11 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

দ্রোনাচার্য্য জিজ্ঞাসিঞ করিয়া বিশ্বাস।
শুন মুনি তাহাতে কহিল মিথ্যাভাষ।

কেমতে এসব পাপে হব পরিত্রাণ।
এ নহে খেতীর ধর্ম্ম মুনি মতিমান॥
ব্যাস বলিলেন রাজা দুঃখ ভাব কেনে।
খেত্রীর প্রতিজ্ঞা ধর্ম্ম বিদিত পুরানে॥
ভূবিরীর বলে শুন মুনি মহাসয়।
শুভাশুভ কর্ম্ম বিনি পাপ নহে ক্ষয়॥

Fol. 9 obv.

.....আছে যথা মনহর।
কেমতে আনিব ঘোড়া বড়ই দুষ্কর॥
ভিমের বচনে খুসি কন্যের নন্দন।
জোড় হাথে ভিমসেনে করে নিবেদন॥
রাজপুর মনহর অতি যুদুপাম।
কেমতে আনিব ঘোড়া বড়ই বিষম॥

Fol. 13 rev.

বাহুবলে ভিম তাকে তুলিলা উপরে।
ঝাড়াড়িয়া ফেলিলেন নৃপের কুমারে॥
নৃপতি নন্দন তারে ভয় না পাইল।
সিংহনাদ করি পুন গদা হাথে নিল॥
পুত্রের বিক্রম দেখি সুখি নরপতি।
ডাক দিয়া বলে রাজা আনন্দীত মতি॥

1893. মহাভারত—মুসলপর্ব্ব।

MAHĀBHĀRATA—MUṢALAPARVA

BY

KĀ[S]IRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14" × 5". Folia, 1-4, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, fair. Complete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীরাধাকৃষ্ণ

মৌসলপর্ব্ব লিখতে।

জয় পরাসর সুত জগতে বাখানি।
সত্তবতি উদরে জন্মিলা ব্যাস মুনি॥
বাক্যময় অমৃত নির্গতি জার মুখে।
জার কথা শ্রবনে তরিল তিনলোকে॥
সভাসনে বসিয়া নৃপতি জন্মেজয়।
জিজ্ঞাসিলা মুনিবরে করিয়া বিনয়॥

Fol. 3 obv.

ইহা শুনি ভাই সব দিলা হনুমতি।
রথ হারহন করি জায় দ্বারাবতি॥
কৃষ্ণ মাতা কৃষ্ণ পিতা কৃষ্ণ বন্ধু ভাই।
সেই মারে সেই পালে সংহারএ সেই॥
অতএব জাব আমি কৃষ্ণের সদনে।
এই জুক্তি নরপতি বিচারিল মনে॥
ভারথ পঙ্কজ কবি রচিলেন ব্যাস।
পাচালি প্রবন্ধে কহে কাসিরাম দাস॥

Fol. 4 rev.

কুবের বরুন তুমি বহ্নি রুদ্র জম।
তুমি জল স্থল তুমি হয় জে উত্তম॥
পক্ষ তিথি কারন জাদি কিট পক্ষ।
গন্ধর্ব্ব কিন্নর তুমি মাশ রিতু পক্ষ॥
উৎপতি প্রলয় তুমি ব্রহ্মা বিষ্টু শিব॥

1897. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″ × 5″. Folia, 15-56, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 15 obv.

জলন্ত অনলে যেন ঘৃত দিল ঢালি।
বিগর্হিত অপমান দেখিয়া পঞ্চালি॥
নয়নের কোনে অগ্নিকনা বাহিরায়।
দুপাটি দসন চাপি উঠিল সভায়॥
সমুখে আছিল গাছ আনিবারে যায়।
অনুমতি লইতে রাজার পানে চায়॥

Fol. 21 obv.

নগরের মুখ করি ধায় বায়ুবেগে।
পাছু ধায় ব্রকদর সিংহ যেন মৃগে॥
আরে২ দুরাচার সুত পুত্রগন।
মানুষ হইয়া কর গন্ধর্ব্বে চালন॥
এত বলি প্রহার করিল ঘরঘর।
এক প্রহারে সভারে পাটাল জমঘর॥
অশ্রুপূর্ণ মুখ কৃষ্ণা আছিলা বন্ধনে।
মুক্তকরি ব্রকদর কৈল আশ্বাসনে॥
ভিম বলে দুখ না ভাবিহ ওনবতি
তোমারে হিংসিল দুষ্ট যৈল এই গতি॥
আজ্ঞাকর জাব আমি পাছে কেহ জানে।
আপনার স্থানে তুমি করহ গমনে॥

Fol. 56 rev.

.....জনে।
পিত্রিসোক না জানিলাম তাহার কারনে॥
নির্দয় ক্ষেত্রিয় জাতি নাহি উপরোধ।
পরাপর নাহি জ্ঞান যুদ্ধে হইলে ক্রোধ॥
মহাভারথের কথা অমৃত সমান।
কাসিরাম দাস কহে শুনে পুন্যবান॥

1898. মহাভারত—স্বর্গপর্ব্ব।

MAHĀBHĀRATA—SVARGAPARVA

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 4½″. Folia, 1-3, marked by two sets of figures. Lines, 9 on a page Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

৺ শ্রীশ্রীহরি॥ স্বর্গ পর্ব্ব আরম্ভ।

তবে জন্মে জয় রাজা আনন্দিত হঞা।
মুনিবরে জিজ্ঞাসিল বিনয় করিয়া॥
পিতামোহ চরিত্র শুনিঞা কর্ণাদ্ভুত।
তব মুখে শুনি আমী হইল পবিত্র॥
কিরূপে গেল সর্গ পক্ষ সহদর।
বিস্তারিআ তাহা মুনি কহত সত্তর॥

Fol. 2 rev.

পদতলে পুজা কৈল সব রাজাগনে।
ভক্তি করি পুজে রাজা সজল নয়নে॥
জিজ্ঞাসিল কহ প্রভু কেন আগমন।
কৃষ্ণ বৈল জুধিষ্টির ধর্ম্মের নন্দন।
তোমা সম্ভাসিতে তার হইল গমন॥
সেহ সঙ্গে আছে মোর তোমায় দেখিতে॥
বসিয়া আছেন রাজা বাহির দারেতে॥

Fol. 3 rev.

হেন মহাপ্রভু সঙ্গে তোমার বসতি
মম ভাগ্যে তব দেখা হৈল মহামতি ॥
এইরূপে বহু স্তুতি কৈল দৈত্যেশ্বর।
তাহার নিকটে আইলা দেব গদাধর ॥
তবে ধর্ম্ম নৃপতি কহেন জোড় করে।
এক ভিক্ষা দেহ মোরে দৈত্যের ঈশ্বরে ॥

1900. মহাভারত।

MAHĀBHĀRATA

BY

KAŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″ × 5½″. Folia, 2-4, 51-53, marked by two sets of figures. Lines, 10 on a page. Handwriting, good. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 obv.

আপন কালেতে রাজা অধৈর্য্য না হই।
ধৈর্য্য হইলে সভাগনে হইবে বিজোই ॥
বড় ২ রাজাগনে বিপদে পাড়িয়া।
পুনরপি কাজ সাধে মন্ত্রনা করিয়া ॥

Fol. 3 rev.

ইন্দ্রসেন আদি করি জতেক সারথি।
রথ লঞা সবে জাহ দ্বারাবতি ॥
পথে কেহো জিজ্ঞাসিলে কহিবে তাহারে।
না জানি কোথাঞ গেল পঞ্চ সহোদরে ॥

Fol. 53 rev.

রাজা বলে শুন তাত আমার বচন।
তোমার প্রসাদে আমি করিয়ে জখন
তোমার প্রসঙ্গে কর্ণ করে অবহেলা।
পুনঃ পুন বাখানয়ে ক্লিবি বৃহন্নলা ॥

1910. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA

BY

KAŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 4½″. Folia, 1-13, 15-16, 18-33, 36-38, 40-41, 44-46, 48-51, 54-81, marked by two sets of figures. Date, 1109 B. S. (1702 A. D.). Lines, 9 on a page. Handwriting, bad. Incomplete. Place of find, Bankura.

Beg.

॥ শ্রীশ্রীহরি ॥ বিরাটপর্ব্ব লিক্ষাতে ॥

জন্মেজয় বলে কহ শুনি তপোধন।
দুর্য্যোধন ভয়ে পুত্রে পিতামহগন ॥
বিরাট নগর মধ্যে রহিলা অজ্ঞাতে।
বৎসরেক নির্ব্বাহ করিলা কনমতে ॥
বৈসম্পায়ন বলে শুন মহারাজ।
দ্বাদস বৎসর অন্ত অরণ্যের মাঝ ॥

Fol. 41 rev.

তপেতে সন্তুষ্ট হৈল দেব ত্রিলোচন।
সিব অনুগ্রহে তুষ্ট হৈল দেবগন ॥
কুবের বরুন জম অস্ত্রগন দিল।
মাতুলি পাঠাঞা ইন্দ্র স্বর্গে মোরে নিল ॥
নিবাত কবচ আর কালকেয়গন।
স্বর্গে আসি উপদ্রব করে অনু[ক্ষন] ॥

End.

মহাভারথের কথা অমৃতলহরি।
কাহার সকতি ইহা বর্ণিবারে পারি॥
পাণ্ডবের উদয় শুনএ জেইজন।
তার বংস বৃদ্ধি হয় ব্যাসের বচন॥
সেই কথা কহি আমি পাচালির মং।
এতদুরে বিরাটপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon :

ইতি বিরাটপর্ব্ব সমাপ্ত। যথা দৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীজনার্দ্দন সরকার সাকীম চক্রদহ পুস্তকমিদং পাঠক শ্রীমথুরামোহন পাল সাকিম পাত্রসহর মাসিবেড়া ইতি সন ১১০৯ সাল তারিখ ৪ অগ্রহায়ন শুক্রবারে বেলা এক প্রহরে সমাপ্ত মোঃ মিঠির তলার চৌপাড়িতে ইতি।

1912. মহাভারত—শৈল্যপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚALYAPARVA

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{2}'' \times 5\frac{1}{4}''$. Folia, 1, 2, 4, 5, 7-19, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1107 B.S. (1700 A. D.). Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

৺ ৭ শ্রীশ্রীকৃষ্ণ শৈলপর্ব্ব লিখতে॥
জন্মেজয় রাজা বলে কহ তপোধন।
অল্প সন্তে কি করিল রাজা দুর্য্যোধন॥
.....শৈল শুন মহাসয়।
কোন কর্ম্ম কৈল তবে কৌরব-তনয়॥

Fol. 6 rev.

মুনি বলে শুন পরিক্ষিত্তের নন্দন।
অতঃপর যে কর্ম্ম করিল দুর্য্যোধন।
এই কথা রাজা তুমি শুনহ সাদরে।
একে ২ শুনহ সকল নৃপবরে।

End :

যত অস্ত্রধারি ছিল পৃথিবি ভিতরে।
সব নষ্ট অষ্টাদস দিনের ভিতরে।
মহাভারথের কথা অমৃত সমান।
কাসিরাম দাস কহে শুনে পুন্যবান॥

Colophon :

ইতি শৈলপর্ব্ব সমাপ্ত। যথাদৃষ্ট মিত্যাদি লিখিতং শ্রীমহন সরকার সাঃ পাত্রসাএর। সাঃ পাত্রসাএর এ পুস্তক শ্রী..... সাঃ নিজ গ্রাম সন ১১০৭ সাত সাল তারিখ ১৫ আশ্বিন।

1913. মহাভারত—উদ্যোগপর্ব্ব।

MAHĀBHĀRATA—UDYOGAPARVA

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made yellow paper; size, $14'' \times 5''$. Folia, 1-69, marked by two sets of figures. Lines, 9 on a page. Incomplete. Handwriting, bad. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীকৃষ্ণ॥ অথো উদজোগপর্ব্ব লিক্ষতে। পয়ার॥

জন্মেজয় বলে কহ মুনি তপোধন।
সভা হৈতে মুক্ত জদী হৈলা পঞ্চজন॥

হেনস্থরে কি করিলা পিতামহগন।
আপন বিভাগ রাজ্য পাবার কারণ॥

Fol. 56 rev.

ভিন্ন ভেদ বুঝাইল ব্যাস মুনিবর।
কার বাক্য না শুনিল কৌরব পামর॥
গোবিন্দ বলিল যাহা কহিলে প্রমানে।
প্রিয় না করিব দুশ্‌ট পাণ্ডবের সনে॥

Fol. 69 rev.

বিশেসে তাহাতে আমি কৈনু অঙ্গিকার।
অর্জুনের সঙ্গে পন সমর আমার॥
পরলোকে মোর হাতে জাবে ধনঞ্জয়।
নহে অর্জুনের হাতে মোর মৃত্যু হয়॥
এই প্রতিজ্ঞা কৈনু সভা বিদ্যমানে।
সত্যভ্রশ্‌ট হৈতে না পারিব কদাচনে॥
তে কারণে জননি ক্ষমা করহ আমারে।
এত শুনি পুন কুন্তি কহিল.....॥

1914. মহাভারত—অশ্বমেধপর্ব্ব।

MAHĀBHĀRATA—AŚVAMEDHA PARVA

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 15″ × 5½″. Folia, 1-9, 11-62. Lines, 10 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

৺ শ্রীশ্রীহরি শরণং অথ অশ্বমেধপর্ব্ব লিক্ষাতে॥

নারায়নং নমস্কৃত্যং ইত্যাদি—

জন্মেজয় বলে তবে কহ তপোধন।
কোন কোন কর্ম্ম কৈল পাণ্ডবনন্দন॥
পঞ্চ ভাই যুধিষ্ঠির সহ পরিবারে।
কি কর্ম্ম করিলা হরি হস্তিনা নগরে॥
বৈশম্পায়ন বলে শুন জন্মেজয়।
রাজা হইল যুধিষ্ঠির ধর্ম্মের তনয়॥

Fol. 49 obv.

না হইব গতি ভাল কহিলাও তোমায়।
সদয় হইয়া মোরে করহ বিদায়॥
শুন প্রভাবতি তুমি অস্ত্র যাহ ঘরে।
সংগ্রাম করিয়া আসি তুসিব তোমারে॥

Fol. 62 rev.

কপিধ্বজ রথ খান দেখিয়া সমুখে।
দুই হস্তে সাপটীয়া ধরিল তাহাকে॥
সুরথ তুলিল রথ নিজ বাহু বলে।
পাক দিয়া ফেলিতে চাহে সমুদ্রের জলে॥
তাহা দেখি ইসত হাসিলা গদাধর।
বিশ্বম্ভর মুর্ত্তি হইলা রথের উপর॥
শঙ্খ চক্র গদা পদ্ম বনমালা গলে।
মাথায় মকুট শোভে বরন নিশ্বলে॥

1915. মহাভারত—শৈল্যপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚALYAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″ × 4½″. Folia, 1-6, marked by two sets of figures. Lines, 10 on a page. Date, 1098 B. S. (1691 A.D.). Handwriting, fair. Complete. Place of find, Bankura.

Beg.

৺ শ্রীশ্রীরাম। অথ শৈল্যপর্ব্ব লিক্ষতে॥

কর্ণপর্ব্ব কথা শুনি রাজা জন্মেজয়।
মুনিবরে জিজ্ঞাসিলা করিয়া বিনয়॥

একমনে শুন তুমি রাজা জন্মেজয়।
সে সকল কথা বলি শুন মহাশয়॥

Fol. 3 rev.

অসংখ্য সেনা পড়ি রক্তে বহে নদি।
পড়িল অনেক সৈন্য পৃথিবি আচ্ছাদি॥
কৌরব পাণ্ডব সব হৈল একাকার।
ভিমেসেনে গদা যুদ্ধ হইল আপার॥

End

ইহা শুনি তথায় চলিলা মহাজন।
তথা আছে দুর্য্যোধন কৌরব নন্দন॥
মহাভারথের কথা অমৃত সমান।
কাসি কহে শৈলপর্ব্ব হৈল সমাধান॥

Colophon :

ইতি শ্রীশৈলপর্ব্ব সমাপ্তং লিখিতং শ্রীজগন্নাথ বিশ্বাস। এ পুস্তকমিদং। রোমাকান্ত দত্ত ইতি সন ১২৯৮ সাল তাং ২৯ কার্ত্তিক।

1922. মহাভারত—ঐষীকপর্ব্ব।

MAHĀBHĀRATA—AIṢĪKAPARVA

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 1-8. Lines, 10 on a page. Date, 1257 B. S. (1850 A. D.). Handwriting, fair. Complete. Place of find, Banktura.

Beg.

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

অথো ঔসিকপর্ব্ব লিক্ষতে॥

জত্রৈব গঙ্গা যমুনা চ ইত্যাদি

হস্তিনা পুরেতে বৈশে জবে ধর্ম্মরায়।
পুত্রের অধিক করি পালেন প্রজায়॥
নানাবিধ যজ্ঞ দান করে নরপতি।
নিত্য গিত আনন্দিত নানা.....॥

Fol. 5 rev.

আমি তোমার দাস শুন হৃসিকেশ।
কৃপা করি কহ প্রভু ব্রহ্মণের ক্লেস॥
ব্যাসের বচনে কৃষ্ণ ইশত হাসিয়া।
বলিল তাহারে প্রভু সদয় হইয়া॥

End :

বিজয় পাণ্ডব কথা অমৃত শমান।
একমনে সাধুজন সদা করে পান॥
কাসিরামদাশের বিনয় সাধুজনে।
জবহেলে কর সভে ভারথ শ্রবনে॥
মহাভারথের কথা অমৃত সমান।
এতদুরে ঔসিকপর্ব্ব হইল শমাধান॥

Colophon :

ইতি শ্রীঔসিকপর্ব্ব শমাধান যথাদৃষ্টমিত্যাদি ইতি সন ১২৫৭ সাল। তারিখ ১২ মাঘ রোজ শুক্রবার। পঠনার্থে শ্রীনন্দকুমার পাল ও শ্রীঅনুপচাঁদ পাল.....ব্রহ্মন-ডাঙ্গা বৈকুণ্ঠপুর।

1923. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″×4½″. Folia, 1-65, 67-84. Lines, 9 on a page. Date, 1110 B. S. (1703 A. D.). Handwriting, good. Incomplete. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যজয়তে ॥

পিতা পরাসরো জস্ত ইত্যাদি

জন্মেজয় বলে মুনি শুন তপোধন।
দুর্য্যোধন ভয়ে পূর্ব্বে পিতামোহগন ॥
বিরাট নগর মধ্যে রহিলা অজ্ঞাতে।
বৎসরেক নির্ব্বাহ তাঁর হইল কেমতে ॥
বৈসম্পায়ন বলে শুন মহারাজ।
দ্বাদশ বৎসর ভ্রমি অরণ্যের মাঝ ॥

Fol. 26 rev.

কর্ন বলে মহারাজা গন্ধর্ব্বে কি ভয়।
মোর ভুজবলে সব হব পরাজয় ॥
মোর বল বির্জ্জ সব জানহ আপনে।
ইন্দ্র আইলে পরাজয় হব রনে ॥
কর্ণের বচনে আজ্ঞা দিল দুর্য্যোধনে।

End:

শ্রদ্ধানিত হয়া ইহা শুনে জেইজন।
তাহারে রক্ষেন প্রভু দেব নারায়ন ॥
কাসিরাম কহে শুন রসিক সকল।
ইহার শ্রবনে পাবে বিবিধ মঙ্গল ॥

Colophon:

ইতি মহাভারথ বিরাটপর্ব্ব সমাপ্ত সাং ভড়া সন ১১১০ সাল তারিখ ২৮ ফাল্গুন রোজ রবিবার তিথি শুক্লপক্ষ। অপরার বেলায় সাঙ্গ হৈল পাঠসালে। দুর্য্যোধন সভাগ্রেন কৃষ্ণস্ত দুতমাগতে সমঃ রূপং তেনঃ মুখ বাক্ কৌরবা।

অর্জ্জুনের দসনাম। অর্জ্জুন ১ ফাল্গুনী সব্য সাচি ১ ধনঞ্জয় ১ কিরিটি ১ বিভৎছ ১ সেতবাহন ১ বিজয় ১ জিষ্ণু ১ বিষ্ণু ৪ দসনাম। ছিনভাগ লিখিলেন শ্রীমানিকরাম বিশাস। সিকিভাগ লিখিলেন শ্রীরামলোচন ভট্টাচার্য্য সাং হামিরহাটি পটনার্থে শ্রীগুসাইদাস পাল সাং হরিনগর।

Fol. 84 rev.

এ পুস্তকের দক্ষিনা টং ১ একটাকা হইল।

1932. মহাভারত—শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀNTIPARVA

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×4½″. Folia, 1-76. Lines, 9 on a page. Date, 1090 B. S. (1683 A. D.). Complete. Handwriting, excellent. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীকৃষ্ণ।

অথো শান্তিপর্ব্ব লিক্ষিতে ॥

জন্মেজয় কহিছেন কহ তপোধন।
অতপর কি করিলা পিতামহগন ॥
কিরূপে বৈভব ভোগ কৈল পঞ্চজন।
পতিবা ধর্ম্ম উপার্জ্জন পালি প্রজাগন ॥

Fol. 3 rev.

আরোহিয়া চতুর্দ্দলে নারিগন কুতুহলে
চলি গেলা জথা গঙ্গাসুত।
রাহুত মাহুত রানা সঙ্গে লঞা জত সেনা
মহারথি সব জুথে জুত ॥

End :

অতপর আর কোন প্রসঙ্গ হইব।
মনেতে বাসনা করি সকল শুনিব ॥
মুনি বলেন এই কথা অমৃত লহরি।
কাহার সকতি ইহা বর্ণিবারে পারি ॥
মহাভারথের কথা অমৃত সমান।
কাশিরামদাস কহে শুনে পুন্যবান।

Colophon :

ইতি শান্তিপর্ব্ব সমাপ্ত হইল। যথাদৃষ্টমিত্যাদি সন ১০৯০ সাল তারিখ ২২ আসাড়।

1994. মহাভারত—উদ্যোগপর্ব্ব।

MAHĀBHĀRATA—UDYOGAPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 1-94, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1261 B. S. (1858 A. D.). Handwriting, good. Complete. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীরামজি। অথ উদ্যোগপর্ব্ব লিক্ষতে।

জন্মেজয় বলে কহ মুনি তপোধন।
সর্ত্ত হৈতে মুক্ত হৈলা ভাই পঞ্চজন ॥
তদন্তরে কি করিলা পিতামহগন।
আপন বিভাগ রাজ্য পাবার কারন ॥
কোন দুত পাঠাইলা হস্তিনানগরে।
ধৃতরাষ্ট্র আদি দুর্য্যোধন বুঝাবারে ॥
উত্তর গোগৃহ যুদ্ধে কৌরব প্রধান।
অর্জ্জুনের হাথে পাইলা মহা অপমান ॥

Fol. 55 obv.

তথা গিয়া উত্তরিলা রাজা দুর্য্যোধন।
অচেতনে নিদ্রা জান দেবনারায়ন ॥
দিব্য সিংহাশন দেখি বৃক্ষের শিয়রে।
হুঙ্কারেতে পুর্ন আছে শুভাশিত নিরে ॥
দেখিয়া বিস্ময় হইয়া ভাবে মনেমন।
আমার মর্জ্যালা কিছু জানে নারায়ন ॥
না আসিতে আমি এথা দিব্য সিংহাসন।
আপন শিয়রে কৃষ্ণ করাছে স্থাপন ॥

End :

বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
শুনিলে অধর্ম্ম খণ্ডে পরলোকে তরি ॥
আউ জশ পুন্য বাড়ে শুনে জেইজন।
ভারথের পুন্য কথা শুনে পুন্যবান ॥
পাণ্ডবের বিজয় শুনয়ে জেই জন।
তার বংশ বৃদ্ধি হয় বাশের সিথন ॥
কাশিরাম দাশ কহে রচিয়া পয়ারে।
উদজোগ পর্ব্ব সমাপ্ত এতদুরে ॥

Colophon :

ইতি উদ্‌জোগপর্ব্ব সমাপ্ত। লিখিতং শ্রীরামমোহন সরকার সাং তিগাপ পাটক শ্রীগুরুপচন্দ্র বসু (?) সাং বার বল্লী (?) পরগনে বিষ্ণুপুর চোকী জোতুলপুর সন ১২৬১ বারসন্ত একসটী তা ১৩ জৈষ্টী।

1995. মহাভারত—অশ্বমেধপর্ব্ব।

MAHĀBHĀRATA—AŚVAMEDHA-PARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{4}'' \times 5''$. Folia, 1-101, marked by two sets of figures. Lines, 10 on a page. Date, 1083 B. S. (1679 A. D.). Complete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরামচন্দ্রায় নম।

অশ্বমেধপর্ব্ব লিক্ষতে। নারায়নং নমস্কৃত্যাম্বিত্যাদি।

জন্মেজয় বলে তবে কহ তপোধন।
কোন কর্ম্ম কৈল পিতামহগন॥
পঞ্চভাই জুধিষ্টীর সহ পরিবারে।
কি কর্ম্ম করিলা তিহোঁ হস্তিনা নগরে॥
বৈসম্পায়ন বলে সুন জন্মেজয়।
রাজা হৈলা জুধিষ্টির ধর্ম্মের তনয়॥
কিন্তু উপরোধে রাজ্য নিলা জুধিষ্টীর।
প্রজার পালন করে ধর্ম্মের শরির॥

Fol. 35 obv.

ব্রহ্মার প্রসাদ পাইল বির ধনঞ্জয়।
এড়িল বজন অস্ত্র নির্ভয় হৃদয়॥
নির্ব্বান হইল অগ্নি সলিল পরসে।
মন্দানল হয়্যা গেলা নৃপতির পাষে॥
ভয়ে ভঙ্গ দিল জত নৃপ সেনাগন।
আপনি পালায় রাজা পরিহরি রন॥
প্রবির রাজার পুত্র আশিল পশ্চাতে।
দেখিয়া অর্জ্জুনে সেই পালাএ ভএতে॥

End:

অচলা কমলা তার থাকএ ভবনে।
আউজস বিদ্ধি হয় একথা শ্রবনে॥
কিন্তু ইথে বিশ্বাস থাকয়ে নরপতি।
অন্তে অপবর্গ পায় ব্যাসের ভারথি॥
বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
কাশি কহে সুনিলে তরিয়ে ভববারি॥
শ্রুতিমাত্র কহি আমি রচিয়া সমস্থ।
এতদুরে অশ্বমেধ হইল সমাপ্ত॥

Colophon:

যথা দৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীরামপ্রসাদ মিত্র। পুস্তক শ্রীতিলকরাম নন্দী সাকিম করতা গ্রাম, পুস্তক ১০১ একসত একপাত সন ১০৮৫ সাল তারিখ ২৫ ভাদ্র।

1996. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{4}'' \times 5''$. Folia, 1-68, marked by two sets of figures. Lines, 10 on a page. Date, 1773 Saka (1851 A. D.). Handwriting, fair. Worm-eaten. Complete. Place of find, Bankura.

Beg.

.....পর্ব্ব লিক্ষতে॥
বোন মধ্যে পঞ্চভাই দ্রৌপদি সহিতে।
মহাবুদ্ধিমন্ত সঙ্গে.....॥
.....করেন তথা বসি সাতজনে।
বৎসরেক অজ্ঞাত বঞ্চিব কোনস্থানে॥

Fol. 2 rev.

সান্ত কথা কহিয়া তুষিব নরবরে।
এইরূপে বঞ্চিব আমি বিরাট নগরে॥
বৃকদর চাহি তবে বলিল রাজন।
কিরূপে করিবে ভাই কালের হরন॥
সিন্ধুকাল হৈতে ভিন্ন অস্ত্রিন বিক্রম।
দুর্জ্যোধন সাতভাই দেখে জোম সম॥
কড়া ছলে বিসলাড়ু দিল দুজ্যোধন।
জলেতে ফেলিয়া দিল করিয়া বন্ধন॥

Fol. 32 obv.

দেবতাতে ত্রিস ক্রোটী সহ পুরন্দর।
না পারিবে কার সক্তি করিতে সমর॥
জথা ভিষ্ম দ্রোন কর্ণ অস্বথামা কৃপ।
বিবিংসতি বির আর দুজ্যোধন নৃপ॥
কুবুদ্ধি লাগিল তেঞী হইল অজ্ঞান।
তেঞী কুরুসন্ত মন্ত্রে করিল পয়ান॥
জুদ্ধের থাকুক কাজ্য দেখি ভয় হৈল।
তেজিব স্থরির জ্ঞান তোমারে কহিল॥

End :

দ্বিজগনে দক্ষিনা দিলেন বহুতর।
বস্ত্র অলঙ্কার দিল বহু রত্নঘর॥
কৃষ্ণাসহ অতি বড় হরিস সভার।
ঘরে ২ মংস্ত দেশে আনন্দ অপার॥
পুন্য কথা ভারথের শুনে পুন্যবান।
লিখিবিতে নাহি সুখ ইহার সোমান॥
দিব্যজ্ঞান জন্মে তার পাপের বিনাস।
পয়ার প্রবন্ধে কহে কাশীরাম দাস॥

Colophon :

ইতি বিরাট পর্ব্ব কথা শোমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি। লিখিতং শ্রীশৈলক্ষ নাথ দাস সা° শিতারামপুর থানা কৃষ্ণনগর ইতি সন ১২৫৯ সাল শুক্ল তা ১০ বৈশাখ—বেলা আন্দাজী চারিদণ্ড থাকীতে পুস্তক শোমাপ্য করিলাম রোজ বুধবার।

"ইতি বিরাটপর্ব্ব সোমাপ্ত॥ সন ১২৫৯ সাল শুক্ল তা—১০ বৈশাখ সকাল ১৭৭৯০।১০ সাল লিখিতং শ্রীশৈলক্ষনাথ দাস সা° বরকতি পুর" (written on the last fol. 68 rev.)

1997. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 15″×5″. Folia, 10 (by counting). Hand-writing, bad. Incomplete. Place of find, Bankura.

Fol. 1 obv.

মহাভারথের কথা অমৃত সমান।
কাসিরাম দেব কহে সুনে পুন্যবান॥
কিবা লক্ষি সরস্বতি, হর প্রিয়া হেমবতি,
সাবিত্রি ব্রহ্মার ঘরনি।
রোহিনি চন্দ্রের রামা, রতি সতি তিলোত্তমা,
কিবা স্বহাঅ ভবানি॥

Fol. 3 obv.

বিরাট বলিল ইহা চিত্তে নাহি লয়।
এ কর্ণের জোগ্য তুমি না হয় প্রত্যয়॥
যুথ পতি হস্তি মধ্যে জেন মৃগরাজ।
সুর্য্য তেজে মালিন জেন তারার সমাজ॥
এই স্থির বেষ তুমি ভুবিআছ গায়।
তোমার অঙ্গেতে ইহা সোভা নাই পায়॥
ভূতনাথ অঙ্গে জেন ভস্ম ছাছাবিল।
দিনকর তেজ জেন মেঘেতে ঢাকীল॥

Fol. 10 rev.

তুমি ব্রহ্মা তুমি বিষ্টু তুমি মহেশ্বর।
ইতিন ভুবনে গোসাঞি তুমী সে ইশ্বর॥
তোমার নিবাস নিদ্রা জাগিলে জাগরন।
তোমার গাএর লোম জত দেবগন॥
এমন সংকটে জদি মোরে না রাখিবে।
পতিত পাবন নাম কেমনে ধরিবে॥
আমারে মরিতে হইল ভয় নাহি বাসি।
এই.....লোক পড়ে একাদসি॥
এতেক বলিয়া রানি ভাবে নারায়ন।
ভক্তের নিয়ম প্রভু জানিলা তখন॥
প্রভুর সাক্ষাতে আছেন নারদ তপোধন।
বিনার গিত সুনিল গোসাঞি দেব নারায়ন॥
বিনার গানে গদ গদ ভকত বছলে।
ধর্মাঙ্গদে প্রভুকে ডাক্যাছে কেন কালে॥
নারদের গিতে প্রভুর নাহি লয় মনে।
উচাটন হইল চিত্ত চাহেন তার পানে॥
নারদ বলেন গোসাঞি সুন নারায়ন।

2000. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀSIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″×4½″. Folia, 1-12, 14-194. Lines, 11 on a page. Incomplete. Handwriting, excellent. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রায় নম॥ আদিপর্ব্ব।
বিঘ্ন বিনাসন গৌরির নন্দন
বন্দিব দেবের রাজে।
ওঙ্কার রোমে সভার প্রথমে
জনমেজয় জিজ্ঞাসিল কহ তপোধন।
দ্রোন যদি পরিল করিয়া মহারন॥
তারপরে কারে অভিষেকে সেনাপতি।
বিস্তারিয়া আমারে বলহ মহামতি॥

Fol. 14 rev.

শুনিয়া কহেন ধনঞ্জয় গদাধরে।
ঝাট রথ চালাহ দেখিব যুধিষ্টিরে॥
সংসপ্তকগন মম আছে অবশিষ্ট।
শীঘ্রগতি চল প্রভু দেখি মোর জেষ্ট॥

End :

ইহকালে শুভযোগ, পরকালে স্বর্গভোগ,
ভারতের পুণ্য কথা শুনি।
শ্রবনেতে পাপক্ষয়, সংগ্রামে বিজয় হয়,
কাশীরাম বিরচিল গান॥

Colophon :

এতদ্দুরে কর্ণপর্ব্ব সমাপ্ত লিখিতং শ্রীগদাধর রায় সাঃ ঢাড়িয়া ইতি সন ১২৮২ সাল তারিখ ১৩ অগ্রহায়ণ রবিবার প্রতিপদ॥ ইত্যাদি—

2143. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA--ĀDIPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{4}'' \times 4\frac{3}{4}''$. Folia, 24-282, marked by two sets of figures. Lines, 10 on a page. Date, 1204 B. S. (1797 A.D.). Incomplete. Hand-writing, good.

Fol. 24 obv.

গরুর বলিল তবে আছি যে কুসলে।
সকল কুসল মাত্র ভক্ষ নাহি মিলে॥
মা-এর বচনে খাইল বিশাল নগর।
না হইল তিপ্ত কিছু পুরিত উদর॥
বিমাতার বোলে জাই সুধা আনিবারে।
খুধায় আকুল তনু কহিল তোমারে॥

Fol. 146 rev.

আজি হৈতে তার মুখ কভু না চাহিব।
আপন আর্জ্জিত হৈলে স্বাদে ২ খাব॥
এত বলি সিংহ গেলা গহন কাননে।
স্নান করিয়া বাঘ আইলা ততক্ষনে॥
আস্তে বেস্তে কহে সিবা কহ প্রানসখা।
ভাগ্যেতে তোমার সিংহ না পাইল দেখা॥
অন্তরে তোমারে ক্রোধ হইল তাহার।
না জানি কি কৈলে তুমি কিবা সমাচার॥
এখন কহিয়া গেল তোমা ধরিবারে।
আমারে বলিল ইহা না বলিহ তারে॥
চিরকালের সখা তুমি না বলি কেমনে।
বুঝিয়া করহ কার্য্য জেই লয় মনে॥
এতেক সুনিয়া বাঘ শৃগালবচন।
হৃদয় ত্রাসিত বাঘ ভাবে মনেমন॥
না জানি কোন দোস করিল তাহার।
ক্রোধ করিয়াছে দোস না বুঝি আমার॥

End :

ব্যাসের বচন ইথে নাহিক সংসয়।
বংসবৃদ্ধি আনন্দে আরগ্যে কাল জায়॥
মহাভারথের কথা অমৃত সমান।
একমনে সুনিলে জন্মএ দিব্যজ্ঞান॥
কাসিরাম দাস কহে রচিয়া পয়ার।
অবহেলে সুনে জেন সকল সংশার॥

Colophon :

ইতি আদিপর্ব্ব সমাপ্ত॥ যথাদৃষ্টমিত্যাদি ইতি সন ১২০৪ শাল তারিখ ৩ চৈত্র বোজ বুধবার॥

2149. মহাভারত—দ্রোণপর্ব্ব।

MAHĀBHĀRATA—DRONAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 1, 3-24, 26-39, 41-46, 48-52, 54-57, 60-73, 75, 77-83, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1118 B. S. (1711 A. D.). Incomplete. Handwriting, fair.

Beg.

৺ ৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ। মহাভারতীয় দ্রোনপর্ব্ব লিক্ষতে॥

পিতা পরাশরো যস্ত ইত্যাদি।

বৈশম্পায়ন কহেন শুনহ জন্মেজয়।
সমরে পড়িল যদী ভীষ্ম মহাশয়॥
দশ দীন যুদ্ধ করি মারি সেনাগন।
আপন ইচ্ছায় তেহ হইল পতন॥

Fol. 51 rev.

পাণ্ডবের পরাজয় কভু নাহি শুনি।
এতেক শুনিল হত সেনা মোর হানি॥
কতেক পড়ত শুনি মোর সেনাগন।
বিশেসিয়া কহ মোরে ইহার কারন॥

Fol. 83 obv.

বৈশম্পায়ন কহে জন্মেজয় শুনে।
এতদুরে দ্রোণপর্ব্ব হইল সমাধানে॥
কাসিরাম দাস কহে শুনে পুন্যবানে।
অন্তকালে হইবেক বৈকণ্ট গমনে॥

Colophon:

ইতি মহাভারতিয় দ্রোণপর্ব্ব সমাপ্তোয়। ইতি॥ সন ১১১৮ সাল সা° সএর শ্রীবেনিমাধব পত্তোদার॥

2150. মহাভারত—উদ্যোগপর্ব্ব।

MAHĀBHĀRATA UDYOGAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 18¼″×6″. Folia, 1-27. Lines, 12 on a page. Handwriting, good. Incomplete. Place of find, Bankura.

Beg.

৺ ৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥ উদ্যোগপর্ব্ব লিক্ষতে॥

জন্মেজয় জিজ্ঞাসিল কহ তপোধন।
সত্য হৈতে পার হৈলা পঞ্চজন॥
তদন্তরে কি করিল পীতামহগন।
আপন বিভাগ রাজ্য পাবার কারন॥

Fol. 23 rev.

দুত গিয়া দুর্জ্যোধনে কহিল বারতা।
আপুনি বরিতে কৃষ্ণ জাহ তুমি তথা॥
আপুনি আসিবে পার্থ কৃষ্ণেরে বরিতে।
তে কারনে নারায়ন কহিল আমাতে॥

Fol. 27 rev.

আমি সভার সহায় তোমার কিবা ভয়।
আজ্ঞা করিলে সংহারিব কৌরবতনয়॥
সহায় সর্ব্বস্ব তব দেব জগতপতি।
ইহার প্রসাদে জয় পাবে নরপতি॥
রাজা বলে জে বলিলে কভু নহে আন।
সহায় সর্ব্বস্ব মোর দেব ভগবান॥
ইহার প্রসাদে ভয় নাঞি ত্রিজগতে।
তথাপিহ নহে লোক ধর্ম্মেতেই॥

2151. মহাভারত—শাসনপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀSANAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″×4½″. Folia, 1-42, marked by two sets of figurs. Lines, 9 on a page. Date, 1221 B. S. (1814 A.D.). Complete. Place of find, Bankura. Handwriting, bad.

Beg.

শ্রীশ্রীরাম॥ অথ সাসনপর্ব্ব আরম্ভ॥ সর্ব্বতিথসমং সাম্ব ইত্যাদি

ধৃতরাষ্ট বলে বাপু সুন যুধিষ্টীর।
ব্যাষের,বচন রাখ চিত্ত কর স্থির॥
জত কিছু কহিলেন ব্যাষ মহাসয়।
সর্ব্ব সাস্ত্র জান তুমি ধর্ম্মের তনয়॥
নাহি কর সোক আর না কর সন্দেহ।
তোমার সমান কর্ম্ম করিয়াছে কেহ॥

Fol. 29 rev.

.....ভাবে গিতা পুথি রাখিব কেমনে।
একখানি কুড়্যা ঘর করীল সেখানে॥
সে কুড়ায় গিতা পুথি রাখিল শুনিয়া।
গিতা পুথি কাটে তাথে মুসক রাসিয়া॥
মার্জ্জার হিংসকে রানি দিল ততক্ষন।
মার্জ্জার আনিল গিতা রক্ষক কারন॥

End:

জন্মেজয় মহারাজা জগতে পুজীত।
সাসনপর্ব্বের কথা অমৃত চরিত॥
সুনিলে অধর্ম্ম খণ্ডে ধর্ম্মের প্রকাব।
অন্তকালে মুক্ত হয় বৈকণ্ঠেতে বাব॥

Colophon:

ইতি। সাসনপর্ব্ব সমাপ্ত। লিখিতং শ্রীমধুরবিশ্বাস সাং ইন্দাব। সন ১২২১ সাল তারিখ ১৩ ফাল্গুন। যথাদৃষ্টমিত্যাদি।

2169. মহাভারত—কর্ণপর্ব্ব।

MAHĀBHĀRATA—KARṆAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″×4½″. Folia, 3-34, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1101 B. S. (1694 A. D.). Incomplete. Place of find, Bankura. Handwriting, bad.

Fol. 3 obv.

ক্রোধ করি ভিমসেন বরিসয়ে সর।
বান বিন্ধে খেমধুতির হস্থির উপর॥
সর গায় তপ্ত দিল গজ-ইন্দ্র বিসাল।
রাখিতে না পারে খেমধুতি মহিপাল॥

Fol. 17 rev.

দোস না জানিয়া জেবা করে অপমান।
সাস্ত্রে কহিল তার মরন সমান॥
রাম গোশাঞি পাইলাও পরান।
ভয় মানি ধনঞ্জয় মানে অপমান॥
ক্রোধ সান্তি কৈল রাজন যুদ্ধ দেখি।
আপনী সন্তুষ্ট হৈল সংগ্রাম উপেখি॥

Fol. 34 rev.

.....সুনহ উত্তর।
কর্ণ মৈল দুর্য্যোধন কান্দিল বিস্তর॥

জবে কর্ণ রনে মৈল সভে ডরাইয়া।
পালাইয়া রহে সভে হিমালয় গিয়া॥
ভারথ পঙ্কজ কবি মহামুনি ব্যাস।
কল্পপর্ব্ব সায় গায় কাসিরাম দাস॥

Colophon :

ইতি কর্ণপর্ব্ব সমাপ্ত॥ সন ১১০১ সাল তারিখ ১০ জৈষ্ঠ রোজ বার শুক্র। তত্রৈব গঙ্গা জমুনা চ ইত্যাদি ও জথাদৃষ্টমিত্যাদি।

2170. মহাভারত—মুসলপর্ব্ব।

MAHĀBHĀRATA—MUSALAPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″×5″. Folia, 1-12, marked by two sets of figures. Lines, 12 on a page. Date 1243 B. S. (1836 A. D.). Complete. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রী হরি। মৌষলপর্ব্ব লিক্ষতে।
জয় জয় পরাসর জগতে বাখানি।
সত্যবতি উদরে জন্মিলা ব্যাস মুনি॥
বাক্যময় অমৃত নির্গত জার মুখে।
জার গাথা শ্রবনে তরিলা তিন লোকে॥

Fol. 9 rev.

ভাই ভাই যুদ্ধ করি মৈল জদুগন।
অবধান কর প্রভু দেব নারায়ন॥
স্থাপনে নয়নে হাসি দেখ মহাসয়।
শুনিয়া হইল হরি ব্যথিত হিদয়॥

Fol. 12 rev.

বাহির হইল পঞ্চ দ্রোপদি সহিতে॥
বিজয় পাণ্ডবকথা অমৃত লহরি।
কাহার সকতি ইহা বর্ণিবারে পারি॥

Colophon :

পুস্তক শ্রীনিলকমল মুখপাধ্যায়। শকাব্দ ১৭৫৮ সক সন ১২৪৩ সাল জমিদারি সন ১১৪২ সাল ইঙ্গরাজী ১৮৩৬ সাল তারিখ ৬ জেষ্ঠী সনিবার॥ ১৮ মারচ॥

2171. মহাভারত—স্বপ্নপর্ব্ব।

MAHĀBHĀRATA—SWAPNAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13¾″×4¾″. Folia, 1-13. Lines, 9 on a page. Date, 1232 B. S. (1825 A. D.). Complete. Place of find, Bankura. Handwriting, very good.

Beg.

শ্রীশ্রীহরি জী। শ্রীশ্রী মহাভারথ স্বপ্নপর্ব্ব উত্তমকথা-প্রসঙ্গ॥ বেদে রামায়নৈচৈব পুরান ভারথ তথা।
আদ্য অন্ত মধ্যে হরি সর্ব্বত্র গীয়তে॥
প্রথমে বন্দিব গুরু ব্যাসের চরন।
কৃতার্থক কাসিদাস এই দুইজন॥
এই দুইজন হৈতে মঙ্গল আচরন।
জার জাতে ভক্তি ক্রীপা কর অনুক্ষন॥

Fol. 7 rev.

সপনেতে হৈল নারি পরএ সিন্দুর।
ঘরে কিম্বা পরেতে সাঁমি মরে কার॥

সপনেতে দেখে কার কেশবমুরতি।
ঘরে কিবা পরে ভোগ বাশা করে ভূতে॥
শুইয়া অজ্ঞানে নারি যে মাথা আঁচড়য়ে।
স্বামিকে করয়ে পীড়া বিধবা শে হয়॥

Fol. 13 rev.

কাএস্ত কুলেতে জন্ম নাম কাশিদাস।
লিখিল ভারত গ্রন্থ শ্রীগোবিন্দ দাস॥
শত পর্ব্ব পুণ্য এই অমৃতের ধার।
কাশি কহে শ্রীবান্ধবে শ্রীকৃষ্ণ কর পার॥
উনিসপর্ব্ব ভারথ এই সংসার নিস্তার।
এহা যুনি পাপী লোক জায় সর্গদ্বার॥
কায়স্ত কুলেতে জন্ম রাধাগ্রাম বাশ।
অন্তকালে গঙ্গাজলে মোরে দিয় বাস॥

Colophon :

যথাদৃষ্টমিত্যাদি সন ১২৩২ সাল ৪ মাঘ রোজ সমবার ইত্যাদি।

2173. মহাভারত—ভীষ্মপর্ব্ব।

MAHĀBHĀRATA—BHĪṢMAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½" × 4½". Folia, 1-26. Lines, 8 on a page. Date, 1184 B. S. (1777 A. D.). Complete. Place of find, Bankura. First two folia of the Mss. are worn out and the handwriting is clumsy.

Fol. 3 obv.

নানা সঙ্গে বাদ্য বাজে শুনিতে বিসাল।
ভেরু মৃদঙ্গ বাজে পত্তিক কাহাল॥
দামামা দুন্দভি বাজে ডিম ২ ব্যাঙরি।
ঢাক ঢোল গড় বাজে ঝুকরি ২॥
উপাঙ্গ ধমক বাদ্য বাজয়ে বহুত।
দুই দলে বাদ্য বাজে দেখিতে অদ্ভুত॥

Fol. 17 rev.

হাসিয়া বলেন ভিষ্ম সিখণ্ডিকে দেখি।
জদি যুদ্ধা হয় তবে আমাকে উপেক্ষি॥
স্ত্রি জাতি করিয়া ধাতা সিখণ্ডি করিল।
দৈবের বিপাকে তোরে পাণ্ডব আনিল॥
স্বরির কাটীয়া জদি পাড়িব ভূমিত।
তভু তোরে অস্ত্র না মারিব কদাচীত॥

Fol. 26 rev.

বিজয় পাণ্ডবকথা অমৃত লহরি।
শুনিলে অধর্ম্ম খণ্ডে পরলোকে তরি॥
জম্বেজয় বলে সর্ব্বগুনে অনুপাম।
শুনিলে ভারথ নিসি দিসি.....॥
কাসিরাম দাস কহে ভারথ আখ্যান।
শুনিলে খণ্ডয়ে পাপ শুন সর্ব্বজন॥

Colophon :

ইতি সন ১১৮৪ সাল তারিখ ৫ ভাদ্র।

2176. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—VIRĀṬAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $14\frac{1}{2}'' \times 5\frac{1}{4}''$. Folia, 1-12, marked by two sets of figures. Lines, 9 on a page. Incomplete. Handwriting, fair.

Beg.

৺ শ্রীশ্রীসিতারাম। নম। বিঘ্ন বিনাসায় নম।
পিতা পরাসর জন্ত ইত্যাদি
অথ বিরাট পর্ব্ব।

জন্মেজয় বলে তবে শুন তপোধন।
তদপর কি করিলা পিতামহগন॥
বিরাট নগর মধ্যে রহিলা অজ্ঞাতে।
এক সমবৎসর নির্ব্বাহিল কোন মতে॥
বৈসম্পায়ন বলেন শুন মহারাজ।
দ্বাদশ বৎসর অন্তে অন্তরের মাঝ॥

Fol. 7 rev.

রাজা বলে আইলে তুমি কোন দেব হৈতে।
দেবপুত্র প্রায় তুমী লয় মোর চিত্তে॥
নন্দন বলিল ধর্ম্ম পাণ্ডুর নন্দন।
লক্ষ কোটী যম তার না জায় খণ্ডন॥

Fol. 12 rev.

গন্ধর্ব্ব আমার স্বামি জগতী দেখিব।
সকুটুম্ব সহ তারে নিশ্চয় মারিব॥
কাল রাত্রী প্রভাত হইল বুঝি তোরে।
তেঞি হেন ভাষা কহিলে আমারে॥
সুবুদ্ধি পণ্ডিত ধর্ম্মে রত জেই জন।
পরস্ত্রী দেখিলে সে হেট করএ বদন॥

2178. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—VIRĀṬAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $14\frac{1}{2}'' \times 5''$. Folia, 1, 6-50, 54-57, marked by two sets of figures. Lines, 10 on a page. Date, 1086 B. S. (1679 A. D.). Handwriting, excellent. Incomplete. Worm-eaten in each folium of the MSS.

Beg.

শ্রীশ্রীকৃষ্ণ॥ শ্রীশ্রীসরস্বতি চরন স্মরন॥ শ্রীশ্রীমহাভারথ
বিরাটপর্ব্ব লিক্ষতে॥ পিতা পরাসরো জন্ত ইত্যাদি।

জন্মেজয় বলে শুন মুনি তপোধন।
দুর্য্যোধন ভয়ে পুর্ব্বে পিতামহগন॥
বিরাট নগর মধ্যে রহিলা অজ্ঞাতে।
কোনমতে বৎসরেক রহিলা কেমতে॥

Fol. 17 rev.

দুত বলে নিবেদন করি মহারাজ।
আজ্ঞা কর এখন করিব কোন কাজ॥
চরগন বচন শুনিঞা দুর্য্যোধন।
আমার জে বাঞ্ছা তাহা শুন সর্ব্বজন॥
দ্বাদস বৎসর তবে আজি হইল সেস।
আসিব পাণ্ডবগন পাইয়া নানা ক্লেস॥

End:

পুণ্যকথা ভারথের শুনে পুন্যবান।
পৃথিবিতে সুখ নাহি ইহার সোমান॥
দিল্ল তার জন্ম হয় পাপের বিনায়।
পাঁচালি প্রবন্ধে বিরচিলা কাসিদায়॥

Colophon:

বিরাটপর্ব্ব সমাপ্ত। ইতি সন ১০৮৬ সাল তারিখ ১
পৌষ পুস্তকমিদং শ্রীরামদেব বাগ।

2180. মহাভারত—অশ্বমেধপর্ব্ব।

MAHĀBHĀRATA—AŚVAMEDHA-PARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 1-29, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1182 B. S. (1775 A. D.). Complete. Place of find, Bankura. Handwriting, fair.

Beg.

শ্রীশ্রীকৃষ্ণ। অশ্বমেধপর্ব্ব লিক্ষতে॥

জন্মেজয় বলে মুনি করি নিবেদন।
অতঃপর কি করিলা পীতামহগন॥
কৃপা করি কহ সব মুনি মহাসয়।
মুনি বলে শুন পরিক্ষিতের তনয়॥

Fol. 17 rev.

কেহো বলে মার ২ কেহ বলে ধর।
বৃক্ষা সিলা ফেলি মারে পাণ্ডব উপর॥
কোন বা দানব ভয়ঙ্কর মুর্ত্তি ধরে।
বিবস্ত্রেতে দাণ্ডায় দ্রুপদি বরাবরে॥
হাথেতে করিয়া অস্ত্র গভির গমনে।
মেঘেতে উদ্ভিত জেন বিদ্যুত সমানে॥

Fol. 29 obv.

পাণ্ডব সর্গেতে গেলা শুনে জেই জন।
অবস্ত তাহার হয় বৈকুণ্ঠে গমন॥
ইহাতে অন্যথা নাহি কহিলেন ব্যাসে।
শুনিলে নরক হৈতে তরে অনায়াসে॥
শ্লোকছন্দে সংস্কৃতের চিলেন ব্যাস।
তাহাত লোকের কাছে না হয় প্রকাস॥

Fol. 29 rev.

জথাদিষ্টং তথা লিখিতং ইত্যাদি। সন ১১৮২ তারিখ ২৮ ভাদ্র রোজ মঙ্গলবার বেলা এক প্রহরে সমাপ্ত হইল॥

2182. মহাভারত।

MAHĀBHĀRATA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″ × 5″. Folia, 4-10, 18, 20, 21-26, 38-47, marked by two sets of figures. Lines, 12 on a page. Incomplete. Place of find, Bankura. Handwriting, excellent.

Fol. 4 obv.

ইহার জনক পুর্ব্বে বরিলেক মোরে।
মোরে বিভা না দিলেক দিলেক তুণ্ডরে॥
মিথ্যাবাদি তুণ্ড খসি না কৈল বিচার।
বিভা করি আনে কন্যা বরন আমার॥
মিথ্যা না কহিবে তুমি কহ সত্য বানি।
ভায়েতে এ কন্যা হয় কাহার গিহিনি॥

Fol. 23 rev.

আর কোনজন হেন আছয়ে ভূবনে।
হেন সাঁপ দিয়ে কেহো আপন নন্দনে॥
ব্রহ্মা বৈল মাত্রি সাঁপ পুত্রকে না বাধে।
সতে মেলি সিকার করিল নাগবধে॥
ধর্ম্মে অনুগত তাহে জেই নাগ হব।
জন্মেজয় জজ্ঞে মাত্র সেই রক্ষা পাব॥

Fol. 47 rev.

রাজা বলে মন্ত্রিগনে শুনিলে শ্রবনে।
আমিহ জানিবে ইহা নাহি বিস্মরনে॥

জানিঞা না জানি আমি লোকাচারে ডরি।
লোকে বলিবেক এই কোথাকার নারি॥
এত বলি নরপতি পুত্র কৈল কোলে।
সত ২ চুম্ব দিল বদনকমলে॥
সকুন্তলা করিল রাজা রাজপাটেশ্বরি।
পরম কৌতুকে রাজা চিরদিন রাযা করি॥

2186. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—VIRĀṬAPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″×5″. Folia, 4-25, 38-45. Lines, 10-11 on a page. Date, 1050 B. S. (1643 A. D.). Incomplete. Handwriting, fair.

Fol. 4 obv.

পার্থের বচনে রাজা কৈল অঙ্গিকার।
কেনমতে রাখ জেন না হয় প্রচার॥
গাণ্ডিবাদি ধনুকের খসাইয়া গুন।
গদা খড়্গ আদি জত অস্ত্র পুর্ণ তুন॥
বস্ত্র আচ্ছাদিয়া সব একত্র করিল।
অতি উচ্চ সাখা দেখি উপরে রাখিল॥

Fol. 24 rev.

হাসিয়া বলিলা পার্থ আমি ধনঞ্জয়।
উত্তর বলিল মোর মনে নাঞি লয়॥
কহ সত্য তুমি জদি পাণ্ডবতনয়।
দশ নাম ধরেন অর্জ্জুন মহাসয়॥
অর্জ্জুন বলিল নাম শুন হয় মোর।
জেই হেতু নাম হৈল বিক্ষাত সংসার॥

Fol. 45 rev.

পাণ্ডবের উদয় শুনয়ে জেই জন।
সর্ব্ব দুখে তরে সেই ব্যাসের বচন॥
আউ জস পুত্র তার বাড়য়ে সম্পদ।
আরগ্য সদত সেই না থাকে আপদ॥
ব্যাসের ভাসিত কথা পাঁচালির মত।
এতদুরে বিরাটপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon:

যথাদৃষ্টমিত্যাদি এ পুস্তক শ্রী কাশিরাম রায়ের॥ বকলম শ্রীসদারাম কর্ম্মকার। সন ১০৫০ সাল তা ১১ জৈষ্ট রোজ বৃস্পতিবার সমাপ্ত হইল॥

2191. মহাভারত—উদ্যোগপর্ব্ব।

MAHĀBHĀRATA—UDYOGAPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″×4½″. Folia, 1-52. Lines, 10 on a page. Incomplete. Place of find, Bankura. Handwriting, excellent.

Beg.

শ্রীশ্রীরাধাকৃষ্ণ। বেদে রামায়নেশ্চৈব পুরানে ভারথে-

স্তথা ইত্যাদি

জন্মেজয় বলে তবে শুন তপোধন।
সত্য হইতে মুক্ত জদি হইলা পঞ্চজন॥
তদন্তরে কি করিলা পিতামহগন।
আপন বিভাগ রাজ্য পাইবা কারণ॥
কোনদুত পাঠাইলা হস্তিনা নগরে।
দৃতরাষ্ট্র আদি দুজ্যোধন বুঝাবারে॥

Fol. 27 rev.

সেই সরোবরে রাজা হইলা উপনিত।
মুনির আশ্রমে কন্যা দেখে আচম্বিত॥
বহুরূপা নাম কন্যা দেবের নাচনি।
রূপেতে কনক-লতা খঞ্জননয়নি॥
মুখরুচি কত সসি করিয়াছে সোভা।
গণ্ডস্থল বান্ধুল বিম্বুক গণ্ডসোভা॥

Fol. 52 rev.

উৎপত্তি প্রলয় স্থিতি আমি সভাকার।
তবে বিসরিয়া লোক করে দুরাচার॥
আহংসার অপধর্ম্ম মনে নাহি জানে।
মোর ২ বলিয়া ত্রিথিবি চালে জলে॥
শ্রিষ্টী করি নিয়ম না করিলে আপনে।
প্রলয় অসুর ব্যাপি হইল এখনে॥
সহিতে না পারি আর হিংসকের ভার।
আজ্ঞা কর প্রবেসিয়া রহিব পাতাল॥

2194. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 31-50, 52, 53, marked by two sets of figures. Lines, 12 on a page. Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Fol. 31 obv.

দায় করি কৃপা যদি করিবে আমায়।
দায় হইয়া আমি সেবিব তোমায়॥
বড় ভাগ্য আমার পিতৃর কর্ম্মফলে।
সরন লইল আমি তব পদতলে॥
কৃষ্ণের আশ্রিত জানি তব পঞ্চ জন।
কেন আমি তব পায় লইনু সরন॥

Fol. 44 rev.

ধৈর্য্য হও, তেজভঙ্গ, ধর অস্ত্র দড়ি।
চাপিয়া বৈইব লহ প্রবোধের বাড়ি॥
এখনি কেমতে চাহ তেজিবারে রন।
কেনেক রহিয়া দেখ বিরাট-নন্দন॥
আজি সব বিনাসিব কৌরবের সেনা।
মোর ভূজবল আজি দেখুক সর্ব্বজনা॥

Fol. 53 rev.

শুক্লপক্ষ ত্রিয়োদসি বাসি মাস বুধে।
বৃহস্পতিবারে হইল ষাবিংসতি দিবসে॥
কাসিদাস-কৃত দিব্য ভারথ পবিত্র।
গোবিন্দের লিলা যব পাণ্ডব চরিত্র॥

Colophon:

ইতি বিরাটপর্ব্ব সমাপ্ত॥ কি ক্ষেনে জমুনা গেলাম, শ্যামরূপ দেখ্যা আইলাম, সেহ হইতে পরান কেমন করে।

2199. মহাভারত—স্বর্গারোহণপর্ব্ব।

MAHĀBHĀRATA—SWARGĀ-ROHANAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″ × 5″. Folia, 1-29, marked by two sets of figures. Lines, 10 on a page. Date, 1156 B. S. (1749 A. D.). Complete. Place of find, Bankura. Handwriting, fair.

Beg.

শ্রীশ্রীরাধাকৃষ্ণ নারায়ণং নমস্কৃত্যং ইত্যাদি
তবে জন্মেজয় রাজা আনন্দিত হয়া।
মুনিবরে জিজ্ঞাসিল বিনয় করিয়া।
পিতামহ চরিত্র শুনিতে কর্ণামৃত।
তব মুখে শুনি আমি হলাম পবিত্র॥
কিরূপে গেলেন স্বর্গ পঞ্চ সহোদর।
বিস্তার করিয়া মোরে কহ মুনিবর॥

Fol. 13 rev.

রথ গজ অশ্ব পদা অতেক রাজার।
করিল সকল দান বিবিধ ভাণ্ডার॥
সর্ব্ব রাজ্য সমর্পিল রাজা পরিক্ষিতে।
বিবিধ যৌতুক দিল সকল নৃপেতে॥
চারি সহোদর রাজা দ্রৌপদি সহিত।
তারপর বন্ধুগনে পাল্য পরিক্ষিত॥

Fol. 29 rev.

লক্ষ বেদ স্বরূপে মণ্ডিত করি খুয়ে।
পুণ্য তীর্থে দান করে বেদজ্ঞ দ্বিজেরে॥
তাহার সারস ফল ভারথ শ্রবনে।
ভক্তিভাবে শুনিলে পইবে নারায়নে॥
ভারথপঙ্কজ কবি মহামুনি ব্যাস।
স্বর্গপর্ব্ব শুনিঞা রচিলা কাসিদাস॥

Colophon:

যথাদৃষ্টমিত্যাদি সকাব্দা ১৬৭১ সন ১১৫৬ সাল মাহ জেষ্ঠ চতুর্দ্দসবাসরে সনিবারে সমাপ্ত। অজ্ঞান তিমির ইত্যাদি। এ পুস্তক শ্রীশুকদেব তাতিং শ্রীশ্রীরাধাকৃষ্ণ জয়তং।

2200. মহাভারত—সভাপর্ব্ব।

MAHĀBHĀRATA—SABHĀPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 2-94, 96, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1233 B. S. (1826 A. D.). Incomplete. Place of find, Bankura. Handwriting, bad.

Fol. 2 obv.

সুদরসনচক্র অনিবার তিন লোকে।
হেন চক্র হইতে তুমি উদ্ধারিলে মোকে॥
প্রচণ্ড আনল মুখে কৈলে পরিত্রাণ।
সেই হৈতে তোমারে বিক্রিত মোর প্রাণ॥
কি করিব আজ্ঞা মোরে কর মহাসয়।
তব প্রিত করিতে আনন্দ বিস্ময়॥

Fol. 62 rev.

দন্দ করিবারে বেলা রাছিল সংহতি।
সে মৈলে লুকাইল সব নরপতি॥
পাণ্ডবের তেজে চুর্ন হইল রাজাগনে।
ক্ষেত্রি হয়া সহে হেন কাহার পরানে॥
আর অপরূপ তথি দেখিল এ চক্ষে।
করলয়া রাজাগন দ্বারে সব থাকে॥

Fol. 96 rev.

মহাভারথের কথা অমৃত লহরি।
কাহার সকতি ইহা বর্নিবারে পারি॥
কাসিরামদাস কহে স্থনে সব জন।
.....হর্ষ সোকে অম্বালিকাকন॥
সভাপর্ব্ব সমাপ্ত পাণ্ডব গেলা বনে।
অতপর বনপর্ব্ব স্থন সর্ব্ব জনে॥

Colophon:

সভাপর্ব্ব সমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীগুরুচরন সাস্ত্রী সহক্ষর শ্রীকান্ত বার বিরুপতি বেলা আন্দাজি ৫ পাচদণ্ড তিথি দুয়াদসি ইাত সন ১২৩৩ সাল তিত্তারিখ ২৫ কার্ত্তিক ইত্যাদি।

2201. মহাভারত—সৌপ্তিকপর্ব্ব।

MAHĀBHĀRATA—SAUPTIKA-PARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{3}{4}'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-7, marked by two sets of figures. Lines, 10 on a page. Date, 1188 B. S. (1781 A. D.). Complete. Place of find, Bankura. Handwriting, good.

Beg.

৭শ্রীশ্রীরাম। সৌপ্তিকপর্ব্ব লিক্ষতে॥

মহারাজা দুজ্জোধন পড়িলত রনে।
কৃপ-কৃত-অস্বথামা বির তিনজনে॥
দুজ্জোধন রাজা দেখি ভূমের উপর।
উর্দ্ধ শুণ্ড গড়াগড়ি জায় নৃপবর॥

বনস্থলে পড়িয়াছে রাজা দুজ্জোধন।
দেখিয়াত তিন বির করেন ক্রন্দন॥

Fol. 4 rev.

কোন যুদ্ধে নিয়ম করিল পঞ্চজনে।
নিয়ম করিয়া কেনে করিল নিধনে॥
আজি রাতি পাণ্ডুসুতে বধিব নিশ্চয়।
হউগ অধর্ম্ম মোর তাবে নাহি ভয়॥
হরিসে আসিয়া দেখ তোমা দুইজনে।
আজি অপাণ্ডবা আমি করি একা রনে॥

Fol. 7 rev.

স্বস্তিক পর্ব্ব কথা এই ব্যাসের রচিত॥
ধর্ম্ম অবতার কথা পাণ্ডব চরিত।
মনের মানস পূর্ন্ন ধর্ম্মে বাড়ে চিত্ত।
হইল সপ্তম পর্ব্ব পাণ্ডব কথন।
পয়ার রচিয়া কাসিদাব বিরচন॥

Colophon:

ইতি সপ্তিকপর্ব্ব সমাপ্ত॥ সন ১১৮৮ এগার সত্ত অষ্টআবি সাল তা॰॥ মাব রোজ সোমবার লিক্ষকো দোব নাস্তিক॥ এপুস্তক শ্রীমানিকরাম দাব সা॰ আখন্দ প॰ জাহানাবাদ—

2203. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″×4½″. Folia, 1-3, marked by two sets of figures. Lines, 12 on a page. Incomplete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ জিউ। শ্রীশ্রীমহাভারথ

আদিপর্ব্ব লিক্ষতে।

বিঘ্ন বিনাসন গৌরির নন্দন
বন্দো দেবগন রাজে।
ব্রত যজ্ঞ হোমে সভার প্রথমে
ধাতা জারে আগে পুজে॥
থর্জ্জুল অঙ্গ বদন মাতঙ্গ
সুন্দর লম্ব উদর।
চন্দনে চর্চ্চিত সৌরভে ব্যালোল
গণ্ডে বোলয়ে ভ্রমর॥

Fol. 2 obv.

লিলাটে বিধির বেদ কৈল চারিখান।
যজু ঋক সাম আর অথর্ব্ব বিধান॥
কৈবর্ত্তি জননি জলধিপ মধ্যে জন্ম।
বাল্যকাল হইতে জার আচরন ব্রহ্ম॥
নমস্তে কবির-ইন্দ্র-চরন-পঙ্কজে।
পরম আনন্দে কাসিরাম সদা ভজে॥

Fol. 3 rev.

গর্ভবতি রমনি রাখিআ নিজ ঘরে।
ভৃগু মহামুনি গেলা স্নান করিবারে॥
হেনকালে প্রলোমা দানব ভয়ঙ্করে।
ভৃগুর গৃহিনি দেখি একা সুন্য ঘরে॥
কামেত পিড়িত চিত্ত অন্য নাহি ভায়।
কন্যা দিল ফলমুল কিছুই না খায়॥
বলে ধরিব বলি বিচারিল মনে।
গৃহে প্রবেসিতে দেখে জলন্ত আগুনে॥
অগ্নি হোত্র চাহিআ বলে দা—

2204. মহাভারত—কর্ণপর্ব্ব।

MAHĀBHĀRATA—KARṆAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 12½″×4½″. Folia, 25-47, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1268 B. S. (1851 A. D.). Complete. Place of find, Bankura. Handwriting, bad.

Fol. 25 obv.

হৃদয়ের কবজ কাটী ভেদিল স্বরির।
ছিন্ন ধ্বজ পতাকা কাটীল কর্ন্নবির॥
গজ অশ্ব কাটী গেল হইল প্রমাদ।
কৌরবের সেনাগন ছাড়ে সিংহনাদ॥
পুনর্ব্বার রথে চড়ি কর্ন ধনুর্দ্ধর।
রথ চালাইয়ে দিল ধর্ম্মের উপর॥

Fol. 37 rev.

কর্ন বিরের জয় চিন্তে অসুর রাক্ষস।
পুরন্দর আদি চিন্তে অর্জ্জুনের যস॥
অন্তরিক্ষে পুত্রের পানে চায় দিবাকর।
অর্জ্জুনের জয় চিন্তে ত্রিদস ইশ্বর॥
সৈন্যকে জিজ্ঞাসে তবে কর্ন ধনুর্দ্ধর।
আমার বচন শুন সৈন্য নরবর॥

Fol. 47 obv.

হেনকালে গেল রাতি উঠীলা সব মহারথি
স্নান সন্ধ্যা বিবিধ বিধানে।
কৃষ্ণার্জ্জুন কোলাকুলি কোরিলেন কুতুহলি
নানাবিধ বহু সাস্ত্বজানে॥
ভারথ স্বরন শুনহ সাধুজন
আউ জস অন্তরে সর্ব্ব বাস।
কোমলা কান্তের সুত হেতু সুজনার পুত
লিখিলেন খেত্রনাথ দাস॥

Colophon :

কর্ণপর্ব্ব সমাপ্ত। যদাদৃষ্টমিত্যাদি। পঠনার্থে শ্রীজীবন ঘোস সা° কাঞ্জা সন ১২৬৮ সাল তারিখ ২৯ মাঘ রোজ মঙ্গলবার ইত্যাদি—

2206. মহাভারত—কর্ণপর্ব্ব।

MAHĀBHĀRATA—KARṆAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 4½″. Folia, 1, 2, 5, 6, 9-18, 20-32, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1083 B. S. (1676 A. D.). Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ। কর্ণপর্ব্ব লিক্ষতে।

দৈবের বিপাকে হেন বিধাতা সংহারে।
প্রবিন পুত্রস সব তারা কেন মরে॥
সর্ব্বগুনে কর্ণবির আছে মহামতি।
সেনাপতি অভিশেক কৈল শিঘ্রগতি॥
কর্ণ আদি যুদ্ধ কত্তন বলে বিরগন।
কর্ণের সহিত হব পাণ্ডবের রন॥

Fol. 19 rev.

একদিন দ্বারকায় বলরাম সঙ্গে।
তুমি আমি বসিছিলাঙ কথার প্রসঙ্গে॥
আমি কহিলাঙ তবে সভার বিদিত।
রামচন্দ্র অবতার জগতে পুজিত॥
বহু দুঃখ রামচন্দ্র পাইল কাননে।
জানকি হরিয়া নিল রাজা দশাননে॥

End :

হেনকালে গেল রাতি উঠিল সব মহারথি
স্নান সন্ধ্যা বিবিধ বিধানে।
কৃষ্ণার্জ্জুন কোলাকুলি করিলেন কুতুহলি
নানাবিধ বহু সাস্ত্বজানে॥
ভারথশ্রবন কর সাধুজন
আউ জস, অন্তে সর্ব্ব বাস।
কমলাকান্তের সুত অতি সুজনের প্রীত
বিরচিল কাসিরাম দাস॥

Colophon :

ইতি কর্ণপর্ব্ব সমাপ্ত। সন ১০৮৩ সাল রোজ সনিবার তাঃ ২ আশ্বিন লিখিতং শ্রীরূপচান্দমণ্ডল।

2209. মহাভারত—স্ত্রীপর্ব্ব।

MAHĀBHĀRATA—STRĪPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{2}'' \times 4\frac{1}{2}''$. Folia, 28-40, marked by two sets of figures. Lines, 11 on a page. Date, 1183 B. S. (1776 A. D.). Handwriting, good. Place of find, Bankura.

Fol. 28 obv.

ধর্ম্মের প্রেমা.....জা ধর্ম্মের বিচারে।
পিতা জদি দোস করে দণ্ডিবেক তারে॥
গুরুর বচন নাহি করিবেক আন।
* * * *
পাইঞা বাপের আজ্ঞা জামদগ্নিসুত।
মায়ের কাটিল মাথা * * অদ্ভুত॥
এক মহামুনি ছিল বনের ভিতরে।
আশ্রমে আইল * * ভাই সহোদরে॥

Fol. 35 rev.

দুর্জ্জয় প্রতাপ রাম কোদণ্ড পণ্ডিত।
জার বানে ত্রিভুবন হয়েত কম্পিত॥
চতুর্দ্দস সহস্র রাক্ষসে দুই জন।
খরদুসন আসিঞা করিল মহারন॥
সংহতি সহস্রচন্দ পঞা সেনা চর।
রাম বানে পড়িলেন সমনের ঘর॥

Fol. 40 obv.

গোবিন্দ বিদায় হেতু হৈলা উদমনা।
পার্থবির চরনে ধরিঞা কৈল মানা॥
রনভূমে ছাড়ি সভে ভবনে পয়ান।
এতদুরে স্ত্রীপর্ব্ব হইল সমাধান॥
রমনিপদ্মের কথা অমৃত সমানে।
কাসিরাম দাস কহে সুনে পুণ্যবানে॥

Colophon:

ইতি স্ত্রীপর্ব্ব সমাপ্ত। লিখনং পরিশ্রমবেত্তা পুস্তকজং চোরমতি মতা চ সুকরি পিতা ভবতি গর্দ্দভ॥ লিখিতং শ্রীদর্পনারায়ন দেবসর্ম্মা সা° খটরা সন ১১৮৩ সাল বিত্তারিখ ১২ আশ্বিন তিথি ত্রিয়ুসি বৃহস্পতি বার মোকাম শ্রীসহদেব মুদির বাড়িতে লিক্ষতে যথাদৃষ্টমিত্যাদি—

2210. মহাভারত—দ্রোণপর্ব্ব।

MAHĀBHĀRATA—DROṆAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $14'' \times 5''$. Folia, 1-11, marked by two sets of figures. Lines, 10 on a page. Incomplete. Handwriting, bad. Place of find, Bankura.

Beg.

॥শ্রীকৃষ্ণ সহায়। শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নম।

নারায়ণং নমস্কৃত্যং ইত্যাদি—

দ্রোণপর্ব্ব লিক্ষতে॥

বৈশম্পায়ন বলে সুন পরিক্ষিতের তনয়।
সমরে পড়িলা জদি ভিস্ম মহাসয়॥
দসদিন যুদ্ধ করি নাশিল সেনাগন।
আপন ইচ্ছাতে তেহো হইলা পতন॥

Fol. 5 rev.

আর দসবান এড়ে তারা জেন ছুটে।
আচাজ্যের বুকে গিঞা বজ্র হেন ফুটে॥
বান খাঞা দ্রোনাচাজ্য হৈল অচেতন।
হাহাকার করি তবে ধায় যুদ্ধাগন॥

আর রথে করি তুবে দোণেরে লইল।
রথা লঞা সারথি সত্যরে পালাইল॥

End:

সোমন্ত সারথি বলে করি জুড় কর।
এক নিবেদন মোর শুন ধনুধর॥
* * * * * ।
* * * * * ॥
* * * দেখ দ্রোনবির।
আর বানে যোদ্ধাগন কেহ নহে স্থির॥

2211. মহাভারত—মুষলপর্ব্ব।

MAHĀBHĀRATA—MUṢALAPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{2}'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-10. marked by two sets of figures. Lines, 10 on a page. Date, 1200 B. S. (1793 A. D.). Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

অথ মৌসলপর্ব্ব লিক্ষতে॥

জয় পরাসরসুত জগতে বাখানি।
সত্যবতি উদরে জন্মিল ব্যাসমুনি॥
বাকাময় অমৃত নির্গত জার মুখে।
জার গাথা শ্রবনে তরিল তিনলোকে॥
সখা সনে বসিয়া নৃপতি জন্মেজয়।
জিজ্ঞাসিলা মুনিবরে করিয়া বিনয়॥

Fol. 5 rev.

পিতামহ ভিষ্মদেব গঙ্গার তনয়।
অবিচারে তাহারে মারিয়া কৈল ক্ষয়॥

এই সব লোকে রাজা নাই পায় মনে।
কেবল দেখিএ মোর নরকে গমনে॥
কিরূপে নরক হৈতে পাব পরিত্রান।
ইহার উপায় কহ প্রভু ভগবান॥

Fol. 10 rev.

জে দেখিলে জে শুনিলে করিবে সভাকে।
জদুবংশ সহ হরি গেলা পরলোকে॥
জাহ শিঘ্র বিলম্বে নাহিক প্রয়জন।
শুনিঞা সত্বর জাত্রা কৈল তত্ক্ষন॥
পুন্যকথা ভারথের সুধাসিন্ধুমত।
কাসিরাম কহে সাধু পিয়ে অনুব্রত॥

2212. মহাভারত—শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀNTIPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, $14'' \times 5''$. Folia, 1-16. Lines, 11 on a page. Incomplete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৺ শ্রীদুর্গা। সিব শ্রীঅথ সান্তিপর্ব্ব লিক্ষতে॥

মুনি বলে শুন নৃপতি জন্মেজয়।
সান্তিপর্ব্ব পুন্যকথা শুন মহাসয়॥
জাতিবধ পাপে তরি জাগিরথ বলে।
সোকাকুল জুধিষ্টির উঠিলেন কুলে॥
অসুজাস্তে কৈলা রাজা শ্রাদ্ধ শান্তিদান।
গঙ্গাতীর ছাড়ি ঘরে না কৈলা প্রয়ান॥
ভাগিরথি তিরে কৈলা উত্তম আলয়।
তথাতে রহিলা জুধিষ্টির মহাসয়॥

Fol. 8 rev.

নদি বৈতরনি বহে কি কব বাখান।
অমৃত সলিল পান করে পুণ্যবান॥
স্থানে ২ সরবর উজল ভুবন।
ইন্দ্রের সমান সোভা অতি সোসোভন॥
কত সত পরিচারি সেবে গুনবানে।
পাপিগন পাপভোগ করএ দক্ষিনে॥

Fol. 16 rev.

দস শিত দান রাজা কৈল দস দিনে॥
একাদস দিনে কৈল চান্দ শান্তিদানে॥
ভেত্রির বিধান যেন আছে সাস্ত্রনিত।
মহাদান নৃপতি করিলা অপ্রমিত॥
মহাসোক পাইলা রাজা ভিস্মের মরনে।
সর্বস্ব ব্রাহ্মনে দিব হেন কৈল মনে॥
আপনে পুরহিত হৈলা দেব নারায়নে।
বথাজোগ্য করি কন্ম করিলা..... ॥

2214. মহাভারত—গদাপর্ব্ব।

MAHĀBHĀRATA—GADĀPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½" × 4½". Folia, 1-14, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1180 B. S. (1773 A. D.). Complete. Handwriting, very good. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীহরি। অথ গদাপর্ব্ব লিখতে॥

বৈপায়ন হ্রদে প্রবেসিল দুর্জ্যোধন।
খুজিয়া পাণ্ডবগন না পায় দরশন॥
আগন সিবিরে গেলা কৃষ্ন নরপতি।
দুর্জ্যোধন তত্ত্ব চর গেল সিঘ্রগতি॥
দুর্জ্যোধন পাসে গেলা তিন সেনাপতি।
অস্বত্থমা কৃতবর্ম্মা কৃপ মহামতি॥

Fol. 8 rev.

পাণ্ডব মধ্যেতে বির দুর্জ্যোধন রায়।
নাহি ভয় রনেমত্ত মাতঙ্গের প্রায়॥
আকাসেতে দেবাসুর সিদ্ধ মুনিগন।
সাধু দুর্জ্যোধন প্রসংসিল সর্ব্বজন॥
করে গুরুতর গদা ভিম মহাবির।
সিরেতে সোনার টোপর জায় ধিরে ধির॥
মহাসিংহ জেন বির ধায়া আইষে জায়।
গদা দেখি দেবাসুর চমৎকার প্রায়॥

End:

ইহা জানি সুন সভে না করিহ হেলা।
কলি ঘোর সাগর তরিতে কর ভেলা॥
শ্লোকছন্দে রচিলেন মহামুনি ব্যাস।
পাচালি প্রবন্ধে কহে কাসিরাম দাস॥
একান্ত করিয়া চিত্তে সুন সর্ব্ব নরে।
গদাপর্ব্ব সমাপ্ত হইল এতদুরে॥

Colophon:

ইতি গদাপর্ব্ব সমাপ্ত। এমন অপুর্ব্ব কথা সদা কর মন। শ্রীজগন্নাথ ঘোষ করিল লিখন॥ একনধি গ্রামে বাস ঘোষ কুলভব। শ্রবন কারন ইহা লিখিলাম সব॥ সম্বত ঘোষ গোপ পুস্তক এ হয়। জত্ন করি লেখাইল কড়ি করে ব্যয়॥ চৌদ্দ পহরেতে পুস্তক হইল সারা। জত্নেতে রাখিবে জেন না হয় হারা॥ যথাদৃষ্টমিত্যাদি ইতি সন ১১৮০ সাল ২০ আষাঢ় রোজ।

2215. মহাভারত—গদাপর্ব্ব।

MAHĀBHĀRATA—GADĀPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 5″. Folia, 1-4, 6-10, marked by two sets of figures. Lines, 11 on a page. Date, 1085 B. S. (1678 A. D.). Incomplete. Handwriting, clumsy. Place of find, Bankura.

Beg.

অথ গদাপর্ব্ব ॥

দৈপায়ন হ্রদেতে প্রবেসিল দুর্য্যোধন।
বিচারিয়া পাণ্ডব না পাইলা দরশন ॥
আপন সিবিরে গেলা ধর্ম্ম নরপতি।
দুর্য্যোধন হ্রদে প্রবেসিলা সিঘ্রগতি ॥
অশ্বত্থামা কৃতব্রহ্মা কৃপ মহামতি।
দুর্য্যোধন পাদে গেলা তিন মহামতি ॥

Fol. 4 rev.

ঘোড়া রাখি রথ পদা সৈন্য সেনাপতি।
আছুক অন্যের কাজ নাইক সারথি ॥
কেবল আছিয়ে একা জদি চাহ রন।
গাহযুদ্ধ কর তবে কুন্তির নন্দন ॥
তুমি বা তোমার চারি অনুজসংহতি।
আর জে আছয়ে তব মোক্ষ সেনাপতি ॥

End:

বিজয় পাণ্ডবকথা অমৃত সমান।
অবহেলে সুনিলে জন্মিবে দিব্যজ্ঞান ॥
শ্লোকছন্দে বিরচিলা মহামুনি ব্যাস।
গদাপর্ব্ব ইতি সাঙ্গ কহে কাসিদাস ॥

Colophon:

যথাদৃষ্টমিত্যাদি। সন ১০৮৫ হাজার পাচাসি সাল মাহ ভাদ্র ৭ রোজ বেলা ২ প্রহর সময়ে। এই পুস্তক শ্রীনন্দদুলাল দাস ॥

2218. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA VIRĀṬAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5½″. Folia, 2-82. Lines, 9 on a page. Date, 1215 B. S. (1808 A. D.). Complete. Handwriting, excellent. Place of find, Bankura.

Fol. 2 obv.

বৎসরেক অজ্ঞাতে থাকিব লুকাইয়া।
তথোদিন তথাস্থানে রব সতে গিয়া ॥
দ্বিজগনে মেলানী করিয়া নৃপমুনি।
মুর্চ্ছিত হইয়া রাজা পড়িল ধরনি ॥
বিধাতা করিল মোরে এমন কুদিন।
মৃত্যুসম নিরখিব ব্রাহ্মনবিহিন ॥

Fol. 37 rev.

এতেক বিচার করে কুরুসত্তমগণ।
নিনয় করিতে না পারিল কোনজন ॥
পালাবে উত্তর অর্জ্জুন যায় পাছে।
সত পদ আন্তরে তার ধরিলা কবছে ॥
ব্যস্ত হইয়া উত্তর বলয়ে গদগদে।
না মারহ বৃহন্নলা পরি তোর পদে ॥

Fol. 82 rev.

মহাভারথের কথা অমৃতলহরি।
কাহার সকতি ইহা বর্ণিবারে পারি ॥

পাণ্ডবের উদয় শুনএ জেই জন।
সর্ব্বদুঃখ তরে শেই ব্যাসের বচন॥
এই কথা কহিলাঙ পাচালির মত।
এতদুরে বিরাটপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon :

ইতি শন ১২১৫ সাল তারিখ ২৪ কার্ত্তিক॥ মঙ্গলবার পঞ্চমী তিথী বেলা আড়াইপ্রহরে পুস্তক লিখা সংপুর্ণ হইল॥ শ্রীশ্রীগুরুপাদপদ্মশরনং॥

2220. মহাভারত—গদাপর্ব্ব।

MAHĀBHĀRATA—GADĀPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 1-9, marked by two sets of figures. Lines, 9 on a page. Incomplete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীকৃষ্ণ॥ অথো গদাপর্ব্ব লিক্ষতে॥

দৈপায়ন হ্রদে প্রবেসিলা দুজ্জোধন।
খুজিয়া পাণ্ডবগন না পাইল দরশন॥
আপন সিবিরে গেলা ধর্ম্ম নরপতি।
দুজ্জোধন স্থানে গেলা তিন সেনাপতি॥
অশ্বত্থামা কৃতবর্ম্মা কৃপ মহামতি।

Fol. 4 rev.

তা সভার সোকে কেন জিবন না জায়।
ছার বাযাযুক মোর আনলের প্রায়॥
ভাত্রিবধদণ্ড মোর হইল সফল।
ইহা জানি আমার বাড়য় সোকানল॥
তপেতে সাধিব মুঞি তপ অনুসারি।
আপনি যুজহ যুক লইয়া যুদ্ধরি॥

Fol. 9 rev.

বিমরিসি হইল বির ভিমসেন দেখি।
রহিলেন দুজ্জোধন সমর উপেক্ষি॥
ভিমের চেতন নাই দেখি কুরুবরে।
দয়া করি প্রহার না করিল ভিমেরে॥
কতক্ষনে চেতন পাইল ভিম বর।
গদা ধরি দাণ্ডাইল নির্ভয় শরীর॥

2226. মহাভারত—সভাপর্ব্ব।

MAHĀBHĀRATA—SABHĀPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″×4½″. Folia, 56-93. Lines, 9 on a page. Date, 1111B. S. (1704 A.D.). Incomplete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

নির্লজ্জা তোমারে আমি কি বলিব আর।
তোমরে দুস্কর্ম্ম বিক্ষাত সংসার॥
ভিষ্মকের কন্যা মোরে করিল বরন।
বহুদিন নাহি হয় জানে সর্ব্বজন॥
হরিয়া হইল তারে রাজসভা হৈতে।
তাহা কহ পুন লজ্জা নাহিক মুখেতে॥

Fol. 76 rev.

বিকর্ণবচন শুনি কর্ণ ক্রোধ হৈল।
দুর্জ্জোধন চাহি তবে কহিতে লাগিল॥

অনেক প্রকার বুদ্ধি দেখি যে ইহার।
অগ্নি যেন কাষ্ঠে ধরি করিল সংহার॥
সেইরূপে অগ্নিমত তোমার কুলেতে।
তেই হেনরূপে কথা কহিল সভাতে॥

Fol. 93 rev.

সভাপর্ব্বে সুধারস ব্যাস্ বিরচন।
পাপক্ষয় পুণ্যবিদ্ধি যুনে যেই জন॥
কাসিরাম দাস কহে পাঁচালির মত।
এতদূরে সভাপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon :

ইতি সন ১১১১ সাল তাঃ ৪ আসাড় শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥ শ্রীশ্রীমদনমোহন জিউ॥ শ্রীশ্রীরাধাদামোদর জিউ॥

2228. মহাভারত—নারীপর্ব্ব।

MAHĀBHĀRATA—NĀRĪPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″ × 5″. Folia, 1-17, marked by two sets of figures. Lines, 9 on a page. Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৺ শ্রীশ্রীরাম॥

বৈসম্পায়নমুখে শুনে রাজা কৌতুকে
জিজ্ঞাসীল নৃপ জন্মেজয়।
কুরুক্ষেত্রে যুদ্ধ হৈল যতো ক্ষেত্রীগন মৈল
শুনি মোর যুচুক সংসয়॥
তবে কী হইল মুনি ইবে কহ তাহা শুনি
কী করিলা পাণ্ডবকুমার।
আদ্যপান্ত যতো কথা শুনিলে ঘুচএ বেথা
নিবেদীল চরনে তোমার॥

Fol. 10 rev.

কপটে কান্দএ রাজা হৃদএ উল্লাষ।
মনেতে জানিল ভিম হইল বিনাস॥
পুত্রসোকে ধৃতরাষ্ট্র নাহি শুনে কানে।
ভিম মৈল বলি রাজা হরসীত মনে॥
নীপতির চেষ্টা বড় দেখী নারাঅনে।
হাসীয়া বলেন কৃষ্ণ মধুর বচনে॥

Fol. 17 rev.

হরীস চিত্তেতে থাক না কর ক্রন্দন।
আর ভয় নাহী মাতা তেজহ ক্রন্দন॥
আর যত কহিলাম পাইলে প্রমান।
এই দেখ ধৃতরাষ্ট্র সোকেতে বিমন॥
এই দেখ গান্ধারী কান্দয়ে পুত্রসোকে।
দুর্য্যোধন বলিয়া রহে অধোমুখে॥

2229. মহাভারত—ভীষ্মপর্ব্ব।

MAHĀBHĀRATA—BHĪṢMAPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″ × 4½″. Folia, 6-217, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1242 B.S. (1835 A.D.). Incomplete. Handwriting, good. Place of find, Bankura.

Fol. 6 obv.

কিন্তু তুমি বল মোরে সেনাপতি হৈতে।
বিসম তোমার আজ্ঞা না পারি লঙ্ঘিতে॥
তেকারনে নিবেদন করি মহারাজ।
পুর্ব্বাপর বুঝিয়া করিতে হয় কাজ॥
আমিহ তোমার অনুগত মহাসয়।
জাবদ আমার প্রাণ কণ্ঠেতে আছয়॥

করিব অথন তাহা আজ্ঞা কর তুমি।
কিন্তু এক বিচার করহ নৃপমুনি॥

Fol. 118 rev.

সপ্ত কুরুসৈন্য আজি করিব নিধন।
রাখিবারে না পারিব গঙ্গার নন্দন॥
সিঘ্রগতি রথ চালাইলা নারায়ন।
নানা বান বৃষ্টী করে কুপিয়া অর্জ্জুন॥
একবারে মারে বির লক্ষ লক্ষ সর।
নিমিসেকে সরজালে ঢাকিল অম্বর॥

Fol. 217 rev.

কাসিরাম দাস কহে ব্যাসের কৃপায়।
হরি হরি বল ভিষ্মপর্ব্ব হৈল সায়॥
আউ এস পুণ্য হয় তাহার শ্রবণে।
তারথপঙ্কজ জেই রাখে নিজধামে॥
তাহারে করেন রক্ষা শ্রীমধুসূদনে।
তাহার কলুস নাস জেই জন শুনে॥

Colophon :

ইতি শ্রীমহাভারথ বৃহদ ভিষ্মপর্ব্ব সমাপ্ত। যথাদৃষ্ট-মিত্যাদি পণ্ডিতং শ্রী লোরপচন্দ্র ঘোস সাকিম মাড় পরগনে চন্দ্রকোনা সন ১২৪২ সাল তারিখ ২ আশ্বিন রোজ বুধবার সংপুর্ণ হইল।

2230. মহাভারত—সৌপ্তিকপর্ব্ব।

MAHĀBHĀRATA—SAUPTIKA-PARVA.

BY

KĀSIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{2}'' \times 5''$. Folia, 1-5, marked by two sets of figures. Lines, 12 on a page. Date, 1222 B. S. (1815 A. D.). Complete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরাম। অথ গদাপর্ব্ব গতে সৌতিকপর্ব্ব লিক্ষতে॥

জন্মেজয় বলে কহ মুনি মুনিবর।
কোনজন কী কর্ম্ম করিল অতপর॥
মুনি বলে..... রাজার সাক্ষাতে।
অহঙ্কার করি বির লাগিল কহিতে॥
অবধানে শুন রাজা কৌরব ইশ্বর।
একথা কহি আমি তোমার গোচর॥

Fol. 2 rev.

বিবিধ প্রকারে স্তুতি করিআ জোড় হাতে।
প্রতক্ষ হইআ বর জাবে বিশ্বনাথে॥
দ্রোনে বলে ধার ছাড়ে দেহ উমা ধর।
প্রতিজ্ঞাপুরন হক দেহ এই বর॥
সিব বলেন এই কর্ম্ম করিতে না পারে।
যার রক্ষা করি আমি রহিআ চুআরে॥

Fol. 5 rev.

হাহা বিধি কোন বুদ্ধ করিব এখন।
এইরূপ রহিআ.....তিন জন॥
দ্রোনেরে চাহিআ বলে কৃপ মহাসয়।
আমি জে কহিএ তাহা শুন মহাসয়॥

মতিছন্ন হৈলা তুমি কি কর্ম্ম করিলে।
পাণ্ডবের প্রানপুত্র সকলি নাশিলে॥

2232. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—VIRĀṬAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 38-74, marked by two sets of figures. Lines, 10 on a page Date, 1103 B. S. (1696 A. D.). Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Fol. 38 obv.

বিচলিত অশ্বগন ঘের দেখ আজি।
নিরুচ্ছাহ সর্ব্ব সন্ত কান্দে.....বাজি॥
ভস্ম বৃষ্টি হইছে বহিছে তপ্ত বাত।
অন্ধকার দস দিগ সঘনে নির্ঘাত॥
বিনা মেঘে রক্তবৃষ্টি মহা কলরব।
বহু প্রানিবধের লক্ষন এই সব॥

Fol. 57 rev.

বিচিত্র হইল সোনা ধরনির তলে।
অসোককানন জেন বসন্তের কালে॥
একেশ্বর ধনঞ্জয় কুরুদলে দলি।
মহাবাতকালে জেন পড়িল কদলি॥
কালাগ্নি সমান সিক্ষা ধনঞ্জয় বিরে।
চক্ষু মেলি কার সক্তি পারে চাহিবারে॥

Fol. 74 obv., and 74 rev.

পাণ্ডবের উদয় সুনএ জেই জন।
সর্ব্ব দুখ্ খণ্ডে তারে ব্যাসের বচন॥
কাশিরাম দাসের সদাই রহু মন।
নিরবধি বলি মহাভারথ কথন॥

সেই কথা কহি আমি পাচালির মত।
এতদুরে বিরাটপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon:

ইতি বিরাটপর্ব্ব সমাপ্ত॥ ইতি সন ১১০৩ সাল তাঃ ৩২ পৌস। সাঃ সামবাজার যথাদৃষ্টমিত্যাদি—পুস্তক শ্রীবিশ্বম্ভর দে।

2323. মহাভারত—শল্যপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚALYAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 4½″. Folia, 1-5, 7, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1228 B. S. (1821 A. D.). Complete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীহরি॥ অথ শৈলপর্ব্ব লিখতে॥

পিতা পরাসর জন্ত ইত্যাদি—

কর্ণ জদি পড়িল আকুল কুরুবল।
চিন্তাকুল দুর্য্যোধন কান্দিয়া বিকল॥
হাহা কর্ণ করিয়া কান্দএ দুয্যোধন।
পুনর্ব্বার এড়িয়া বসিল বিরগন॥

Fol. 5 rev.

অসোক কিংসুক জেন দুই কলেবর।
অতি কোপে বান এড়ে শৈলের উপর॥
যুধিস্টীর রাজাকে বিন্ধিল একবারে।
কবজ ভেদিয়া বান মস্তক বিদারে॥
খুরপা বানেতে ধর্ম্মের কাটে পরাধন।
শারথি কাটীল তবে ধর্ম্মের নন্দন॥

Fol. 7 obv.

তিন রথি শুনিয়া চলিল ততক্ষন।
জথা আছে দুর্য্যোধন কুরুর নন্দন॥
ভারথ পঙ্কজ বুক অমৃতের ধার।
কাশি বলে ইহা বিনে সুখ নাহি আর॥
কাসিরাম দাস কহে রচিয়া পয়ার।
শুনিলে অধম খণ্ডে জমের নিস্তার॥

Colophon:

ইতি সৈলপর্ব্ব সমাপ্ত॥ সন ১২২৮ শাল তারিখ ১৮ চৈত্র পঠনার্থে শ্রী বেনিমাধব পাল॥

2234. মহাভারত—অশ্বমেধপর্ব্ব।

MAHĀBHĀRATA—AŚVAMEDHA-PARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 4½″. Folia, 82, 84, 96-110. Lines, 9 on a page. Incomplete. Handwriting, good. Place of find, Bankura.

Fol. 82 obv.

এত বলি বজ্রবান সাজন করিল।
রথ আরোহন করি পাতালে চলিল॥
মুনি না পাইঞে রাজা ক্রোধ হইল মনে।
ছুতে গিঞা বার্ত্তা দিল যমের স্থানে॥
পাতালে প্রবেস গিঞা বজ্রবান কৈল।
ছুতের মুখেতে বার্ত্তা নাগরাজ পাইল॥

Fol. 102 rev.

চন্দ্রহংস বলে করে নাহি প্রওজন।
ভেটের সামগ্রি দেহ করিঞা সাজন॥
তাহা শুনি কুলিন্দ হইলা হরসিত।
রাজ্জন জানে মতি আনন্দে পুরিত॥
ভেটের সামগ্রি সর্ব্ব জত রাওজন।
পাঠালা নৃপের ঠাঞি করিঞা জতন॥

Fol. 102 rev.

প্রনাম করিল দুঁহে রাজার চরনে।
আসির্ব্বাদ দিলা ধর্ম্ম আনন্দিত মনে॥
মুনিগনে প্রনমিলা বির ধনঞ্জয়।
বসিলা ধর্ম্মের পাসে হইঞা নির্ভয়॥
তবে ধর্ম্ম জিজ্ঞাসিলা অর্জ্জুনের স্থানে।
রাজপত্র কথা ভাই কহ মোর স্থানে॥
অর্জ্জুন কহিল কথা করিঞা নিভায়।
জোথা ২ ভ্রমণ করিয়াছিল হয়॥

2235. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 5″. Folia, 201, 202, 204, 205, 259, marked by two sets of figures. Incomplete. Handwriting, good. Place of find, Bankura.

Fol. 201 obv.

তাহার পশ্চাত পাঠাইল দুইজন।
ত্বরাত্বরি গেলা শীঘ্রে অশ্বিনি নন্দন॥
হৈল অন্তক্ষন বাহুড়িঞা না আইল।
দেখি ইন্দ্র দেবরাজ আপুনি চলিল॥

Fol. 204 rev.

আইলা দৈবকী দেবী রোহিনি রেবতি।
রুক্মিনী কালিন্দি সত্যভামা জাম্বুবতি॥
নগ্নজিতা মিত্র বিন্দা ভদ্রা শুলক্ষনা।
আর যত যদু নারি কে করে গননা॥

Fol. 259 rev.

শতেক যোজন বন খাণ্ডব বিস্তার।
লাগিল অনল বনে পর্ব্বত আকার॥
দুই ভিতে বনের রহিলা দুইজন।
নিসঙ্কে দহএ বন দেব হুতাসন॥
প্রলএর মেঘ জেন শুনি দড়বড়ি।
নানা জাতি পক্ষি পোড়ে শুনি চড়বড়ি॥

2236. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA

BY

KAŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 1-80, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1239 B. S. (1832 A. D.). Incomplete. Handwriting, bad. Place of find, Bankura.

Beg.

শ্রীদুর্গা। শ্রীঅথো বিরাটপর্ব্ব লিক্ষতে।
জন্মেজয় বলে শুন মুনি তপধন।
দুর্য্যোধন ওএ পুর্ব্বে পিতামহগন॥
বিরাট নগর মধ্যে রহিলা অজ্ঞাতে।
বৎসরেক নির্ব্বাহ করিলে কোন মতে॥

Fol. 43 rev.

ভিম বলে আমা হইতে নহে নৃপবর।
জিজ্ঞাসিলে মাতা কিছু না দেন উত্তর॥
আমারে করিল আজ্ঞা ধর্ম্ম নরপতি।
জননির পাএ ধরি করহ প্রণতি॥
তোমার দুখেতে রাজা সচিন্তিত হইল।
পুথা এ আকুল ভিম কুপিআ বসিল॥

Fol. 80 obv.

পাণ্ডবেরে দেখিআ বিস্তর সর্ব্বজন।
পঞ্চ গোটা ইন্দ্র জেন উদিত তপন॥
কতক দুরে উত্তর পড়ি ভূমিতলে।
কিতাঞ্জলি প্রণাম জে স্তুতি বাক্য বলে॥
দেখিআ বিরাট রাজা কুপিত অন্তর।
কঙ্কেরে চাহিয়া বলে কর্কস উত্তর॥
হে কঙ্ক কি তোর দেখি বেবহার।
কেমতে বসিলা তুমি আসনে আমার॥

2237. মহাভারত—নারীপর্ব্ব।

MAHĀBHĀRATA—NĀRĪPARVA.

BY

KAŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″×5″. Folia, 1-29, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1085 B. S. (1678 A. D.). Complete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীহরি। নারিপর্ব্ব লিক্ষতে।
জন্মেজয় জিজ্ঞাসিল কহ অংশব।
কি কর্ম্ম করিল তবে অর্জ্জ নৃপবর॥
কি করিল গান্ধারি প্রভিতি যত নারি।
কি করিল পঞ্চ ভাই দ্রোপদ কুমারি॥

Fol. 13 rev.

এই কর্ম্ম করিতে জন্মিলা কুরুকুলে।
হেন অদভূত কভু শুনি নাই কালে॥

মনস্ত হইয়া কর নরক্ত পান।
উরুভঙ্গ করিয়া মারিলে দুর্য্যোধন॥

Fol. 20 rev.

সর্ব্ব পাপ ক্ষয় হয় জন্মে দিব্যজ্ঞান।
ব্যাসের রচিত দিব্য ভারথ পুরান।
আপার সংসার সিন্ধু তরিবার তরে।
* * * *
এই লোকে সুক হব বৈকণ্ঠে গমন॥
কাসিদাষ বিরচিত পাচালির মত।
এতদুরে নারিপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon :

যথাদৃষ্টমিত্যাদি পাটস্থের শ্রী কমলাকান্ত দেবসর্ম্মন সা° জানুবহ সন ১০৮৫ সাল॥

2239. মহাভারত—জানপর্ব্ব।

MAHĀBHĀRATA—JĀNAPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13¼" × 4½". Folia, 1-18, marked by two sets of figures. Lines, 10 on a page. Date, 1111 B. S. (1704 A. D.). Complete. Handwriting, bad. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ। অত জানপর্ব্ব লিক্ষতে॥
পিতাপরাসর জন্ম ইত্যাদি।
জয় জয় পরাসর জগত বাখানি।
সত্যবতি উদরে জন্মিলা মহামুনি॥
* * নির্গত অমৃত জার মুখে।
জার গাথা শ্রবনে তরিলা তিন লোকে॥
সিংহাসনে নৃপতি বসিলা জন্মেজয়।
জিজ্ঞাসিল মুনিবরে করিআ বিনয়॥

Fol. 9 rev.

রাজার বচন শুনি চেবী জাগসেনি।
কান্দিতে ২ কহে চক্ষে পড়ে পানি॥
ধার্ম্মিক বলিআ তোমা ঘোষে তিনপুরি।
সহজে অবলা আমি কি বলিতে পারি॥
সূর্য্যবংশে দশরথ অজোদ্ধার পতি।
নানা জজ্ঞ দান করে ধর্ম্ম পরে মতি॥
তার পুত্র ভগবান হইলা আপুনি।
ধনু ভাঙ্গি বিভা কৈল জনকনন্দিনি॥

End :

গোবিন্দের মহাজাত্রা জেইজন শুনে।
পরিনামে পাঅ তার ব্রহ্ম সনাতনে॥
কাসিরামদাস কহে রচিআ পআর।
অবহেলে শুনে জেন সকল সংসার॥
মহাভারথের কথা অমৃত সাগরে।
জানপর্ব্ব সমাপ্ত হইল এতদুরে॥

Colophon :

ইতি জান পর্ব্ব মহাভারথ সমাপ্ত। লিখিতং শ্রীমোকর পান্ডুই সা° গোপালপুর পাটনার্থে শ্রীপিআরি পান্ডুই সাঃ গোপালপুর। সন ১১১১ সাল তারিথ ২১ পৌস রোজ শুক্রবার দিবস পাঠ অন্তে সমাপ্ত॥

2240. মহাভারত—উদ্যোগপর্ব্ব।

MAHĀBHĀRATA—UDYOGAPARVA.

BY

KĀSIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{2}'' \times 4\frac{1}{2}''$. Folia, 16, 17, 20, 21, 28, 29, 33-36, 39, marked by two sets of figures. Lines, 9 on a page. Incomplete. Handwriting, soiled and bad. Place of find, Bankura.

Fol. 16 obv.

৺ ৭ শ্রীশ্রীরাম।

ব্যাধিযুক্ত হইয়া তেজিল কলেবরে ॥
মৃত্যুমুখা হইতে যামি চিতা নিরমিল।
ঔর্ব্ব মুনি আসিআ আমারে নিবারিল ॥
মুনির বাক্যেতে আমি আছি তেকারন।
এতেক বলিআ রানি করএ রোদন ॥
শুনিআ সাগর ক্রোধে অরুন লোচন।

Fol. 27 rev.

জন্মেজয় জিজ্ঞাসিল কহ মুনিবর।
তবে কী করিলা কুরু পাণ্ডব সকল ॥
মুনি বলে নরপতি শুন একমনে।
কার বাক্য দুর্য্যোধন না শুনিল কানে ॥
তেকারনে জাও তুমি বিরাট নগরে।
মোর আসিব্বাদ জে করিবে পাণ্ডবেরে ॥

Fol. 39 rev.

দৈবের নির্ব্বন্ধ কভু না জায় খণ্ডন।
কথোদিনে ঘোরতর বহিল পবন ॥
বাসার সহিত মোর যুদ্ধ কলেবরে।
উড়াএ পেলিল লয়া প্রভাসের জলে ॥
পরস রঙ্গেতে মাত্রে প্রভাসের পানি।
সর্ব্ব পাপে মুক্ত হইলাও নৃপমুনি ॥

2242. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KAŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $10\frac{1}{2}'' \times 4\frac{3}{4}''$. Folia, 2-342, marked by two sets of figures. Lines, 9 on a page. Incomplete. Handwriting, fair. Place of find, Bankura. Mouse-eaten in part.

Fol. 2 obv.

কনক শিঙ্গল বর্ণ জটা তার শিরে।
প্রকাণ্ড স্থবির পরিধান ব্যাঘ্র চিরে ॥
নয়নকমল স্নিগ্ধ যুগল নিস্তর।
পদযুগে নত মুনি-সুর-ইন্দ্র-সির ॥
ভাগবত আদি করি অতেক পুরান।
জাহার কমলমুখে সভার নিদান ॥
লিলায় বিবিধ বেদ কৈলা চারিখান।
ঋক্ জোজু সাম আর অথর্ব্ব বিধান ॥
কৈবর্ত্তি জননি জার দ্বিপ মধ্যে জন্ম।
বাল্যকাল হইতে জার আচরন ধর্ম্ম ॥
মস্তকে বন্দিয়া ব্রাহ্মনের পদরজে।
পরম আনন্দে কাসিরাম দাস ভজে ॥

Fol. 15 rev.

অষ্টবসু নবগ্রহ অশ্বিনিকুমার।
অসুর রাক্ষস জক্ষ জত ছিল আর ॥
পালাইয়া গেল জত ত্রৈলোক্যের জন।
বিসন্ন বদনে চাহে দেব পঞ্চানন ॥
দুরে হৈতে দেবগন সভে করে স্তুতি।
রক্ষা কর ভূতনাথ ত্রৈলোক্যের পতি ॥
তুমা বিনা রাখে হেন নাহি অন্যজন।
সংসার হইল নষ্ট তুমা বিদ্যমান ॥
রাখ ২ মহাদেব বিলম্ব না সয়।
ক্ষেনেক হইলে আর হইবে প্রলয় ॥

দেবের বিনতা দেখি কাকুতি স্তবন।
বিশেষ বিনায় স্থষ্টী দেখি পঞ্চাননে॥

Fol. 218 obv.

৭ শ্রীশ্রীসীতারাম॥

দ্বিকর কমল কমল পদতল
ভূজ কমলের দণ্ড॥
মন্দ ২ বায় যোজনেক জায়
অঙ্গের কমল গন্ধে।
হয়া উনমত ধায় চতুর্ভিত
কমল মধুপ বৃন্দে।
কুবকুল ধ্বংশে কমলার অংশে
হৈল কমল সংযুত।
কমলা বিলাসি বন্দি কহে কাশি
কমলা কান্তের সুত॥

Fol. 308 obv.

প্রভাতে উঠিয়া সভে কৈল স্নান দান।
একোতে বসিলা সব যাদব প্রধান॥
উগ্রসেন বসুদেব সাত্যকি উদ্ধব।
অক্রুর সারন গদ শ্রীরাম মাধব॥
প্রসঙ্গ করিলা তবে দেব নারায়ন।
ভদ্রাকে দেখিয়া মোর স্থির নহে মন॥
বিভাজোগ্যা কন্যা জদি অবিবাহ থাকে।
অন্যজন অপজসে জননি জনকে॥
অবিবাহিত কন্যা জদি হয় রিতুবতি।
উভয়ত সপ্ত পুরুস হয় অধোগতি॥
কুলের কলঙ্ক হয় সংসারেতে লাজ।
তেকারনে কন্যা দিতে না করিবে ব্যাজ॥
সপ্তদশ বৎসর তার গেল কন্যাকাল।
তেঞি বিবাহ হৈতে বিলম্বে নাই কাজ॥
আমিত সম্বন্ধ জোগ্য না দেখিয়ে আর।
একচিত্তে হইল মোর কুন্তির কুমার॥
রূপে গুণে কুল সিলে বলে বলবান।

Fol. 341 rev.

অনুমান কোরি নাম দিল দিজগনে।
প্রিতিবন্ধ নাম দিল ধর্ম্মের নন্দনে॥
যুতসম নাম বৃকোদর পুত্রে দিল।
চক্রধন্ম বলি নাম পার্থ পুত্রে দীল॥
সত্যানিক নাম দিল নকুল নন্দন।
জয়সেন সহদেব তনয় স্থাপন॥
এই নাম থুইলেন এ পঞ্চ কুমার।
রূপে গুনে বির্য্যবন্তে সমান পিতার॥
.....জেই জন স্থনে।
তার বংব বিদ্ধি হয় কোহিল পুরানে॥
.....বাড়য়ে সম্পদ।
ভারথ শ্রবনে কোভু না পড়ে.....॥
..... কহে স্থনহ সংসার।
ইহা বিনু প্রিথিবিতে.....নাহি আর॥

Colophon:

ইতি ব্যাস বিরচিত.....পাণ্ডব.....আদিপর্ব্ব সমাপ্ত॥
যথাদৃষ্ট মিত্যাদি—.....
সাল তারিখ ১ পৌষ বার রোবি বেলা আড়াই প্রহ.....
.....শ্রীল শ্রীযুত জগমন্ত সিংহ কাজী গোস্বামির
.....য়া সমাধা হইল লিখিতং শ্রীল শ্রীযুত রাধানাথ শী
.....তি লাল সীংহ বাবু শা° জান কুস্তি চৌকী
বাধানগর ইত্যাদি—

2243. মহাভারত—উদ্যোগপর্ব্ব।

MAHĀBHĀRATA—UDYOGAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 21-58, marked by two sets of figures. Lines, 10 on a page. Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Fol. 21 obv.

একে ২ পঞ্চজনে কহিবে কল্যান।
বিনয় প্রনয় করি কহিবে বিধান॥
দ্রো'দিকে য়াসির্ব্বাদ কহিবে আমার।
দৈবগতি দেখ এই সকল সংসার॥
দৈবে জাহা করে তাহা কে খণ্ডিতে পারে।
পরম সুবুদ্ধি জ্ঞান দৈবে নষ্ট করে॥

Fol. 51 rev.

তবস্বরে বুকাইল জত সভাজন।
কার বাকা না য়ুনিল গান্ধার নন্দন॥
অদৃষ্ট মা'নঞা তবে অম্বিকা নন্দন।
নিশ্বাস ছাড়িএ হেট করিলা বদন॥

Fol. 58 rev.

কোন মতে পারি জদি ছাড়াতে বন্ধন।
তপস্যা করিএ পাপ করিব মোচন॥
গৃহবাসে কার্জ্য নাই জাব বনবাস।
অনাহার করি পাপ করিব বিনাস॥

2244. মহাভারত—স্বর্গারোহণপর্ব্ব।

MAHĀBHĀRATA—SWARGĀROHAṆAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 1, 6-8, 10-12, 16-34. Lines, 9 on a page. Incomplete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীহরি। অথো স্বর্গ আরোহনপর্ব্ব লিক্ষতে॥

তবে জন্মেজয় রাজা আনন্দীত হয়া।
মুনিবরে জিজ্ঞাসিল বিনয় করিয়া।
পিতামহো চরিত্র শুনিতে কর্ণামৃত।
তবমুখে শুনি আমি হলাম পবিত্র॥

Fol. 19 rev.

রাজা ভোগে অগ্নি দিয়া জাই পঞ্চ ভাই।
দ্রোপদি লইয়া সঙ্গে জোথা গোবিন্দাই॥
মহাভারথের কথা শুনিলে পবিত্র।
সর্গ রারহন কথা কেবল অদ্ভুত॥
কাসিরাম দাস কহে শুন সাধুজন।
পাইবে নিজান গতি করহ শ্রবন॥

Fol. 34 rev.

মহাপুন্যবান রাজা অতুল ভূবনে।
পাপি উদ্ধারিলা রাজা দিয়া পরদানে॥
এতেক শুনিলা জদি তাহার বচন।
সাধু২ প্রসংসা করিলা তারে জন॥
মহাভারথের কথা শ্রবনে পবিত্র।
কাসিরাম দাস কহে পাণ্ডব চরিত্র॥

2245. মহাভারত—মুষলপর্ব্ব।

MAHĀBHĀRATA—MUṢALAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″×4½″. Folia, 1-11. Lines, 9 on a page. Date, 1234 B. S. (1827 A. D.). Complete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীকৃষ্ণরাম জিউ। অথো মৌসলপর্ব্ব লিক্ষতে।

জন্মেজয়ের রাজা জগত বাখানি।
সত্যবতি উদরে জন্মিলা ব্যাস মুনি।
বাকাময় অমৃত নিগর্ত্ত জার মুখে।
আর কথা শ্রবনে তরিল তিন লোকে॥

Fol. 5 obv.

কিরূপে নরক হইতে পাব পরিত্রান।
ইহার উপায় কর প্রভু ভগবান॥
এত বলি কান্দে রাজা কৃষ্ণের সাক্ষাতে।
এই বর দেহ হরি পাপ তরি জাতে॥
ভারথ পঙ্কজ রচিলেন মহামুনি ব্যাস।
পাচালি প্রবন্ধে বিরচিল তার দাস॥

Fol. 11 obv.

কিছুমাত্র করি আমি রচিয়া পয়ার।
অবহেলে শুনে জেন সকল সংসার॥
কাসিরাম দাস কহে পাচালির মত।
এতোদুরে মোষল পর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon:

যথাদৃষ্টমিত্যাদি—ইতি সন ১২৩৪ বাংসর চৌত্রিস সাল তারিখ ২৫ ফালগুনে তিথি কৃষ্ণপক্ষে সষ্টি বার—শুক্রবার। অবসেসে পতিত রাজা মুর্খ বংসেন পণ্ডিত নিধনেন ধনং পাপং তৃণবৎ মন্যতে জগত। পয়ার। ছোটলোক দৈব-জোগে জদি রাজা হয়। মুর্খবংশে পুত জদি পণ্ডিত জন্মায়। দারিদ্র হইয়া জদি হয় ধনবান। এ তিন ভুবনে করে তৃণবৎ জ্ঞান। শ্রীশ্রী৺ গুরুদেব সম্বর্থ জাহাতে॥

2246. মহাভারত—দ্রোণপর্ব্ব।

MAHĀBHĀRATA—DROṆAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″×5″. Folia, 20-45, 54-59. Lines, 9 on a page. Incomplete. Handwriting, fair. Place of find, Bankura. Worm-eaten in part.

Fol. 20 obv.

গো বধ ব্রহ্ম বধ যত পাপ হয়।
সে সকল মোরে হয় কহিল নিশ্চয়॥
বিনা যদ্যস্তত (জয়দ্রথ) বধে সূর্য্য অস্ত হয়।
করিব শরির ত্যাগ কহিল নিশ্চয়॥
জয়দ্রথ না মারিয়া না আসিব ঘর।
করিনু প্রতিজ্ঞা আমি সভার গোচর॥

Fol. 39 rev.

হেন মতে মুক্ত আমি করি সেই জনে॥
এত শুনি ধনঞ্জয় আনন্দীত হইল।
গোবিন্দচরণে বির প্রণাম করিল॥
জয়দ্রথ বধ কথা অমৃত সমান।
কাসিরাম দেব কহে সুনে পুণ্যবান॥

Fol. 59 rev.

বাদ্য সব্দ হইল জত না জায় লিখন।
আনন্দেতে নৃত্যগীত করে নটীগন॥

রত্ন সীংহাসনে বৈসে ধর্ম্মের নন্দন।
ভাত্রিগন শঙ্খ রাজা আনন্দীত মোন।
বেইসম্পায়ন বলে জন্মেজয় স্থানে।

2247. মহাভারত—শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀNTIPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″ × 5″. Folia, 4, 6, 7, 9-12, marked by two sets of figures. Lines, 10 on a page. Date, 1252 B. S. (1845 A. D.). Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Fol. 4 obv.

মেঘশ্ব খঞ্জনি বাদ্য বাজে অপ্রমিত।
নট নাটু নিত্য করে মঙ্গল গিত॥
মহাভারতের কথা অমৃত শমান।
কাশিরাম দাশ কহে শুনে পুণ্যবান॥

Fol. 9 rev.

ভূতগন সহ তথা আইল ভুলপানী।
বৃক্ষ আরহন হইয়া আছে দ্বিজমনি॥
সেই বৃক্ষ তলেতে বসিল মহেশ্বর।
ভূত প্রেত বেড়ে রহে ঠাকুর শঙ্কর॥
ভূতের ভ্রকুটি দেখি দ্বিজের তনয়।
নিসঙ্কে রহিল বর মোনে পাইয়া ভয়॥
সেই দিনে হয় শীবরাত্র চতুর্দ্দশী।
দ্বিজপুত্রে নিরম্বে রহিল উপবাসী॥

Fol. 12 rev.

ব্রাহ্মনে পুজীব শম্ভা দিয়া রত্ন দান।
কুল বংশ তরিয়া করিব পুজাথান॥
মহাভারতের কথা অমৃত শমান।
কাশিরাম দাশ কহে শুনে পুন্যবান॥

Colophon:

ইতি শান্তিপর্ব্ব শমাপ্ত॥ যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীমধুসূদন নন্দি শাঃ রায়নগর শন ১২৫২ শাল তারিখ ২ ফাল্গুন॥

2248. মহাভারত—উদ্যোগপর্ব্ব।

MAHĀBHĀRATA—UDYOGAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 4½″. Folia, 1, 3, 8, 12-15, 19, 21, 31, 32, 42, 44, 46, 49, 57, 59, 61, 63. Lines, 10 on a page. Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীরাধাকৃষ্ণ—অথ উদ্যোগপর্ব্ব লিক্ষতে॥

জন্মেজয় বলে কহ মুনি তপোধন।
সভা হৈতে মুক্ত জদি হৈল পঞ্চজন॥
তদন্তরে কি করিলা পাণ্ডুর নন্দন।
আপন বিভূগেরাজ্য পাবার কারন॥

Fol. 46 obv.

জেবা কহে জেবা শুছে জে করে শ্রবন।
তাহারে প্রসন্ন হয় দেব নারায়ন॥
সেই কথা কহি আমি পাঁচালির ছলে।
ইত্যাদি লোকেতে জেন শুনে অবহেলে॥
মস্তকে বন্দিয়া ব্রাহ্মনের পদরজ।
কাসিদাস কহে গদাধর দাসাগ্রজ॥

Fol. 63 rev.

আমাতে জন্মিয়া সুখে আমাতে বিহরে।
আমাতে জন্মিয়া জিব আমাকে সংহারে।
উতপত্তি প্রলয় স্থিতি আমি সভাকার।
তবে বিসরিয়া হিংসা করে দুরাচার॥
অহিংসা পরমধর্ম্ম মনে নাহি জানে।
মোর ২ বলি পৃথি নহিল গেয়ানে॥
সৃষ্টি করি নিয়ম না করিল আপনে।
প্রলয় অসুর ব্যাপি হইল এখনে॥
বহিতে না পারি আর হিংসকের ভার।
আজ্ঞা কর প্রবেসিয়া রহিব পাতাল॥
নম আদি পুরুস অনাদি পরাৎন।
উপায় উদ্ধার কর ব্রহ্ম সনাতন॥

2249. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KAŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5¾″. Folia, 1-238, marked by two sets of figures. Lines, 11 on a page. Date, 1222 B. S. (1875 A. D.). Complete. Hand-writing, fair. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণচরণ শরণং। শ্রীমহাভারথ
আদিপর্ব্ব পিতাপরাসরোজস্ত ইত্যাদি—
সিদ্ধাদাতাগনেস॥

জয় গৌরির নন্দন বিঘ্ন বিনাসন
বন্দো দেবগন রাজে।
ব্রত জজ্ঞ হোমে সভার প্রথমে
ধাতা আগে জারে পুজে॥
খর্জ্জুর অঙ্গ বদন মাতঙ্গ
সুন্দর লম্ব উদর।
চন্দনে চর্চ্চিত সৌরভে মোহিত
ব্যালোল গণ্ডে ভ্রমর॥
স্কন্দে বিভূসিত বৈরির সুনিত
পরিধান ব্যাঘ্র ছাল।
ভূজ করিকর সরোরুহ ধর
পাসাঙ্কুস জপমাল॥
বহন ইন্দুর ভূসন সিন্দুর
য়াজাগু লম্বিত জটা।
প্রচণ্ড মণ্ডল মকুট কুণ্ডল
তিলক মিহির ঘটা॥
নানা পরিছেব কিংঙ্কিনী রঙ্গদ
নপুর বলয়া সাজে।
জত জিতেন্দ্রিয় জোগিগন পুয
জোগেন্দ্র জোগির মাজে॥
জাহার চরন করিয়া স্বরন
রচিল বিবিধ গাথা।
বাল্মিকি বসিষ্ট ব্যাস কবি শ্রেষ্ট
খিতি তলে হৈল খ্যাতা॥
জয় বিঘ্নেশ্বর মোর বিঘ্ন হর
হরি রসামৃত পানে।
তব পদাম্বুজে কৃষ্ণ দাসানুজে
বন্দি কাসিদাস ধ্যানে॥

বন্দো মহামুনি ব্যাস মুনির তিলক।
সুক সুত পরাসর জাহার জনক॥
বেদ সাস্ত্র পরিনিষ্ট সুবুদ্ধি সুধির।
নিলোতৎপল আভা জিনি কোমল স্বরির।
কনক পিঙ্গল বর্ণ জটাভার সির॥

Fol. 137 obv.

প্রকাণ্ড সরির পরিধান ব্যাঘ্র চির।
এক দ্বিজ আইল আমারে ভেটিবার॥
সুনিঞা আমার দুঃখ কৈল অঙ্গিকার।
বকে সঞ্চারিঞা মোরে করিল নিস্তার

এত শুনি মোহাবিষ্ট হৈল সর্ব্বজন।
ব্রাহ্মনের মাত্র কৈল বহু রত্নধন॥
আনন্দে ব্রাহ্মন গেল আপনার ঘরে।
দেবতুল্য পাণ্ডবে পূজয়ে দ্বিজবরে॥
মহাভারথের কথা অমৃত সমান।
কাশিরাম দাস কহে শুনে পুণ্যবান॥

Fol. 238 obv.

পাণ্ডবের বংস লাভ যেই জন শুনে।
তার বংস বিধী হয় ব্যাসের বচনে॥
..... ধর্ম্ম.....বাড়এ সম্পদ।
ভারথ শ্রবনে কভু না পড়ে আপদ॥
সুবুদ্ধি রসিক জনে সুধা সিন্ধুমত।
এতদুরে সভাপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon:

আদরস লিখা শ্রীযুত উমেদ সিংহ রাজা ঠাকুর সাঃ..... বিষ্ণুপুর পঠনার্থে শ্রীযুত বৈদ্যনাথ সিংহ বাহাদুর মহাসয় সাঃ.....বিষ্ণুপুর ইত্যাদি সন ১২২১ সাল। জমিদারি সন ১১২১ সাং ইত্যাদি—

2263. মহাভারত—দ্রোণপর্ব্ব।

MAHĀBHĀRATA—DRONAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

নিস্পাপ হইলা রাজা জানিলাম নিশ্চয়।
পুণ্যভারথ কথা অমৃত নয়॥
কাসিদাস বিরোচিল কৃষ্ণ ধ্যান করি।
পুর্ণ হল্য নারিপর্ব্ব সভে বল হরি॥

Colophon:

ইতি নারিপর্ব্ব সমাপ্ত হইল। যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীবংশিধর দাস স্বরকার সাঃ কোতআল বেড়া। পুর্ব্ব নিবাস পরগনে বিষ্ণুপুর পাঠার্থমিদং শ্রীনিমাঞি চরন দত্ত সাঃ শ্রামনগর। ইতি সন ১০০২ সাল। তারিখ ২২শে চৈত্র রোজ রোবিবার। বেলা একপ্রহরের ওক্তে সমাপ্ত হইল॥

3569. মহাভারত—উদ্যোগপর্ব্ব।

MAHĀBHĀRATA—UDYOGAPARVA.

BY

KASĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 12½" × 4½". Folia, 1-77, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1278 B. S. (1871 A. D.). Complete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীকৃষ্ণ। অথ উদজোগপর্ব্ব লিক্ষতে॥

জন্মেজয় বলে কহ মুনি তপোধন।
সত্য হৈতে মুক্ত জবি হৈল পঞ্চজন॥
তদন্তরে কি করিল পীতাম্বোহগন।
আপন বিভাগ রাজ্য পাবার কারন॥

Fol. 40 obv.

ব্রহ্মা সিব ইন্দ্র আদি জত দেবগন।
উদ্বেসে জাহার করে চরন সেবন।
নানা অবতার জেই কারন জগতে।
কোটী ২ অসুরের করিল নিপাতে॥

Fol. 77 rev.

জাবৎ স্বরির প্রান আছয়ে আমার।
তাবত করিব কার্য্য কহি • ॥
এত শুনি দুর্জ্যোধন হৈল হৃষ্ট মনে।
বহু পুরস্কার কর্ণে কৈল ততক্ষনে॥

Colophon :

সন ১২৭৮ সাল তারিখ ..১.....ইতি শ্রীমহাভারতে পঞ্চমপর্ব্বে উদ্যোগপর্ব্ব সমাপ্ত। জথা লিখক মহাসয় শ্রীবৈষ্ণব চরন মণ্ডল বিশ্বাস ॥

3584. মহাভারত—উদ্যোগপর্ব্ব।

MAHĀBHĀRATA—UDYOGAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{2}'' \times 5''$. Folia, 1-96, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1257 B. S. (1850 A. D.). Complete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ ॥

অথ উদযোগপর্ব্ব লিক্ষতে। পিতাপরাসর জন্ম ইত্যাদি—

জন্মেজয় জিজ্ঞাসিল মুনিবর স্থানে।
পন হৈতে মুক্ত যদি হৈলা পঞ্চজন ॥
তদন্তরে কি কোরিলা পাণ্ডুর নন্দন।
আপনার ভাগ রাজ্য পাবার কারন ॥

Fol. 69 rev.

কদাচিত মোর বাক্য না সুনিব কানে।
সবংস সহিত দুষ্ট হইব নিধনে ॥
অচিরে হইব তব দুঃখ পরিত্রান।
হস্তীনায় রাজধানি পাব ধর্ম্মবান ॥

Fol. 96 rev.

উদযোগ পর্ব্বের কথা অপুর্ব্ব আক্ষ্যান।
ব্যাসের রচিত দিব্য ভারথ পুরান ॥
সংসারেতে নাহি সুখ ইহার সমান।
এতদুরে উদযোগ পর্ব্ব হৈল সমাধান ॥
কাসিরাম দাস কহে হরিয়া পয়ার।
অবহেলে সুনে জেন সকল সংসার ॥

Colophon :

ইতি উদযোগপর্ব্ব সমাপ্ত। ইতি সন ১২৫৭ সাল তারিখ ১৪ ভাদ্র রোজ বৃহস্পতিবার বেলা দুই প্রহর উক্ত লিখা সাঙ্গ হৈল। জথাদৃষ্টমিত্যাদি লিখিতং। লেখকে দোস নাস্তীকং ইত্যাদি—

3586. মহাভারত—শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀNTIPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-72. Lines, 10 on a page. Handwriting, very bad. Complete. Place of find, Bankura.

Beg.

মহাধর্ম্মসিল রাজা প্রতাপে তপন।
সিলতায় চন্দ্র জেন তেজে বৈশ্রবন ॥
সর্ব্বত্র সমান ভাব গুনে গুনবান।
প্রজার পালনে জেন পুর্ব্বে ছিল রাম ॥

Fol. 35 rev.

ক্রোধেতে কৌসিক সহ কৈল বহুরন।
দুহে দুহাঁয় বান মারে না হয় কখন ॥
দুহে বান বিষ্টি করে কেহো নহে উন।
ক্রোধেতে গন্ধর্ব্ব বান মারে গুন গুন ॥

Fol. 72 rev.

মুনি বলে জন্মেজয় কর অবধান।
এতদূরে শান্তিপর্ব্ব হৈল সমাধান॥
দ্বিজএ বন্দিয়া ব্রাহ্মনের পদরজ।
কহে কাসিদাস গদাধর দাসাগ্রজ॥

Colophon :

ইতি শান্তিপর্ব্ব সমাপ্ত। ইহার পর অশ্বমেধপর্ব্ব। অথাদিতঃ ইত্যাদি এ পুস্তক শ্রীরাম প্রসাদ মল্লিকের—

3591. মহাভারত—দ্রোণপর্ব্ব।

MAHĀBHĀRATA—DRONAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 12½" × 4½". Folia, 1-92. Lines, 9 on a page. Date, 1271 B. S. (1864 A. D.). Complete. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীরামকৃষ্ণ।
অথ শ্রীমহাভারথে দ্রোণপর্ব্ব লিক্ষতে।
পিতা পরাসর জস্ত ইত্যাদি—

জন্মেজয় বলে তবে কহ তপোধন।
অমৃত সমান এই তোমার বচন॥
পিতামোহগণ কথা অপূর্ব্ব কাহিনী।
তব ভাসে যুধারথে ভাসীলাম আমী॥

Fol. 35 rev.

মুনী বলে রাজন কর তুমি অবধান
পূর্ব্ব পিতামোহ উপাক্ষান।
সাপার তরিয়ে জাবে মহানন্দ সুখ পাবে
অন্তে হবে বৈকুণ্ঠেতে স্থান॥

Fol. 92 rev.

মহাভারতের কথা অমৃত সমান।
একমনে শুনীলে জন্ময়ে জ্ঞানজ্ঞান॥
আয়ুজশ বৃদ্ধি হয় যাহার শ্রবনে।
কদাচন নাহি জায় জমের ভূবনে॥

Colophon :

ইতি দ্রোণপর্ব্ব সমাপ্তঃ। ইতি সন ১২৭১ সাল তারিখ ২৯ ভাদ্র।

3598. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 12½" × 5". Folia, 1-257, 260-338, 341. Lines, 9 on a page. Incomplete. Hand-writing, fair. Place of find, Bankura.

Beg.

৺৺ শ্রীশ্রীরাধাকৃষ্ণ চরণ।
অথ আদিপর্ব্ব লিক্ষাতে।
পিতা পরাসর জস্ত ইত্যাদি
নারায়ণং নমস্কৃত্যাং ইত্যাদি—
গণেসের বন্দনা লিক্ষাতে।

বিঘ্ন বিনাসন গৌরির নন্দন
বন্দোদেবগণ রাজে।
ব্রত জজ্ঞ হোমে সভার প্রথমে
যাতা অগ্রে জারে পুজে॥

Fol. 84 rev.

রাজা বলে শুন এই ধর্ম্মের বিচার।
কদাচিত মীথ্যা বোল নহেত যে আর॥
কন্যা বলেন হে রাজা ধর্ম্মের বিচার।
ভার্য্যাপুত্র দাসী তোমার অধিকার॥

Fol. 341 rev.

দ্বাপরের শেসে হইল যৌহা অবতার।
ব্রহ্মা বলেন.....আরবার॥
সে বন হইতে বিস্ত আছে বহুতর।
বনের রক্ষক তথা দেব পুরন্দর॥

3624. মহাভারত—মুষলপর্ব্ব।

MAHĀBHĀRATA—MUṢALAPARVA.

BY

KĀŚIRAM DĀSA.

Substance, country-made paper; size, 12½" × 4½". Folia, 1-12. Lines 8 on a page. Date, 1216 B. S. (1809 A. D.). Complete. Handwriting, fair. Place of find, Bankura.

৭ শ্রীশ্রীহরি সরন।
মৌসলপর্ব্ব লিক্ষাতে।

হস্তিনাপুরেতে বৈসে রাজা ধৃতরাষ্ট্র।
পুত্রের অধিক করি পালেন প্রজায়॥
নানা বিধি জজ্ঞদান করে নরপতি।
নিত্যাগিত আনন্দিত নানা বাদ্য গিতি॥

Fol. 8 rev.

ললাট লিখিত.....গেল বহু মুনি।
যোগিশ্বা ঈসিত হৈল দেবচক্ষ পানি॥
অশ্বত্থামা প্রনমিল গোবিন্দ চরনে।
সিরমনি তাহার স্থান লইল তক্ষনে॥

১৮৫

Fol. 12 rev.

বিজয় পাণ্ডব কথা হৈল সমাধানে।
শুনে জন্মেজয় রাজা আনন্দিত মনে॥
কাসিরাম দাস কহে শুন সর্ব্বজনে।
ইহকাল পরকাল জয় নারায়নে॥

Colophon:

ইতি সন ১২১৬ সাল তারিখ ২৯ পৌস।

3626. মহাভারত—সৌপ্তিকপর্ব্ব।

MAHĀBHĀRATA—SAUPTIKAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½" × 4½". Folia, 1-6, marked by two sets of figures. Lines, 10 on a page. Date 1098 B.S. (1691 A.D.). Complete. Handwriting, good. Place of find, Bankura.

৭শ্রীশ্রীকৃষ্ণ।
অথ সুপ্তিকপর্ব্ব লিক্ষাতে।

জন্মেজয় বলে কহ শুনি মুনিবর।
কোন জন কোন কর্ম্ম কৈল অতঃপর॥
মুনি বলে হোনপুত্র রাজার সাক্ষাতে।
অহঙ্কার করি বির লাগিল কহিতে॥

Fol. 4 rev.

এত বলি চলে সতে সত্বর গমন।
নিদ্রায় স্থবির হইল নাহি রহ মন॥
দুর্য্যোধন ২ ডাকে নেত্রজলে।
ঘোর অন্ধকার নিশি ত্রিসী নাহি চলে॥

Fol. 6 obv.

এইরূপে হইল সেই রজনি প্রভাত।
দস দিগ প্রসন্ন হইল দিননাথ॥
প্রানভয়ে তিনজন তথা.....রয়।
চলিল নগর মুখে সশঙ্ক হৃদয়॥

Colophon :

ইতি শ্রীমদ্ভাগতে সুপ্তিকপর্ব্ব সংপুর্ণ জথা দৃষ্টং ইত্যাদি। লিখিতং শ্রীনিলাম্বর দাস দেব দেবস্য সাকিম নোহারি পঠিতং শ্রীবংসিধর মণ্ডল সাঙ্গোপ। ইতি সন ১২৯৮ সাল তারিখ ৮ পৌষ রোজ বৃহস্পতিবার। তিথি সপ্তমি॥

3634. মহাভারত—ভীষ্মপর্ব্ব।

MAHĀBHĀRATA—BHĪṢMAPARVA.

BY

KĀŚĪRAM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{3}{4}'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-43 marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1252 B.S. (1845 A. D.). Complete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীহরি জৌ সহায়।
অথো ভিষ্মপর্ব্ব লিক্ষাতে।
নারায়ণং নমস্কৃত্যং ইত্যাদি—

নানা বেদ সাস্ত্র আদি কহি পুন২।
আদ্যঅন্তে মধ্যে জত হরিনাম শুন॥
সব মিথ্যা সত্য হরিনাম দ্বি অক্ষর।
প্রেমময় পুস্তক তারণ নাম ধর।

Fol. 23 rev.

চক্ষে নাঞি কিছু দেঁখি কর্ণে লাগে তালি।
না চীনি আপনপর বিরে বোলাবলি॥
গজ অশ্ব পড়িল পদাতি বহুতর।
দেখিয়া ক্রোধিত হইলা ভিষ্ম মহাবির॥

Fol. 43 rev.

কাসিরাম দাস কহে করিআ বিনয়।
সদা চিত্ত গোবিন্দ চরনে জেন রয়॥
ইন্দ্রানি নগরে বাস কাসিরাম দাস।
.....কৃষ্ণপদে আস॥

Colophon :

ইতি ভিষ্মপর্ব্ব সমাপ্ত হইল। জথাদৃষ্টং ইত্যাদি। লিখিতং শ্রীভৈরব চন্দ্র দাসভজস্য সাং গোবিন্দপুর পং জাহানাবাদ। সন ১২৫২ সাল তাং ৮ অঘ্রান রোজ শুক্রবার তিথি দ্বাদসী ইত্যাদি—

3650. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, $14\frac{1}{4}'' \times 5''$. Lines, 10 on a page. Date, 1250 B.S. (1846 A.D.). Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Fol. 2 obv.

.....বিবেক পৃথিবির মাঝ।
একজন নয়নে না দেখি মহারাজ॥

মৃত্যুসম দুর্খে বনে দ্বাদশ বৎসর।
তোমার নিয়মে বঞ্চিলাম নরবর॥
পাণ্ডবের পতি তুমী পাণ্ডবের গতি।
তুমি যেই পথে জাবে সঙ্গে সেই পথি॥

Fol. 40 rev.

বোলিলে বচন রাজা কর্ণেতে না যুন।
তথাপী নির্লজ্য হৈয়া কহ পুন২॥
এই যে দেখিলে বির ছদ্মবেস ধর।
নিশ্চয় অর্জুন এই কুন্তির কুওর॥

Fol. 87 rev.

মহাভারথের কথা অমৃতলহরি।
কাহার সকতি এহা বর্ন্নিবারে পারি॥
পাণ্ডবের বিজই শুনএ জেইজন।
সর্ব্ব দুখে তরে সেই ব্যাসের বচন॥
ইত্যাদি লোকেতে জেন যুনে মন দীয়া।
কাসিরাম বর্ন্নিলেন পাচালি রচিয়া॥
সেই কথা কহী আমি পাচালির মত।
এতদুরে বিরাটপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon:

ইতি সন ১২৫০ সাল তারিখ ২৯ ফাল্গুন রোজ বৃহস্পতিবার—

3677. মহাভারত—গদাপর্ব্ব।

MAHĀBHĀRATA—GADĀPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size 13½" × 4½". Folia, 1-12, marked by two sets of figures. Lines, 8 on a page. Date, 1259 B.S. (1852 A.D.). Handwriting, fair. Complete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীহরি।
অথোগদাপর্ব্ব লিক্ষতে॥
দ্বৈপায়ন রিদে প্রবেশিলা দুর্জ্জোধন।
বিচারিয়া পাণ্ডব না পাইল দরসন॥
আপন সিবিরে গেলা ধর্ম্ম নরপতি।
দুর্জ্জোধন তত্তে চর জাইক সিঘ্রগতি॥

Fol. 10 rev.

কুরুপতি মারিলে করিয়া অবিচার।
আপুনি কুরুরাজে * প্রহার।
তবে কেন পদাঘাত করিলে আরবার।
মরনে নাহিক ডর দুষ্টে অবিচার॥

Fol. 13 rev.

বিজয় পাণ্ডব কথা অমৃত সমান।
অবহেলে যুনে জেন সব পুন্যবান॥
এতেক তীর্থ দিয়াছে এ মহি মণ্ডলে।
.....ভারথ যুনিলে॥
অমৃত সমান যেই নিগুর রচন।
ইহ লোকে সুখে বাড়ে সর্গেতে গমন॥
ইহা বুঝি ভাই সব না করিহ হেলা।
ঘোর কলি তরিতে শ্রীগুরু কর তেলা॥
সোলক ছন্দে রচিলেন মহামুনি ব্যাস।
পাচালি প্রবন্ধে রচিলেন কাসিদাস॥

Colophon :

ইতি গদাপর্ব্ব পুস্তক সমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীরামগোপাল দাস..... ...ইতি সন ১২৫৯ সাল তা° ২৪ পৌষ।

3681. মহাভারত—উনশান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŪNAŚĀNTIPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 11″ × 5¼″. Folia, 1-33. Lines, 10 on a page. Date, 1266 B. S. (1859 A.D.). Incomplete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীরাধাকৃষ্ণ।
অথ উনশান্তিপর্ব্ব।
পিতাপরাসর জন্ত ইত্যাদি—

অপূর্ব্ব ভারথ কথা ব্যাসের বর্ণন।
এক মন হয়্যা সবে শুন শর্ব্বজন॥
জন্মেজয় বলে কহ কহ তপোধন।
তারপর কি করিলা পিতামোহগন॥

Fol. 17 rev.

চারিভিতে কতজন চামর ঢুলায়।
কৃষ্ণ অর্জ্জুন মোহে সম্মুখে দাণ্ডায়॥
গলে বস্ত্র দিয়া দোহে রাজার সদনে।
ডাকিয়া রাজারে কহে দেব নারায়নে॥

Fol. 36 rev.

বৈসম্পায়ন বলে জন্মেজয় স্থনে।
কাসিরাম দাস কহে গোবিন্দ চরনে॥
কাসিরাম দাস কহে ভারথ আক্ষান।
এতদুরে উনসান্তি হৈল সমাধান॥

Colophon :

ইতি মহাভারতীয় উনশান্তিপর্ব্ব সম্পূর্ণ। সন ১২৬৬ সাল তারিখ ৬ জেষ্ঠ সাক্ষর শ্রীরামগোপাল সেন সাং ঘুড়ুড়। শ্রীনবদ্বীপ চন্দ্র মণ্ডল সা° বাঁকাদহ প° বিষ্ণুপুর।

3687. মহাভারত—গদাপর্ব্ব।

MAHĀBHĀRATA—GADĀPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 1-9, marked by two sets of figures. Lines, 14 on a page. Date, 1232 B. S. (1825 A. D.). Complete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীকৃষ্ণ।

বৈশাঅন স্থদে প্রবেশিলা দুর্য্যোধন।
বিচারিল পাণ্ডব না পাইবে দর্শন॥
আপন সিবিরে গেলা ধর্ম্ম নরপতি।
দুর্য্যোধন অস্তে দ্রুত গেলা সিঘ্র গতি॥

কেনেক থাকিয়া দুহে হৈল উপনিত।
দুহে দুহা গদাঘাতে হইল পিড়িত॥
দুহার সরির হৈতে পড়এ রুধির।
বিক্রমে বিসাল দুহে রনে মহাবির॥

Fol. 9 rev.

ইহা জানি শুন সভে না করিহ হেলা।
কোলি ঘোর সাগরে তরিতে মাত্র ভেলা॥
শ্লোক ছন্দে রচিলেন মহামুনি ব্যাশ।
পাচালি প্রবন্ধে রচিলা কাসিদাস॥

Colophon :

ইতি গদাপর্ব্ব সমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীভাগবত পালিত। সাকিম গোসাঞীপুর পরগনে বিষ্ণুপুর জেলা জঙ্গলমহাল সন ১৮২৪ সাল তারিখ মতাবক বাঙ্গলা সন ১২৩২ সাল। তারিখ ২০ আসার। সন বিষ্ণুপুরি ১১৩১ সাল ইত্যাদি—

3688. মহাভারত—শল্যপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚALYAPARVA.

BY

KĀSIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″; Folia, 1-9, marked by two sets of figures. Lines, 14 on a page. Date, 1131 B.S. (1724 A.D.). Handwriting, fair. Complete. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ সহায়।
পিতাপরাসর ওস্ত ইত্যাদি—
জন্মেজয় বলে কহ শুনি তপোধন।
সমরে পড়িল জদি দুর্য্যোধননন্দন॥

Fol. 6 rev.

কি কর্ম্ম করিল তবে রাজা যুধিষ্ঠীর।
তবে কোন কর্ম্ম কৈল্য দুর্য্যোধন বির॥

Fol. 6 rev.

সাত্যকি সহিত আর আছিল বিরত্রত।
গজেন্দ্র সহিতে নারে দেখিআ উনমত্ত॥
গদা লঞা ভিমসেন হস্থিরে প্রহারে।
মহাযুদ্ধ করে তবে সাত্ম মহাবিরে॥

Fol. 9 rev.

এই কথা শ্রবনে অনেক পাপ খণ্ডে।
পরকালে নহে তার সমনের দণ্ডে॥
মহাভারথ শুনিলে হয় পাপ বিমচন।
পরকালে জায় নর বৈকণ্ঠ ভূবন॥

Colophon :

ইতি সৈলপর্ব্ব সমাপ্ত। জথা অদ্বরস ইত্যাদি—ইতি সন ১২৩২ সাল। তারিখ ৬ আগই.....মবসন ১১৩১ সালে ইঙ্গরেজি সন ১৮২৪ সাল তারিখ ১৯ জুন।

3692. মহাভারত।

MAHĀBHĀRATA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 4½″. Folia, 1-115, marked by two sets of figures. Lines, 9 on a page. Complete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৭৮শ্রীশ্রীরাধাকৃষ্ণ।
নারায়ণং নমস্কৃত্যং ইত্যাদি
অমৃত জিনিয়া এই ভারথ পুরান।
প্রতি ঘরে জাই জেন না করিলে পান॥

ব্যাসের রচিত এই গ্রন্থ সুধাসিন্ধু।
ভবকূপ তিমির নাসিতে পূর্ণ ইন্দু॥

Fol. 66 rev.

তবে ক্রমে ২ রাজা সহ মুনিগন।
কথোদিনে উত্তরিলা নৈমিশ কানন॥
গোমতিতে স্নান করি কৈল বহু দান।
তথা হৈতে পরতিথে করিল পয়ান॥

Fol. 115 rev.

পরাজয় হেতু জদি ধর অপমান।
সাস্ত্রমত কহি আমী তাহার বিধান॥
বিদ্যার সমান বন্ধু নাহিক ভুবনে।
অপত্য সমান স্নেহ নহে কোন জনে॥
সক্ত কেহ নহে রাজা ব্যাহের সমান।
সভাকে অধিক দেব দৈব বলবান॥
দৈব বলবান বুঝি জেমিলাম সবে।
মনস্ত হইলে অপমান বলি তবে॥

3704. মহাভারত—কর্ণপর্ব্ব।

MAHĀBHĀRATA—KARṆAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″ × 4¼″. Folia, 1-53, marked by two sets of figures. Lines, 10 on a page. Date, 1221 B.S. (1814 A.D.). Complete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥
অথ কর্ণপর্ব্ব লিক্ষতে॥ পিতাপরাসরো বন্দ ইত্যাদি—

জন্মেজয় বলে কহ শুনি তপোধন।
তদন্তরে কী করিলা পিতামহগন॥

মহাধির দ্রোনাচার্য্য পড়িল সমরে।
কি কর্ম্ম করিল তবে কৌরব কুমারে॥

Fol. 25 rev.

তে কারনে বুঝি তারে সংহার করিয়া।
মোর পুত্রী হেতু এথা আইল ধাইয়া॥
এত ভাবি যুধিষ্টির কৃষ্ণার্জ্জুনে চাহি।
কহিতে লাগিলা প্রভো কৃষ্ণ ত্রাহি ২॥

Fol. 53 rev.

দ্বিজ মুখে তার মর্ম্ম করিয়া শ্রবন।
পয়ার প্রবন্ধে কীছু করিল রচন॥
অবহেলে শুনে জেন সকল সংসার।
ইথে অপরাধ সাধু না লবে আমার॥

Colophon:

ইতি কর্ণপর্ব্ব সমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি। লিখিতং শ্রীতুলসিরাম রায় সাং গোসাঞীপুর এ পুস্তক শ্রীহরিচরন বনিকের হইল ইতি সন ১২২১ বার সর্ত্ত একুষ সাল তারিখ ৯ কাত্তিক সমবার দিবসে বেলা এক প্রহরের সময়ে ইত্যাদি—

3707. মহাভারত—শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀNTIPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½" × 5". Lines, 9 on a page. Date, 1272 B.S. (1865 A.D.). Handwriting, fair. Complete. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীহরি।

শান্তিপর্ব্ব আরম্ভ॥

বৈসম্পায়ন বলে শুন জন্মেজয়।
রাজা হৈল যুধিষ্ঠির ধর্ম্মের তনয়॥
বৈসম্পায়ন বলে কর অবগতি।
ভিষ্ম দরসনে গেল পাণ্ডবের পতি॥

Fol. 21 rev.

কোনখানে স্থানে ২ পাসেতে বন্ধন।
লক্ষ ২ কোটী ২ আছে পাপীগন॥
কোন খানে বিষ্টাকুণ্ডে ফেলি কথোজনে।
মস্তকে মগুরাঘাত মারে হুতগনে॥

Fol. 71 rev.

মহাভারতের কথা অমৃত লহরি।
কাহার সকতি ইহা বর্ণিবারে পারি॥
সঙ্খেপে কহিল কিছু রচিয়া পয়ার।
অবহেলে শুনে জেন সকল সংসার॥
হৃদয়ে চিন্তি চন্দ্রচুড় পদাম্বুজ।
কাশিদাস কহে গদাধর দাসাগ্রজ॥

Colophon:

শান্তিপর্ব্ব সমাপ্ত। সন ১২৭২। বার সপ্ত বাহার্ত্তোর সাল। তারিখ ৯ অগ্রহায়ন। রোজ বৃহস্পতিবার পঠনার্থে শ্রীরামচান্দ রায়। সাকিম সওয়া॥

3711. মহাভারত—সভাপর্ব্ব।

MAHĀBHĀRATA—SABHĀPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14" × 5". Folia, 1-83. Lines, 11 on a page. Date, 1645 Saka (1723 A.D.). Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীরাধারুষ্ণ।

ভাগবতে বাসুদেবায় নম। নারায়ণং নমস্কৃত্যং ইত্যাদি—

বন্দো মহামুনি ব্যাস মুনির তিলক।
সুতসুক পরসর জাহার জনক॥
বেদ সাস্ত্র পরিনই শুদ্ধ বুদ্ধি থির।
নিলপদ্ম আভা জিনি কমল সরির॥

Fol. 32 rev.

ধর্ম্ম আজ্ঞা করিল আনহ সিঘ্র গতি।
জননি পাঠাহ তার জথায় পাণ্ডতি॥
জতদ্রব্য আনিল সমর্প দুর্জ্যোধনে।
আজ্ঞা পাইয়া সহদেব গেলা ততক্ষনে॥

Fol. 83 rev.

ব্যাস দেব বিরাচিত অপুর্ব্ব ভারথ।
এতদুরে সভাপর্ব্ব হইল সমাপ্ত॥
কাশীদাস দেব কহে রচিয়া পয়ার।
অবহেলে শুনে জেন সকল সংসার॥

Colophon:

ইতি শ্রীমহাভারথে সভাপর্ব্ব সমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি ইতি সকাব্দা ১৬৪৫ সন ১১৩০ মাহ ৩১ চৈত্র রোজ সনিবার সিত পক্ষ সপ্তাং তিথৌ—

3734. মহাভারত—ঐষীকপর্ব্ব।

MAHĀBHĀRATA—AIṢĪKAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 12" × 4½". Lines, 9 on a page. Date, 1220 B. S. (1873 A. D.). Complete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীহরি।

অথো ঐসিকপর্ব্ব॥

মুনিবরে অবধান কর নরনাথ।
একণে হইল তবে রজনি প্রভাত॥
গোবিন্দ সহিত পঞ্চ পাণ্ডব কুমার।
একত্রে বসিয়া তবে করেন বিচার॥

Fol. 3 rev.

আপনার ব্রহ্মাস্ত্র ধনুকে পুরিল॥
ব্রহ্মাস্ত্রে ব্রহ্মাস্ত্র হয় নিবারন।
জানিয়া সন্ধান কৈল্য ইন্দ্রের নন্দন।
যুধিষ্ঠীরে ডাকিয়া বলেন ধনঞ্জয়।
এই কর্ম্ম করিতে উচিত না হয়॥

Fol. 6 rev.

জয় জয় গোবিন্দ পদ বন্দিয়া হরিসে।
স্তুতি কৈল যথাধর্ম্ম অশেষ বিসেসে॥
ভারথের দ্রৌনি-কথা ব্যাসের বচন।
শ্রবনে নিস্পাপ ভব ভয় বিমোচন॥
কাসিরাম দাস কহে যুনে পুণ্যবান।
ঐসিকপর্ব্বের কথা হৈল সমাধান॥

Colophon:

ইতি লিখিতং শ্রীমুরলি মোহন বিশ্বাস সাং আম্বীন পটক শ্রীনবকৃষ্ণ দাস সেন ইতী সন ১২২০ সাল।

3736. মহাভারত—কর্ণপর্ব্ব।

MAHĀBHĀRATA—KARṆAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13" × 4½". Folia, 1-48. Lines, 9 on a page. Date, 1271 B. S. (1864 A. D.). Complete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীরাধাকৃষ্ণ শরণং।
অথো শ্রীমহাভারথে কর্ণপর্ব্ব লিক্ষতে।
পিতাপরাপরোজন্ত ইত্যাদি—

জন্মেজয় জিজ্ঞাসীল কহ মুনীবর।
অতঃপর কি করিলা কুরু নৃপবর॥
এহার বিধান মোরে কহ মহামুনী।
পূর্ব্ব বিবরন জত তোমা হৈতে শুনী॥

Fol. 22 rev.

তবে কর্ণ মহাবির পূরিল সন্ধান।
মন্ত্র বলে এড়িলা বিংসতি গোটা বান॥
সাতগোটা বান তার খাইলা রন স্থলে।
গদায় ঠেকিয়ে বান পড়িলা ভূতলে॥

Fol. 48 rev.

রত্নময় পালঙ্কেতে করিলা শয়ন।
যুদ্ধশ্রমে নিদ্রা তবে গেলা শর্ব্বজন॥
নিরানন্দ মনে তবে রাজা দুর্য্যোধন।
আপনার নিজালয়ে করিলা গমন॥
মহাভারতের কথা যুগা সিন্ধু মহ।
এতদুরে কর্ণপর্ব্ব হইলা সমাপ্ত॥

Colophon:

ইতি কর্ণপর্ব্ব সমাপ্তং। সন ১২৭১ সাল তারিখ ৮ কার্ত্তিক।

3737. মহাভারত—কর্ণপর্ব্ব।

MAHĀBHĀRATA—KARNAPARVA.

BY

KĀSIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″×4½″. Folia, 1-29. Lines, 9 on a page. Date, 1243 B. S. (1836 A. D.). Complete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

শ্রীরাধা।

দ্রোন জদি পড়িল আকুল দুর্জ্যোধন।
কি করিব কি হইবে চিন্তে মনে মন॥
কি করিয়া পার হব এ মহাসাগর।
সোকাকুলে কান্দে রাজা.....ভিতর॥

Fol. 9 rev.

মহা মহা নাগ লয়া আইলা নাগপতি।
নিজ ২ তেজ দিলা পশুপতি প্রতি॥
ব্রহ্ম দণ্ড কাল দণ্ড রুদ্র দণ্ড বান।
রথের নিকটে বাউ বহে খরসান॥

Fol. 29 rev.

ভারথ শ্রবন কর সাধু সঙ্গে সদা ফের
আউজস অন্তে সর্গ বাস।
কমলাকান্তের সুত হেতু সুজনের সুত
বিরচিল কাসিরাম দাস॥

Colophon:

ইতি কর্ণপর্ব্ব সমাপ্ত লিখিতং শ্রীজদুনন্দন সরকার সা° মহেসপুর পাঠক শ্রীরামদন সরকার সা° ঐ গ্রাম সন ১২৪৩ সাল তা° ১৩ শ্রাবন।

3758. মহাভারত—অশ্বমেধপর্ব্ব।

MAHĀBHĀRATA—AŚWAMEDHAPARVA.

BY

KAŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 12½″×4½″. Folia, 1-206, marked by two sets of figures. Lines, 8 on a page. Date, 1254 B. S. (1847 A. D.). Complete. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

অশ্বমেধ লিখিতে। পীতা পরাপরো জন্ত ইত্যাদি—

জন্মেজয় বলে কহ মুনি তপোধন।
কোন ২ কর্ম্ম কৈল পিতামহগন॥
পঞ্চ ভাই যুধিষ্টির হস্তিনা নগরে।
কি কর্ম্ম করিল তবে কহ মুনিবরে॥

Fol. 112 rev.

শুনিলাছ রামায়নে সে সকল কথা।
অস্বমেধ তাহার জন্ম পুরানেতে গাথা॥
তুমি চাহ পিত সঙ্গে করিতে সংগ্রাম।
কেমনে এমন লাজে রাখিব পরাণ॥

Fol. 206 rev.

অচলা কামনা তার থাকে ভগবানে।
আও জন্ম বিষ্ণু হয় এ কথা শ্রবনে॥
একান্ত হইয়া শুনে যেই জন।
অন্তে কৃষ্ণ কৃপা পায় ব্যাসের বচন॥

Colophon:

জথাদৃষ্টমিত্যাদি। লিখিতং শ্রীকৃষ্ণমোহন সরকার .....পাঠক শ্রীরামচান্দ রায় সাং.....ইতি সন ১২৪৪ সাল সন ২২ অগ্রহায়ন রোজ মঙ্গলবার অমাবস্যা।

3763. মহাভারত—স্বর্গারোহণপর্ব্ব।

MAHĀBHĀRATA—SWARGĀROHAṆAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″ × 4½″. Folia, 1-48, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1271 B.S. (1864 A. D.). Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীহরি।

গয়ানপর্ব্ব আরম্ভ॥

বৈসম্পায়ন বলে শুন জন্মেজয়।
পরিক্ষিতে রাজ্য দিয়া পাণ্ডুর তনয়॥
গৃহের বাহির হইতে বিচারিল মনে।
ভাজ্যাসহ পঞ্চ ভাই কান্দে কৃষ্ণ বিনে॥

Fol. 35 rev.

নানা অলঙ্কারে সোভা ত্রৈলকামোহিনি।
মুখ পদ্ম স্থলপদ্ম সকল পদ্মিনি॥
বিচিত্র চম্পকদাম সোভিত গলায়।
কেহ২ নৃত্য করে কেহ গিত গায়॥

Fol. 48 rev.

সংপুর্ণ করিয়া হরি বল সর্ব্বজন।
এত দুরে সাঙ্গ হৈল স্বর্গ আরোহন॥
কাসী দাস বিরচিল গোবিন্দ ভাবিয়া।
পাইবে পরম সুখ শুন মন দিয়া॥

Colophon:

ইতি স্বর্গ আরোহণ সমাপ্ত। সন ১২৭১ সাল। তারিখ ২৬ জৈাষ্ট। পঠনার্থে শ্রীরামচান্দ রায়। সাং সপ্তা॥

3766. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″ × 4½″. Folia, 1-142, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1271 B. S. (1864 A. D.). Complete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৺শ্রীশ্রীহরি।

সারল বিরাট আরম্ভ॥

জন্মেজয় বলে মুনি করি নিবেদন।
দুর্য্যোধন ভয়ে পুর্ব্বে পিতামোহগন॥
বিরাট নগর মধ্যে রহিল অজ্ঞাতে।
বৎসরেক কেমতে বঞ্চিলা কোনমতে॥

Fol. 69 rev.

মহি টল২ করে চমকিত ফনি।
না চলে বাতাস উথলিল সিন্ধুপানি॥
ধনু ধরি রাজাগন গুন চড়াইল।
গুনে হৈতে বান লয়া গুনে বসাইল॥

Fol. 142 rev.

উৎসব করিল তবে বিভাহ কারন।
নট নটি নৃত্য করে বিবিধ বাজন॥
নানা বৃক্ষ ফলিল বিবিধ বর্ণমালা।
প্রতিদ্বারে হেমকুম্ভ প্রতিদ্বারে কলা॥

Colophon:

ইতি বিরাটপর্ব্ব সমাপ্ত॥ সন ১২৭১॥ তারিখ ২৯॥ রোজ মঙ্গলবার॥ পঠনার্থের॥ শ্রীরামচান্দ রায় সাকিম সপ্তা॥

3767. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 17" × 5½". Folia, 1-54, marked by two sets of figures. Lines, 10 on a page. Handwriting fair. Complete. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ স্বরনং॥

পীতা পরাসর জন্ত ইত্যাদি

জন্মেজয় বলে কহ মুনি তপোধন।
দুর্য্যোধন তত্র পুর্ব্বে পিতামোহগন॥
কোন বেসে বৎসরেক বঞ্চিবে অজ্ঞাতে।
বিস্তার করিআ কহ মুনি সর্ব্বপ্রাতে॥

Fol. 10 rev.

দ্রোপদে বলিল দেবি কর অবধানে।
তের দিন বোই মোরা জাব নিজ স্থানে॥
তুমারে গন্ধর্ব্বগন অপৃত না হব।
তের দিন উপারন্তে মোরে লজ্জা জাব॥

Fol. 54 rev.

সুভক্ষনে দুহাকার বিভা করাইল।
নানা রত্ন নানা দান মোৎস্ত রাজা দিল॥
মহাভারতের কথা অমৃত লহরি।
কাঁহার সকতি এহা বোর্নিবারে পারি॥

Colophon:

ভিমস্থাপী বনে ভঙ্গ ইত্যাদি শ্রীকৃষ্ণ পঞ্চানন্দ জানা তাহার পুত্র শ্রীতারাপ্রসাদ জানা সা° মানপাড় বাটি চৌকি প্রগনে খাল্লার.....নিজ মেদনিপুর ইহার দাম দেড় টাকা লইলাম॥

3768. মহাভারত—ভীষ্মপর্ব্ব।

MAHĀBHĀRATA—BHĪṢMAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13¾" × 5". Folia, 1-24, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1254 B. S. (1847 A. D.). Complete. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

৭শ্রীহরি॥

ভিস্মপর্ব্ব লিক্ষতে। নারায়ন পরাবেদা

নারায়ন পরাক্ষরা ইত্যাদি

জন্মেজয় বলে তবে কহ তপোধন।
তদন্তরে কি করিলা পিতামহগন॥
বিরাট নগর মধ্যে পাণ্ডুর নন্দন।
অজ্ঞাতে বঞ্চিলা সুখে ধ্যানন্বিত মন॥

Fol. 15 rev.

সিবিরে করিল জাত্রা পাণ্ডুর নন্দন।
প্রভাত হইল সব্দ হাইল জোদ্ধাগন॥
দুই বলে মহা যুদ্ধ না জায় ॰ ॰।
দুর্য্যোধনে দেখি ধায় বির বৃকোদর॥

Fol. 24 rev.

সজ্জায় থাকিয়া ভিস্ম বলিলা অর্জ্জুনে।
বুঝাইলাম সুন অতি রাজা দুর্য্যোধনে॥
অচিরে হইব পুত্র তোমার বিজয়।
জানিহ সকল সত্য হইব নিস্চয়॥
॰ ॰ ॰ ॰
কাসিরাম দাস কহে রচিয়া পয়ার।
অবহেলে সুনে জেন সকল সংসার॥
মহাভারথের কথা সুধা সম হিপ্ত।
এত দুরে ভিস্মপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon :

ইতি সমাপ্ত। লিখিতং শ্রীহলধর রায় পাঠক শ্রীরাম চাঁদ রায় সাং বাজয়ুল সন ১২৫৪ সাল তারিখ ২২ জেষ্ঠ রবিবার বেলা দুই প্রহর উক্তে লেখা সায় হইল।

3771. মহাভারত।

MAHĀBHĀRATA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 15½" × 5". Folia, 2-70, marked by two sets of figures. Lines, 9 on a page. Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Fol. 2 obv.

পিতৃসোসা কুন্তিদেবির বন্দিলেন শদে।
আলিঙ্গিঞা ভোজসুতা করিল প্রণাদে॥
তবে সুভদ্রার স্থানে গেলা ভগবান।
গদ্ গদ্ মৃদুভাস সজল নঞান॥

Fol. 38 rev.

কে বুঝিতে পারে জগন্নাথের চরিত্র।
অখিল ভুবন যার মায়ায় মোহিত॥
ধন্য রাজা ইন্দ্রদ্যুম্ন জন্ম সুক্ষেত্রেনে।
হেন প্রভু বস কৈল যাপনার স্থানে॥

Fol. 70 rev.

হিন জাতি সুতপুত্র বড় দুরাচার।
তার সহ সমদন্ত না সোভে তোমার॥
ভিম বলে ধনঞ্জয় আছ কি এ লক্ষে।
পুত্রবতি ভার্য্যার অদ্যাপি দুখ দেখে॥

3783. মহাভারত—মুষলপর্ব্ব।

MAHĀBHĀRATA—MUṢALAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 12" × 4½". Folia, 10-16. Lines, 9 on a page. Date, 1110 B. S. (1703 A. D.). Incomplete. Handwriting, good. Place of find, Bankura.

Fol. 10 obv.

যুধিষ্টির বলে বাপু শুন পরিক্ষীত।
তুমি রাজা হইলে হব সভার হিত॥
কেহ না সংহিব তোমা পৃথিবির মাঝে।
পালিবে সকল ক্ষেত্রি আপনার তেজে॥

Fol. 13 rev.

হরিবারে গেন্থ মৃগ দেখি নারায়ণ।
চমৎকার হইল মনে বিসন্ন বদন॥
বিলাপ করিয়া আমি কান্দি সোকভরে।
প্রবোধ করিয়া প্রভু আজ্ঞা হৈল মোরে॥

Fol. 15 rev.

দ্রৌপদী নির্ভিতে জত অন্তপুর নারি।
হাহাকারে কান্দে বড়ে গোবিন্দ স্বরি॥
তবে ধর্ম্ম নরপতী বিচারিল মনে।
গোবিন্দ করিল আজ্ঞা সর্গ আরোহনে॥
রাজ্যভার সমর্পীল রাজা পরিক্ষীতে।
.....ধর্ম্মরাজ দ্রৌপদী সহীতে॥

Fol. 16 rev.

বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
কাহার সকতী ইহা বর্নিবারে পারি॥
কাসীরাম দাস কহে পাঁচালির মত।
এত দুরে মুষলপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon :

তথাদৃষ্টমিত্যাদি। লিখিতঃ শ্রীবংশীধর দাস স্বরকার॥ সা° কোতওাল বেড়া॥ পাঠার্থমিদং শ্রীস্বরূপ চরন গরাই। সা° পাত্রবাখড়া ইতি সন ১১১০ সাল তিতারিখ ১৪ কার্ত্তিক রোজ রবিবার ইত্যাদি॥ বেলা দুই প্রহরের ওক্তে সমাপ্ত হইল।

3816. মহাভারত—ভীষ্মপর্ব্ব।

MAHĀBHĀRATA—BHĪṢMAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 1-43, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1187 B. S. (1780 A. D.). Complete. Handwriting, fair. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণায় নম॥

জন্মেজয় বলে মুনি করি নিবেদন।
অতপর কি করিলা পিতামহগন॥
কিরূপ হইল যুদ্ধ কহ বিবরন।
প্রথম যুদ্ধের সেনাপতি কোনজন॥

Fol. 28 rev.

ভাই সব তোমার দুর্জ্জয় ত্রিভুবনে।
আপনে বিসাদ তুমি কর কি কারনে॥
ভিমার্জ্জুন দুই বির জেন বৈশ্বানর।
সহদেব নকুল দেবতা পুরন্দর॥

Fol. 43 rev.

শ্রবনে অশেষ পাপ হয় বিমোচন।
হেন সুধা পান কর স্বর্গের কারন॥

১৮৮

শুন নর মনোহর ভিস্মকাল প্রাপ্ত।
এতদুরে ভিস্মপর্ব্ব হইল সমাপ্ত।
কাসিরাম দাসের মিনতি সর্ব্বজনে।
অবহেলা না করিহ ভারথ শ্রবনে॥

Colophon :

ইতি শ্রীমহাভারথে ভিস্মপর্ব্ব শমাপ্ত॥ পুস্তক শ্রী নিত্যানন্দ দাস জাতি সাকিম মানকর সাঅথর শ্রীদুর্গাচরণ দাস সাঃ মানকর পরগনে গোপভূম সরকার মন্দারন ১১৮৭ এগার সত্ত সাতাসি সাল॥ তারিখ ২৫ পচিসা বৈশাখ বেলা একপ্রহর।

3830. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″×4½″. Folia, 1, 3-7, 11-28, 31-55, 57-72, 74-80, 85-87, 89-93, 95-97, 126-128, 130, 136-147, 176-230, 233-260, 263-279, 286-306. Lines, 9 on a page. Handwriting, good. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

নারায়ণং নমস্কৃতাং ইত্যাদি আদিপর্ব্ব লিখাতে।

বিঘ্ন বিনাসন গৌরির নন্দন
বন্দো দেবগন রাজে।
ব্রত জজ্ঞ হোমে সভার প্রথমে
যাহা আগে জাবে পুজে॥
খর্ব্বথুল অঙ্গ বদন মাতঙ্গ
সুন্দর লম্ব উদর।
চন্দনে চর্চ্চিত বাহু সুবলিত
খালোল গণ্ডে ভ্রমর॥

Fol. 80 rev.

কেহ নাচে কেহো গাঅ কেহ দেই তালি।
নানা বাদ্য বাজে কেহ দেই হুলাহুলি॥
কিসলঅ সয্যায় সয়ন দেবজানি।
পদযুগে সেবে তার দৈত্যের নন্দিনি॥

Fol. 306 rev.

ব্রাহ্মনের ইষ্ট তুমি হও কৃপাবান।
চারি গুটি পুত্রে মোরে দেহ প্রানদান॥
দ্বিজ স্তুতি বসে অগ্নি দিলেন অভয়।
শুনি মন্ত্রপাল হৈল আনন্দ হৃদয়॥
খাণ্ডবে উঠিল অগ্নি মহা ভয়ঙ্কর।
পুত্রসহ সারঙ্গিনি চিন্তিতা অন্তর॥

3831. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″×5″. Folia, 2-9, 17, 19-25, 27, 31-61, 71-72, 75-78. Incomplete. Handwriting, fair. Place of find, Bankura.

Fol. 2 obv.

শহদেব নকুল বুকাল অনুক্ষন।
এই হেতু বড় দুঃখ সোহিল রাজন॥
মোর আগে বুকাবেক প্রিথিবির মাঝে।
হেনজন নঅনে না দেখি মহারাজে॥

Fol. 42 rev.

একজন হআ্যা জদি চাহ পুজিবারে।
তবে মোর দূত বাকা বোলিএ দুহারে॥
কনকের দণ্ড হঅ মানিক কেয়ুর।
সহস্রেক চম্পক সুগুন্ধি মনোহর॥
রজনি প্রভাতে জেই প্রথমে পুজিব।
নিশ্চঅ জানিহ আমি তাহার হইব॥

Fol. 78 rev.

দ্বিজগনে দক্ষিনা দিলেক বহুতর।
কল্যান কোরিআ সভে গেলা নিজ ঘর॥
কৃষ্ণসহ পঞ্চ ভাই হরিস অপার।
ঘরে২ মংঙ্গলেসে জঅ২ কার॥
পুণ্যকথা ভারথের সুনে পুণ্যবান।
প্রি[থি]বিতে নাহি সুখ ইহার সমান॥

3876. মহাভারত—সভাপর্ব্ব।

MAHĀBHĀRATA—SABHĀPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″×4½″. Folia, 1-122. Lines, 9 on a page. Date, 1231 B. S. (1824 A. D.). Complete. Place of find, Bankura.

Beg.

৭৺শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥
শোভাপর্ব্ব লিক্ষাতে॥ পিতা পরাসরো জন্ত ইত্যাদি—

জন্মেজয় বলে তবে কহ তপোধন।
তারপর কী করিলা পিতামোহগণ॥
শুনীলে আহ্লাদ বাড়ে জন্ময়ে রিদয়।
কৃপা করি কহ মোরে মুনী মহাসয়॥

Fol. 43 rev.

ক্ষেত্রীভাব হেতু যদি করহ বিচার।
তুমী আহ আমী সব পৃথিবির ভার

হাসীয়া অর্জ্জুন প্রতী বলেন উত্তর।
পৃথিবি ধরিবে হেন্ কৈল অঙ্গিকার ?

Fol. 122 rev.

পৃথিবির জত তীর্থ আছে খেতিতলে।
সর্ব্ব.....ফল হয় ভারথ শুনিলে॥
কাসীরাম দাস কহে পাঁচালির মত।
এতদুরে সভাপর্ব্ব হইল সমাপ্ত॥

Colophon :

ইতি সভাপর্ব্ব সমাপ্ত হইল॥ যথাদৃষ্টমিত্যাদি..... লিখিতং শ্রীবংসীধর দাস স্বরকার॥ সা°..... ইতি সন ১২৩১ সাল বিত্তারিখ ২৭ আগন॥ রোজ শুক্রবার।

3949. মহাভারত—আশ্রমপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀŚRAMAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14" × 4½". Folia, 2-11, 16-19. Lines, 9-10 on a page. Handwriting, fair. Place of find, Bankura.

Fol. 2 obv.

ভিমসেন মহাবির পবননন্দন।
পুর্ব্ব দুখ স্মরি না হয় পাসরন॥
স্মরিঞা সে সব দুখ ছাড়এ নিস্বাষ।
ক্রোধ মনে অন্ধ ধৃতি কহে কটুভাষ॥

Fol. 13 obv.

পুর্ব্বকথা আলাপনে বঞ্চএ রজনি।
হেনমতে কাননে রহিলা নৃপমুনি॥
মস্তকে বন্দিঞা দ্বিজগন পদরজ।
কহে কাসীদাস গদাধর দাসানুজ॥

Fol. 19 rev.

দিব্য রথে আরহিঞা ঘটোৎকচ বির।
দুর্দ্দরিস গদা হাতে প্রকাণ্ড সরির॥
বিচিত্র মুকুট মুনি সমরে গমন।
আজানুলম্বিত ভুজ ঘোর দরসন।

3950. মহাভারত—নারীপর্ব্ব।

MAHĀBHĀRATA—NĀRĪPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½" × 5". Folia, 1-23, marked by two sets of figures. Lines, 11-12 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

শ্রীরাম।
নারিপর্ব্ব লিখাতে॥

বৈসম্পায়ন মুখে শুনি আনন্দিত নৃপমুনি
জিজ্ঞাসিল রাজা জন্মেজয়।
কুরুক্ষেত্রে যুদ্ধ হৈল হত ক্ষেত্রীগন সৈল
শুনি মোর ঘুচিল সংসয়॥

Fol. 14 obv.

না কর ক্রন্দন শুন নৃপতির জায়া।
না পারে বুঝিতে কেহো বিধাতার মায়া॥
বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
কাসী কহে শুনিলে তরিএ ভববারি॥

Fol. 23 rev.

সামান্য সোকেতে রাজা নাহি কর ব্যথা।
আপনি বটহ তুমী সর্ব্বশাস্ত্রজ্ঞাতা॥
জে সব পড়িল রনে জ্ঞাতি বন্ধুগন।
সোকেতে না পাবে হেন না হয় রাজন॥

4000. মহাভারত।

MAHĀBHĀRATA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 15″×5″. Folia, 144 (by counting). Lines, 10 on a page. Date, 1242 B. S. (1835 A. D.). Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

আলিঙ্গন কৈল হইয়া দৃঢ়তরে।
দ্রৌপদীরে সম্ভাসিতে গেলা অন্তঃপুরে।
পার্থ দেখি তাপ কৃষ্ণা পাইল অন্তরে॥
অধোমুখে রহিলেন অভিমান মনে।

Fol. 8 rev. of Nārīparva.

হেন মায়া পাসে রাজা না হয় বন্ধন।
সাবধান হয়া রাজা তত্ত্বে দেহ মন॥
ভারথে স্ত্রীপর্ব্ব কথা রচিলেন ব্যাস।
পাচালি প্রবন্ধে কহে কাসিরাম দাস॥

End:

পুন্যকথা ভারথের স্থনে পুন্যবান।
পৃথিবিতে নাহি সুখ ইহার সমান॥
দিব্যজ্ঞান জন্মে হয় পাপের বিনাস।
বিরাটপর্ব্ব সংপূর্ণ কহিল কাসিদাস॥

Colophon:

ইথি শ্রীমহাভারথে পাণ্ডবিজএ কাসিদাস বিরচিতং চতুর্থে বিরাটপর্ব্ব সমাপ্ত॥ জথাদৃষ্টমিত্যাদি সন ১২৪২ সাল তা° ১৪ আস্বিন তিথি মহাষ্টমী রোজ সনিবার বেলা .....দণ্ড সমএ সমাপ্ত হইল। পাঠক শ্রীগৌড়ির মোহন সাধু সাঃ মোদ্দডিহী। লিখিতং শ্রীগৌড়ির মোহন সাধু সাঃ মোদ্দডিহী॥

4009. মহাভারত—দ্রোণপর্ব্ব।

MAHĀBHĀRATA—DROṆAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×4½″. Folia, 1-9, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ।
অথো দ্রোনপর্ব্ব লিক্ষতে। নারায়ণং নমস্কৃত্যং ইত্যাদি—

বৈসম্পায়ন বলে শুন জন্মেজয়।
সমরে পড়িল যদি ভিস্ম মহাশয়॥
দশদিন জুদ্ধ করি মারি সেনাগনে।
আপন ইচ্ছায় তিহোঁ হইলা পতনে॥

Fol. 4 rev.

জন্মেজয় কহে মুনি কহ বারবার।
সংক্ষেপে কহিলে কহ করিয়া বিস্তার॥

মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দেব কহে শুন পুণ্যবান॥

Fol. 9 rev.

ক্রোধ করি দ্রোন প্রবেসিলা রনে।
দেখি মহাতুষ্ট হৈলা কৌরব নন্দনে॥
সঙ্গে মহা জোদ্ধ হৈল আগুয়ান।
মহাক্রোধ যুদ্ধে সভে সন্ধান॥

4029. মহাভারত—দ্রোণপর্ব্ব।

MAHĀBHĀRATA—DROṆAPARVA.

BY

KAŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 18″ × 6″. Folia, 34-58, 186, 197-212, 218-241, §314-341. Lines, 10 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 34 obv.

মহাক্রোধ হৈয়া দ্রোন ধনু নিলা করে।
সর বৃষ্টী করে দ্রোন রাজার উপরে॥
সরে সর নিবারয় পাণ্ডব ইশ্বর।
দেখী দ্রোনাচার্য্য বির ভাবেন অন্তর॥

Fol. 206 obv. and rev.

মহাভারথের কথা যুধার লহরি।
কলির কলুস নাস ভবসিন্ধু তরি॥
মস্তকে বন্দিয়া দ্বিজগন পদরজ।
কহে কাসিদাস গদাধরদাসাগ্রজ॥

Fol. 341 rev.

পঞ্চজন্য সংখনাদ করে নারায়ন।
শুনি দুর্য্যোধন রাজা চমকিত মন॥
* * পায় রাখীতে না পারে।
কি করিব কি হইল ভাবয়ে অন্তরে॥

4044. মহাভারত—জানপর্ব্ব।

MAHĀBHĀRATA—JĀNAPARVA.

BY

KAŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 12½″ × 3¾″. Folia, 1-17. Lines, 8 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীগুরবে নম।

জন্মেজয় বলে শুনি কহ মুনিরাজ।
তদন্তরে পাণ্ডব করিলা কোন কাজ॥
কোন মতে লিলা সম্বরিলা নারায়ন।
কৃষ্ণ বিনা কি করিলা পিতামহগন॥

Fol. 7 rev.

তুমি গো জগত মাতা কে জানে তোমার কথা
বিষ্টুর প্রবসি সহচরি।
স্বামিগন সঙ্গে করি তেজিয়া হস্তিনাপুরি
কোন স্থানে চলাছ সুন্দরি॥

Fol. 17 rev.

রবি বংসে চন্দ বংসে অর্দ্ধ ভোজ বংসে।
ভারথ বংসে কত রাজা বসতংসে॥
নিজ পুণ্য বলেতে আইল সর্গপুরে।
কেহো না জানিল হেন তোমার উত্তরে॥

4046. মহাভারত—অশ্বমেধপর্ব্ব।

MAHĀBHĀRATA—AŚVAMEDHAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 21-73, marked by two sets of figures. Lines, 11 on a page. Date, 1234 B. S. (1827 A. D.). Handwriting, good. Incomplete. Place of find, Bankura.

Fol. 21 obv.

সংগ্রামে আপনে ভঙ্গ দিলা যদুপতি।
কেমতে বুঝিবে তুমি দৈত্যের সংহতি॥
ভিমার্জ্জুন সহদেব সকল কুমার।
না পারিল পরাক্রম সহিতে যাহার॥

Fol. 46 rev.

বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
শুনিলে অধর্ম্ম খণ্ডে পরলোকে তরি॥
কাসীরাম দাস কহে রচিয়া পয়ার।
অবহেলে শুনে জেন সকল সংসার॥

Fol. 73 rev.

বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
কাশী কহে শুনিলে তরিবে ভব বারি॥
ব্যাসের রচিত ভারথ অমৃত সংগীত।
এতদূরে অশ্বমেধ হইল সমাপ্ত॥

Colophon:

সমাপ্ত পুস্তক ভাদ্রপদ মাসে ত্রিংশতি দিবস বোধনবমী দিবসে॥ বারসত্ত চৌত্রিস সাল। সতবার জানি। কৃষ্ণার দশমী তিথী এই অনুমানি। লিখিত পুস্তক তিন জনে কৈল পার। কমলাকান্ত গোপীনাথ গোপাল মযুমদার। ইতি অশ্বমেধপর্ব্ব সমাপ্ত॥

4047. মহাভারত—আশ্রমপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀŚRAMAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 1-12, marked by two sets of figures. Lines, 13 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীরাম।

অথ আশ্রিমিক পর্ব্ব লিখ্যতে॥
জন্মেজয় বলে অবধান মহামুনী।
তদন্তরে কি কর্ম্ম হইল কহ শুনী॥
পিতামহ উপাক্ষ্যান অদ্ভূত চরিত্র।
তোমার প্রসাদে শুনি হইব পবিত্র॥

Fol. 9 rev.

পর্ব্বে সহজে মোর অঙ্গেতে জে ছিল।
আচম্বীতে এখন দিগুন তেজ হইল॥
মহাভারথের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুন্যবান॥

Fol. 12 rev.

সকল আপদ খণ্ডে জন্মে দিব্যজ্ঞান।
ব্যাসের রচীত দিব্য ভারথ পুরান॥
কাসিদাস বিরচিত পাচালির মত।
আশ্রমিকপর্ব্ব কথা হইল সমাপ্ত॥

Colophon:

সিবনাথ মজমুদার সাকীম সাওতা পরগনে কোতবপুর। মৌজে সাওতার মধ্যে আমার কিসমত পটীজাম্বকীপুর॥ মোজাহামের গোমস্তা।

4048. মহাভারত—শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀNTIPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 2-8, marked by two sets of figures. Lines, 10-11 on a page. Date, 1209 B.S. (1802 A.D.). Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 obv.

ভিস্মকে প্রনাম করে ধর্ম্মের নন্দন।
জোড় হাত করি বোলে করিঞা ক্রন্দন॥
কেবল সে শিশুকালে পিতা পরলোকে।
কোলে করি পিতামহ পালিলেক মোকে॥

Fol. 5 obv.

গন্ধর্ব্ব বোলেন্ত তুমি স্থন মহারাজ।
হরির বাসর সার সংসারের মাঝ॥
সজল উপবাস পারনা ভিন্ন ফল।
অজ্ঞানে জ্ঞানে ফল কহিল সকল॥

Fol. 7 rev.

বোহক ইহার নাম স্থনহ দ্বিজবর।
অতিথে না দিল মিষ্ট খাইল বিস্তর॥
এ পাপে বোহক নাম থাকীল ধরনি।
পর্য্যোসিত নাম ইহার স্থন দ্বিজমুনি॥

Colophon:

ইতি শ্রীব্যাগ ভারথে পঞ্চানিক প্রবন্ধে। ইতি সান্তিপর্ব্ব সমাপ্ত। সন ১২০৯ সাল তারিথ ৬ আশ্বীন লিখিতং শ্রীব্রজনাথ মিত্রস্ত মোকাম.....। পরগনে কাশীপুর ইতি সোমবার পচ্ছিম দুয়ারি ঘরে সমাপ্ত। ইতি সন বারস নয় সাল তারিখ ৬ আশ্বীন শ্রীব্রজনাথ মিত্র লিখিত।

4070. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KAŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″ × 4¾″. Folia, 1-64, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীকৃষ্ণায় নম।
অথ বিরাটপর্ব্ব লিখ্যতে॥

বিরাটপর্ব্ব অধ্যায়ন স্থন সর্জ্জন।
যুধিষ্টির অজ্ঞাতবাস মুক্তির কারন॥
স্থনিলে কলুসনাস সর্ব্ব পুণ্য হবে।
দমন দমন করি সুখ স্বর্গ পাবে॥

Fol. 44 rev.

রাজা দারা ত্যাগ কৈল বাপের কারনে।
পিতামহ সম বির নাহি ত্রিভুবনে॥
মহাভারথের কথা অমৃত সমান।
কাসিদাস কহে সদা সাধু করে পান॥

Fol. 64 rev.

জত জত আসীর্ব্বাদ ছালেন নৃপবর।
বিদায় করিঞা সভে গেলা নিজ ঘর॥
পুণ্যকথা ভারথের স্থনে পুণ্যবান।
ত্রিথিবিতে নাহি সুখ ইহার সমান॥

4090. মহাভারত—বিরাটপর্ব্ব।

MAHĀBHĀRATA—BIRĀṬAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{2}'' \times 4\frac{1}{4}''$. Folia, 1-16, 19-88. Lines, 10 on a page. Date, 1273 B. S. (1866 A. D.). Handwriting fair. Mouse-eaten in parts. Incomplete. Place of find, Bankura.

Beg.

৺৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ চরণে শরনং। নারায়ণং নমস্কৃত্যং ইত্যাদি। অথ বিরাটপর্ব্ব লিখ্যতে॥

জন্মেজয় বলে কহ শুনি তপোধন।
দুর্য্যোধন ভএ পূর্ব্বে পিতামহগন॥
বিরাট নগর মধ্যে রহিলা অজ্ঞাতে।
এক সম্বৎসর রহিলেন কোন মতে॥

Fol. 44 rev. and 45 obv.

কিছুমাত্র কহি আমি রচিআ পয়ার।
অবহেলে শুনে জেন সকল সংশার॥
মস্তকে বন্দিয়া ব্রাহ্মনের পদরজ।
কহে কাশীদাস গদাধর দাসাগ্রজ॥

Fol. 88 rev.

ভিমসেন সঙ্গে জদি থাকিত তাহার।
আজিকার মধ্যে হৈত সভার সংহার॥
নির্দ্দয় নিষ্ঠুর বড় কঠিন হৃদয়।
পালাইয়া গেলে গোড়াইয়া প্রাণ লয়॥

4097. মহাভারত—অশ্বমেধপর্ব্ব।

MAHĀBHĀRATA—AŚVAMEDHAPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, $13\frac{1}{4}'' \times 5''$. Folia, 2-100, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1253 B. S. (1846 A. D.). Handwriting, good. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 obv.

.....জন্মেজয়।
সর্ব্ব লোক দেখি সঙ্গে না দেখি গোপাল॥
তাই সব বলে চিন্তা না করিহ তুমি।
স্মরন করিলে কৃষ্ণ আসিব এখনি॥

Fol. 40 obv.

অশ্বমেধ জজ্ঞ কথা শুন জন্মেজয়।
তদ্রাবতি পুরে গেলা পাণ্ডবের হয়॥
বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
কাসি কহে শুনিলে তরিএ ভববারি॥

Fol. 100 obv.

বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
শুনিলে অধর্ম্ম খণ্ডে পরলোকে তরি॥
শুন শুন অরে ভাই হঞা একমোন।
কাসিরাম দাস কহে ভারথ কথন॥

Colophon:

ইতি অশ্বমেধপর্ব্ব সমাপ্ত॥ লিখিতং শ্রীরাম লোচন কর সাকীম করড়া পাঠক শ্রীদ্বারকানাথ ব্রজ সাকীম ধানসা সন ১২৫৩ সাল মাহ মাঘ তারিখ ১৯ রোজ রবিবার ইত্যাদি—

4098. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made yellow paper; size, 14½″ × 5″. Folia, 1-229, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য গনেসায় নমঃ ইত্যাদি

অখণ্ডিত তেজপুঞ্জ মণ্ডল যাকার।
চরাচর ব্যাপ্ত তুল্য বিখ্যাত সংসার॥
অজ্ঞান তিমিরে রুদ্ধ নয়ান জুগল।
জ্ঞান যঞ্জন দিয়া কৈল সভির নির্ম্মল॥

Fol. 42 obv.

সভা করহ মন্ত্রিগণ ইহার কারন।
কহিতে লাগিল তবে কথা পুরাতন॥
মহাভারথের কথা অমৃত সমান।
কাসিরাম দাস কহে সাধু সদা করে পান॥

Fol. 229 rev.

ইন্দ্রপ্রস্থে গেলা ভদ্রা লইয়া সংহতি।
দেখিয়া সকল লোক যানন্দিত মতি॥
যুধিষ্টির পায়ে গিয়া প্রণাম করিল।
সিরে চুম্ব ধর্ম্মরাজ যালিঙ্গন দিল॥

4099. মহাভারত—গদাপর্ব্ব।

MAHĀBHĀRATA—GADĀPARVA.

BY

KĀŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14½″ × 5″. Folia, 1-11. Lines, 11 on a page. Handwriting, good. Complete. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ। গদাপর্ব্ব লিক্ষতে।

কহে পরিক্ষিত সুত শুনিলাম অদভূত
ভারথের সমর প্রবন্ধ।
নাহি হবে নাহি হয় জেন মহাপ্রলয়
শ্রবনে যুচএ মন ধন্ধ।

Fol. 9 rev.

প্রত্যেক্ষে বলিআ সুস্থির করিয়া
গেলা অন্তপুর।
তবে কুরুপতি স্থির হৈল মতি
হানি গেলা অন্তান্তর॥
শ্রীমহাভারথ জেন সুধাবত
পিয় মনের হরিষে।
ব্যাস মুখারুন্দে কবিতা প্রবন্ধে
বিরচিলা কাশিদাসে॥

Fol. 11 rev.

এত শুনি অশ্বথমা করএ গর্জ্জন।
শুন কুরুপতি কিছু মোর নিবেদন॥
গদাপর্ব্ব সাঙ্গ এই দুর্য্যোধন বধে।
কাসিরাম দাস কহে গোবিন্দের পদে॥

4100. মহাভারত—উদ্যোগপর্ব্ব।

MAHĀBHĀRATA—UDYOGAPARVA.

BY

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 14″×5″. Folia, 10-12, 15-17, 20-30, 32, 40. Lines, 12 on a page. Handwriting, good. Incomplete. Place of find, Bankura.

Fol. 10 obv.

.....শ্বর হব মহা তেজময়।
সত অশ্বমেধ যজ্ঞ করিব লিলায়॥
ব্রাহ্মনে অনেক দান দিব অপ্রামত।
আর কহি শুন মাতা শাস্ত্রের বিহিত॥

Fol. 20 obv.

জয় প্রভু নিলগ্রিব নিলকণ্ঠধারি।
নমো প্রভু * রূপ দারু রূপ হরি॥
দারু রূপে পুর্ণব্রহ্ম লিলাচলে বাস।
তাহাঁর চরণ চিন্তী কহে কাসিদাস॥

Fol. 40 rev.

খণ্ডিতে না পারি আমি ধর্ম্মের উত্তর।
তে কারণে হস্তিনাতে কৈনু আগুসার॥
এতবলি ক্রোধ সামা হৈলা নারায়ন।
বিদুর পাইল পুত আনন্দিত মন॥

4101. মহাভারত—আদিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ĀDIPARVA.

BY

KAŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″×4½″. Folia, 4-134, 136-214, 216-256, 258-267, 270-278, 281, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1216 B. S. (1809 A. D.). Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 4 obv.

প্রমদ্বরা ভার্য্যা তার পরম সুন্দরি।
গর্ভে জন্ম হলা জার মেনকা উদ্দরি॥
কতক্ষনে মৈল কন্যা সর্পের দংসনে।
দেখি সোকাকুল হইল জত বন্ধু গনে॥

Fol. 158 obv.

কে তুমি কাহার কোন্যা কহ সসিমুখি।
কি হেতু পর্ব্বত মধ্যে আছহ একাকি॥
চাতকের প্রায় মোর কর্হ করে আসা।
ত্রিপ্ত কর কন মোর কহি এক ভাসা॥

End:

প্রিথিবি দুল্লভ এই ভারথ পুরান।
ব্যাস বিরচিলা জবে করিবারে ত্রান॥
আদিপর্ব্ব ভারথের রপুর্ব্ব কথন।
তদন্তরে সভাপর্ব্ব কোহিব এখন॥

Colophon:

ইত্যাদিপর্ব্ব সমাপ্ত॥ লিখিতং শ্রীবনমালি দাস বোস্থ সা° বোড় পাঠনার্থে শ্রীসোরপচন্দ্র দাস বোস্থ ইতি সন ১২১৬ বারবস্থ পনের যাল তারিখ ৩ ফাগুনে বেলা শুক্রবারে বেলা ২৯ আড়াই প্রহরের মোদ্যে শ্রীযুত সার্থক রাম বেনের

নৌতন বাধুনের ঘরজাতে.....হইল। ইতি যথাদৃষ্ট ইত্যাদি এই পুস্তক শ্রীমথুর সরদার খরিদ করিলেন। সাং আগৈবনি পরগনে বগড়িহি তরফ আগরা সরকার গোওালপাড়া ইতি সন ১২৩১ বারসর্ত্ত একুত্রিস সাল এই লেকের পাস খোরিদ কোরিলেক শ্রীগোপাল নাই সাং বাকাদহ।

4102. মহাভারত—কর্ণপর্ব্ব।

MAHĀBHĀRATA—KARṆAPARVA.

BY

KAŚIRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13″×4½″. Folia, 1-37, 39-46, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1230 B. S. (1823 A. D.). Hadwriting fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীকৃষ্ণচন্দ্র। মামেসেতং ইত্যাদি

জন্মেজয় বলে শুনি কহ তপোধন।
অতপর কি করিল পিতামহগন॥
মহাবির দ্রোনাচার্য্য পড়িল সমরে।
তবে আর সেনাপতি করিব কাহারে॥

Fol. 31 obv.

একমন হইয়া ইহা জেই জন শুনে।
অসেষ পাতক হইতে হয় বিমোচনে॥
ধর্ম্ম অর্থ কাম মোক্ষ লভে নিরাপদে।
কাসি কহে কর্ণ পর্ব্ব দুঃশাসন বধে॥*

End:

বিজয় পাণ্ডব নাম পুণ্য কথা অনুপাম
কাসি কহে পাঁচা.....।
শুনি পায় চতুর্ব্বর্গ এতদুরে কর্ণপর্ব্ব
সুধাসম হইল সমাপ্ত॥

Colophon:

ইতি শ্রীমহাভারথ কর্ণপর্ব্ব সংপুর্ন। যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীলাল মোহন রায় সাং বাকাদহ পঠনার্থে শ্রীরামতনু সেন সন ১২৩০ সাল

4103. মহাভারত—শল্যপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚALYAPARVA.

BY

KAŚIRĀM DASA.

Substance, country-made paper; size, 14½″×5″. Folia, 1-16, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

৭ শ্রীশ্রীহরি অথ সৈলপর্ব্ব লিক্ষতে॥

জন্মেজয় রাজা বলে শুন তপোধন।
অর্জ্জুন সমান বির নাই ত্রিভুবন॥
কর্ণ হেন ক্ষেত্রি পড়িল জার রনে।
অর্জ্জুন সমান বির নাই ত্রিভুবনে॥

Fol. 9 obv.

হেন গদা নিল হাথে বির বৃকোদর।
সৈল মারিবারে বির চলিল সত্তর॥
দণ্ড হাথে জম,জেন শংশার শংহারে।
শৈল্যের রথের ঘোড়া মারিল সত্তরে॥

Fol. 16 rev.

এতেক শুনিঞা রা(জা) বিশাদ ভেজিল।
যুদ্ধ হেতু সেনাগনে আদেস করিল॥
অবশেস সৈন্যগন জতেক আছিল।
যুদ্ধ করি সর্ব্বজন সংগ্রামে পড়িল॥

4104. মহাভারত—অনুসাসিক ও ঊনশান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ANUSĀSIKA AND ŪNAŚĀNTIPARVA.

BY

KĀSĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½″×4½″. Folia, 2-47, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1233 B. S. (1826 A. D.). Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 obv.

.....নরোপতি।
নানাকথা কহে সব মুনির সংহতি॥
শোকাকুল যুধিষ্ঠীর স্থির নহে মন।
নিবেদিয়া সব দুঃখ করেন রোদন॥

Fol. 28 rev.

বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
কাহার শকতি তাহা বর্ণীবারে পারি॥
শুনহ ভারথ কথা হয়া এক মন।
কাসিরাম দাস কহে ব্যাসের বচন॥

End:

রাত্রিকালে পড়ে যেবা শুদ্ধ এ দিনেতে।
যখন তখন পড়ে কৃষ্ণ তুষ্ট তাঁতে॥
হরির চরনে ভক্তি করি নমস্কারে।
লিখিতং শ্রীলক্ষিকান্ত মুখজ্জা ঠাকুরে॥

Colophon:

সম্বাক্ষর শ্রীগোউর মোহন দাস মিত্র সা° আশীন কোটা প° বিষ্ণুপুর তরফ বৃকীতন সোধিবার বরাত সা° বাকাদহর মো° রামডিহাতে লেখা গেল ইতি সন ১২০৩ সাল তারিখ ১২ জেষ্ঠ রোজ বুধবার তিথি ত্রিতিয়া কৃষ্ণপক্ষ বেলা আন্দাজী দুই পহরের উঁকে লেখা সমাধান ইতলদি—

1334. মহাভারত—শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀNTIPARVA.

BY

NITYĀNANDA GHOṢA.

Substance, country-made paper; size, 13″×4½″. Folia, 11, 13, 14-36, 156-176, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, good. Incomplete. Place of find, Bankura.

Fol. 11 obv.

দস পাঁচ তপা হৈলে এক পরগনা।
থাকিবেক নৃপসুত তাহে দিয়া থানা॥
বাহত্তরি পরগনাতে এক সরকার।
কহিল তোমাতে আসি সাঙ্গের বিচার॥

Fol. 27 obv.

বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
শুনিলে অধর্ম্ম খণ্ডে পরলোকে তরি॥
শুন ২ অরে ভাই হৈয়া একমন।
নিত্যানন্দ ঘোস কহে ভারথ কথন॥

Fol. 176 rev.

বাসুকি কুণ্ডল লৈয়া গেলা নিজপুরে।
এথা সে উতঙ্ক মুনি আইলা সত্বরে॥
বৃক্ষপরে কুণ্ডল মুনি দেখিতে না পাইল।
উতঙ্কের মনে বড় ভয় উপজিল॥

1354. মহাভারত।

MAHĀBHĀRATA.

BY

NITYĀNANDA GHOṢA.

Substance, country-made paper; size, 13½" × 4½". Folia, 13-61, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 13 obv.

মৃগ অন্বেষনে ভ্রমিলাম বনান্তর।
কোথাহ না পাইল মৃগ শুন মুনিবর॥
বসিষ্টের তপবন গেলাম দিবা সেষে।
রাত্রি কাটিল তার প্রেবেষিয়া বাসে॥

Fol. 55 obv.

চৈত্র মাস আদি করি আসাড় স্রাবন।
ইহাতে সুর্য্যের হয় অধিক কিরণ॥
ত্রিস্কা তুর হইয়া লোক করে জলপান।
কি কহিব ফল তার শুন মতিমান॥

Fol. 61 rev.

তোমার সুন্দর মুখ পদ্মের সমান।
তাহে মধু স্রবে না জায় সংস্থান॥
পান করি তেস্কা তুর না হয় আমার।
কহ মহামুনি তুমি করিএ বিস্তার॥

1364. মহাভারত—বৃহদ্ শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—BRHAD ŚĀNTI-PARVA.

BY

NITYĀNANDA GHOṢA.

(Sometimes with Bhaṇitās of)

KĀŚĪRĀM DĀSA.

Substance, country-made paper; size, 13½" × 5"; Folia, 1-62, 65-67, 71, 73, 74, 76-249. Lines 9 on a page. Handwriting, good, worm-eaten and much injured. Incomplete. Place of find, Bankura.

N.B.—Bhaṇitās of Nityānanda Ghoṣa, folia, 9 rev., 11 rev., 23 rev., 33 rev., 44 rev., 114 rev., 171 obv., 207 obv.

Bhaṇitās of Kāśīrām Dāsa, folia, 100 obv., 130 rev., 144 rev., 152 obv., 158 rev., 182 obv., 189 rev., 198 obv., 211 obv., 215 obv., 219 obv., 226 obv.

Beg.

৺ শ্রীশ্রীরাধাকৃষ্ণ চরন স্মরায়॥ বৃহৎ শান্তিপর্ব্ব।
ব্যাস বেদ শাস্ত্র পরিনিষ্টিত ইত্যাদি—

বৈসম্পায়ন বলেন শুন জন্মেজয়।
রাজা হৈলা যুধিষ্ঠির রণের বিজয়॥
যুদ্ধ বিবরন কথা কহিল তোমারে।
আর কি কহিব রাজা বল আমারে॥

Fol. 44 obv. and rev.

বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
শুনিলে অবশ্য যাএ পরলোকে তরি॥
শুন শুন ওরে ভাই হয়া একমন।
নিত্যানন্দ ঘোস কহে ভারথ কথন॥

Fol. 219 obv.

এত মুনি কহিতে লাগিলা মতিমানে।
প্রীথিবির যত তির্থ করিলা ভ্রমনে॥
মহাভারথের কথা অমৃত সমান।
কাসিরাম দাস কহে শুনে পুণ্যবান॥

1410. মহাভারত—শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀNTIPARVA.

BY

NITYĀNANDA GHOṢA.

Substance, country-made paper; size, 13" × 4½". Folia, 28-62, marked by two sets of figures. Lines, 9 on a page. Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 28 obv.

রাত্রি প্রভাত হৈল প্রভুস বিহানে।
সিকাতে বান্ধিল তারে পরম জতনে॥
হরসিত হয়া বিপ্র করিল গমন।
এই বক মাংস আমি করিব ভক্ষন॥

Fol. 48 rev. and 49 obv.

বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
শুনিলে অধর্ম্ম খণ্ডে পরলোকে তরি॥
শুন ২ আরে ভাই হয়া একমন।
নিত্যানন্দ ঘোস কহে ভারথ কথন॥

Fol. 62 rev.

তোমা সম্ভাসনে আইল বিপ্র তিনজন।
তুমি বাদে নাহি তারা করিলা গমন॥
অনেক আদর আমি কৈনু তিনজনে।
তোমরা অতিথি থাক মোর নিকেতনে॥

1510. মহাভারত—শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀNTIPARVA.

BY

NITYĀNANDA GHOṢA.

Substance, country-made paper; size, 13" × 4½". Folia, 1-38, marked by two sets of figures. Lines, 9 on a page. Date, 1204 B. S. (1797 A.D.). (Found in the folium 1 obv.) Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Beg.

৭শ্রীশ্রীকৃষ্ণ। নারায়ণং নমস্কৃত্যং ইত্যাদি—
অথো সান্তিপর্ব্ব লিক্ষাতে॥

বৈসম্পায়ন বলে শুন জন্মেজয়।
ভারথ প্রসঙ্গ কথা কহ মহাসয়॥
শুন ২ অরে ভাই হয়া একমন।
রাজা হইলা যুধিষ্টির ধর্ম্মের নন্দন॥

Fol. 28 obv.

বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
শুনিলে অধর্ম্ম খণ্ডে পরলোকে তরি॥
শুন ২ অরে ভাই হয়া একমন।
নিত্যানন্দ ঘোস কহে ভারথ কথন॥

Fol. 38 rev.

মৎস মাংস তুমি কেন না কর ভক্ষন।
ফল মুল খাও তুমি কীসের কারন॥
সঙ্গ ছাড়ি একলা থাকহ নানা স্থানে।
তোমা দেখি বিস্ময় হইল মোর মনে॥

1519. মহাভারত—শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀNTIPARVA.

BY

NITYĀNANDA GHOṢA.

Substance, country-made paper; size, 14″ × 5″. Folia, 48-69. Lines, 9-10 on a page. Date, 1206 B. S. (1799 A. D.). (Found in folium no. 52 obv.) Handwriting, fair. Incomplete. Place of find, Bankura.

Fol. 48 obv.

৭শ্রীশ্রীকৃষ্ণ

ইন্দ্র চন্দ্র কুবের যার বন্ধন কীঙ্কর।
ধর্ম্ম কথা শুনে সব পক্ষির গোচর॥
জ্ঞান কথা ব্রহ্মাকে কহে নিতি।
নাড়িজঙ্ঘ নামে তেই বক মহামতি॥

Fol. 61 obv.

নিজ পুরি রাজা প্রবেসিলা নিসার্থকে।
বঞ্চিলেন বিভাবরি পরম কৌতুকে॥
বিজয় পাণ্ডব কথা অমৃত সমান।
নিত্যানন্দ ঘোস কহে ভারথ কথন॥

Fol. 69 rev.

মতঙ্গ মাগিয়া ভিক্ষা আনয়ে নগরে।
কথোদিন গুরুবাকা অন্যথা না করে॥
দুইটী গন্ধর্ব্ব আছে মনির নগরে।
তাকে লয়্যা মতঙ্গ গেলা কৃষ্ণ আনিবারে॥

1529. মহাভারত—অশ্বমেধপর্ব্ব।

MAHĀBHĀRATA—AŚVAMEDHA-PARVA.

BY

NITYĀNANDA GHOṢA.

Substance, country-made paper; size, 13½″ × 5″. Folia, 80-129. Lines, 10 on a page. Date, 1181 B. S. (1774 A. D.). Handwriting fair. Incomplete. Place of find, Bankura.

N.B.—Bhaṇitā of Kāśīrām Dāsa in Fol. 124 obv.

Fol. 80 obv.

মহাকোপ উপজিল বভ্রুবাহ চিত্তে।
সম্মুখে দাণ্ডাঞ্যা বির কহে জোড় হাথে॥
শুন মহাবির তুমি কহিলে বিস্তর।
শুনিবারে মন্দ কিন্তু ধর্ম্মেতে গোচর॥

Fol. 92 rev.

বিজয় পাণ্ডব কথা অমৃত লহরি।
শুনিলে অধর্ম্ম খণ্ডে পরলোকে তরি॥
শুন২ হরে ভাই হয়্যা একমন।
নিত্যানন্দ ঘোষ কহে ভারথ কথন॥

Fol. 129 rev.

পুন্য কথা ভারথে শুনিলে পবিত্র।
অশ্বমেধ সঙ্গ নিত্যানন্দ ঘোষ বিরচিত॥
এই কথা যেইজন এক চিত্তে শুনে।
সর্ব্ব সিদ্ধ হয় তার ব্যাসের বচনে॥

Colophon:

ইতি অশ্বমেধ সমাপ্ত॥ অথাদৃষ্টমিত্যাদি এপুস্তক শ্রী জয়দেব মাজির এপুথি জে হরিবেক সে সাপুড়্যা হইবেক। সন ১১৮১ সালের আষেরি। ইহা জাতো করিলাম যামি সাপুড়্যা হই মাহে ২ পৌষ।

1708. মহাভারত—শান্তিপর্ব্ব।

MAHĀBHĀRATA—ŚĀNTIPARVA.

BY

NITYĀNANDA GHOṢA.

